আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

নিউইয়র্কে হেট ক্রাইম বাড়ছে

বাংলা পত্রিকা ডেস্কঃ হেট ক্রাইমস বাড়ছে নিউইয়র্কে। ইসরায়েল-হামাস যুদ্ধের পরিপ্রেক্ষিতে হঠাৎই সিটিতে এই ধরনের প্রতিহিংসামূলক অপরাধ প্রবনতা বাড়ার কথা জানিয়েছে **(বাকি অংশ ১৮ পাতায়)**

২৮ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ || সংখ্যা ০৫ || সোমবার || কার্তিক ১৪ || ১৪৩০ || রবিউস সানি ১৫ || ১৪৪৫ || Vol. 28 || Issue 05 || October 30 || 2023 || USA. **FREE** in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

গাজায় স্থল অভিযান ইসরাইলের ইন্টারনেট ব্ল্যাকআউট



ঢাকা ডেস্কঃ গাজার মুল ভুখণ্ডে ঢুকে পড়েছে ইসরাইলি পদাতিক বাহিনী। সাধারণ মানুষের ওপর চড়াও হয়ে তাদের গাজার দক্ষিণ দিকে সরে যেতে বাধ্য করা হচ্ছে। ঠিক কত সংখ্যক সেনা পাঠানো হয়েছে গাজা অভিযানে তা নিশ্চিত হওয়া যায়নি। তবে ইসরাইলের সামরিক প্রধানের মুখপাত্র বলছেন, গাজায় তারা হামলা জোরদার করছেন। আর পরিকল্পনা মাফিক যুদ্ধ এগিয়ে নিচ্ছেন। ইসরাইলি সামরিক বাহিনীর প্রকাশিত ভিডিও চিত্রে দেখা গেছে সীমান্ত থেকে ঢুকে পড়ার পর গাজার উত্তরাঞ্চলের অন্তত তিনটি স্পটে পদাতিক বাহিনী অভিযান অব্যহত রেখেছে। ফোন ও ইন্টারনেট সেবা প্রাথমিকভাবে বন্ধ করে দেওয়া হলেও পরে তা চালু করা হয়। ফিলিস্তিন মনে করছে, ইসরায়লের পক্ষ থেকে প্রথমে এই সেবা বন্ধ করে ফের চালু করা হয়েছে। ইন্টারনেট ব্যাক আউট নিয়ে কোনো মন্তব্য করতে রাজি হয়নি ইসরায়েল। তবে হামাস দাবি **(বাকি অংশ ১৮ পাতায়)**

হরতাল-অবরোধ, দমন পীড়ণে অশান্ত ঢাকা

ঢাকা ডেস্কঃ রাজনৈতিক অস্থিরতায় অশান্ত হয়ে উঠেছে ঢাকা। ধীরে ধীরে তা গোটা দেশে ছড়িয়ে পড়েছে। ২৮ অক্টোবর প্রধান দুই রাজনৈতিক দল বিএনপি ও আওয়ামী লীগের পাল্টাপাল্টি কর্মসূচি, জামায়াতে ইসলামির সমাবেশ সহিংসতায় রূপ নিতে সময় নেয়নি। যা পরে হত্যা ধরপাকড় দিয়ে শেষ হয়। যার জের ধরে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ২৯ অক্টোবর দেশব্যাপী সকাল সন্ধ্যা হরতালের ঘোষণা দেন। আর হরতালের দিনেই মির্জা ফখরুলকে প্রথমে **(বাকি অংশ ১৮ পাতায়)**

গ্রেফতার হয়ে কারাগারে মির্জা ফখরুল



রাজধানীর রমনা থানার নাশকতার মামলায় গ্রেপ্তার বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। রোববার (২৯ অক্টোবর) **(বাকি অংশ ১৮ পাতায়)**

নিউইয়র্কে মজুরি চুরি: বছরে ৩.২ বিলিয়ন ডলারের প্রতারণা মালিকদের

ঢাকা ডেস্কঃ ন্যুনতম মজুরি কথায় আছে, কাজে নেই। নিউইয়র্কে ১৫ ডলার ন্যুনতম মজুরি হলেও টিপড কর্মীরা তা কখনোই পায় না। হোটেল রেস্টুরেন্টের কর্মীরা এর বড় শিকার। প্যানডেমিক **(বাকি অংশ ১৮ পাতায়**

সিয়েনা জরিপ: নিউইয়র্কে বাইডেন সমর্থন সর্বনিম্নে

ঢাকা ডেস্কঃ প্রেসিডেন্ট জো বাইডেনের প্রতি নিউইয়র্কারদের সমর্থন রেটিং ক্রমেই নিম্নগামী ছিলো। এখন তা ঋণাত্মকে নেমেছে। সিয়েনা কলেজ জরিপের সবশেষ তথ্য প্রকাশ করা হয়েছে মঙ্গলবার। যাতে দেখা গেছে বাইডেনের প্রতি নিউইয়র্কারদের সমর্থন হার **(বাকি অংশ ২০ পাতায়)**

নিউইয়র্কের সাবওয়ে সহিংসতা বেড়েছে

ঢাকা ডেস্কঃ ২.৯০ ডলার দিয়ে সাবওয়ে টিকেট না কিনে কিয়ারা স্টুয়ার্ট এখন একটু বেশি খরচ করে উবার কিংবা লিফট নিতেই সাচ্ছন্দ্য বোধ করেন। একটাই কারণ এতে নিরাপদ বোধ **(বাকি অংশ ২০ পাতায়)**



প্রেসিডেন্ট নির্বাচন প্রার্থিতা প্রত্যাহার মাইক পেন্সের

ঢাকা ডেস্কঃ যুক্তরাষ্ট্রে ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনের প্রার্থী হওয়ার লড়াই থেকে নিজের নাম প্রত্যাহার করে নিয়েছেন দেশটির সাবেক ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্স। **(বাকি অংশ ১৮ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem

WIN ZONE REALTY INC
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-899-7000
F: 718-899-2000
khanf04@yahoo.com
Ferdous Khan
Licensed Real Estate Sales Assoricate
Zillow
81-15 Queens Blvd. 2Fl
Elmhurst, NY 11373

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার টাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহ্মদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax - Sales Tax - Payroll - Notary Public - Bookkeeping - Business Formation - Financial Statement - Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com



Southeast USA Group Inc.

OUR SERVICES

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services



(917) 566-1612

Southeast USA Group Inc

Prof. Ehteshamul Haque

Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372

Visit: www.southeastusagroup.com

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
৩-এর পৃষ্ঠা

গাজায় নিহত ছাড়াল ৮ হাজার


ঢাকা ডেস্ক,৩০ অক্টোবর : ফিলিস্তিনের অবরুদ্ধ গাজায় ইসরাইলি বাহিনীর আগ্রাসনে নিহতের সংখ্যা ৮ হাজার ছাড়িয়ে গেছে। নিহতদের মধ্যে অর্ধেকের বেশি নারী ও শিশু। ফিলিস্তিনি স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাত দিয়ে আন্তর্জাতিক গণমাধ্যমগুলো এ খবর দিয়েছে। গত ৭ অক্টোবর থেকে শুরু হওয়া গাজায় ইসরাইলি আগ্রাসন আজ ২৩তম দিনে গড়িয়েছে। ওই দিন ভোরে ফিলিস্তিনের প্রতিরোধ সংগঠন হামাসের যোদ্ধারা ইসরাইলে হামলা চালানোর পর গাজায় আগ্রাসন শুরু করে ইসরাইল। ফিলিস্তিনের স্বাস্থ্য মন্ত্রণালয় ফরাসি বার্তা সংস্থা এএফপিকে জানিয়েছে, গাজায় ইসরাইলি আগ্রাসনে ৮ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন। নিহতদের মধ্যে অর্ধেকের বেশি নারী ও শিশু। এদিকে ইসরাইল জানিয়েছে, হামাসের হামলায় ১ হাজার ৪০০ ইসরাইলি নিহত হয়েছেন। ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু শনিবার রাতে সাংবাদিকদের বলেছেন, আমরা যুদ্ধের দ্বিতীয় পর্যায় শুরু করেছি। এ পর্যায়ে আমাদের লক্ষ্য হলো হামাস ও তাদের সামরিক সক্ষমতা ধ্বংস করা। সেই সঙ্গে জিম্মিদেরকে দেশে ফিরিয়ে আনা।

MIJAN REAL ESTATE LTD.
Reg. No. C-187784
মিজান রিয়েল এস্টেট লিমিটেড
রাজউক অনুমোদিত পূর্বাচল, উত্তরা এবং বসুন্ধরা,ধানমন্ডি, বনানী ও গুলশান সহ ঢাকায় জায়গা, বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন। 917-631-5050
USA Address:
127-14 101 Avenue
Queens, NY 11419

EXIT REALTY PRIME
ThInkIng of BUYING-
SELLING, INVEST, RENT
Houses, Co-op&Condo
Mijanur Rahman (Mijan)
Licensed Real Estate Agent
189-10 Hillside Ave, Suite E, NY 11423
Tel: 718-262-0205, Fax: 718-262-0254
www.EXITprmeNY.com
Mijanur Rahman (Mijan)
Chairman & CEO
917-631-5050
Email: RealtorMijan@gmail.com

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত

MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসটেন্ট
কার্ডিওলজী — তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট
পডিয়াট্রি — ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ
সাইকিয়াট্রিস্ট — সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট
We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
৩০৯৯ স্কোলস্ট্রিজ এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com
৯৩৮৯ ক্যানেলবীন এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com


আপনি আপনার এনার্জি বিলের উপর ছাড় পাওয়ার জন্য যোগ্য হতে পারেন।
আপনি এই সরকারি সহায়তা প্রোগ্রামগুলোর যেকোনো একটি থেকে সুবিধা পেলে আপনার এনার্জি বিলের উপর ছাড় পাওয়ার জন্য যোগ্য হতে পারেন:
- মেডিকেড
- ফেডারেল পাবলিক হাউজিং অ্যাসিস্ট্যান্স
- ভেটেরান্স ডিজাবিলিটি
- VA সারভাইভার্স পেনশন
আবেদন করতে conEd.com/EAP ভিজিট করুন।
conEdison



ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসে ‘শেখ রাসেল দিবস’ পালিত

ওয়াশিংটন, ডিসি: ‘জাতির পিতা’ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের ৬০তম জন্মদিন উপলক্ষে গত ১৮ অক্টোবর, বুধবার ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাসে যথাযোগ্য মর্যাদায় ‘শেখ রাসেল দিবস’ পালন করা হয়। এ উপলক্ষে বঙ্গবন্ধু মিলনায়তনে শহীদ শেখ রাসেলের স্মরণে দূতাবাস বিভিন্ন কর্মসূচির আয়োজন করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছোট ভাই শেখ রাসেল ১৯৬৪ সালের ১৮ অক্টোবর রাজধানীর ধানমন্ডি ৩২ নম্বর রোডের ঐতিহাসিক বঙ্গবন্ধু ভবনে জন্মগ্রহণ করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুলের চতুর্থ শ্রেণির ছাত্র থাকাকালীন ঘাতকেরা বঙ্গবন্ধু ও তার পরিবারের অধিকাংশ সদস্যসহ রাসেলকে নির্মমভাবে হত্যা করে।

দূতাবাসের দিনব্যাপী কর্মসূচির মধ্যে ছিল মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত বাণী পাঠ, শহীদ শেখ রাসেলের জীবনী নিয়ে সেমিনার, শেখ রাসেল ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং শিশু-কিশোরদের মধ্যে কুইজ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান কর্তৃক শহীদ শেখ রাসেল ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে দিনের কর্মসূচি শুরু হয়।

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রদত্ত বাণী পাঠ করেন যথাক্রমে মিনিস্টার (কনস্যুলার) মোহাম্মদ হাবিবুর রহমান ও মিনিস্টার (পলিটিক্যাল) মোঃ রাশেদুজ্জামান। পরে শহীদ শেখ রাসেলের জীবনী নিয়ে একটি থিম সং ও একটি প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়। এরপর দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে “শেখ রাসেল-এর নির্মম হত্যাকান্ড ও মানবাধিকার” শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল বক্তব্য উপস্থাপন করেন কাউন্সেলর (পলিটিক্যাল) আরিফা রহমান রুমা।

রুমা তার মূল বক্তব্যে বলেন, শেখ রাসেল এখন বাঙালী জাতির জন্য সবচেয়ে বেদনাদায়ক ট্র্যাজেডির নাম এবং শেখ রাসেলের হত্যাকান্ড পৃথিবীর সবচেয়ে নির্মম আর ঘৃণ্যতম শিশু হত্যার ঘটনা। ১৫ আগস্টের হত্যাকান্ডকে কারবালার ট্র্যাজেডির সঙ্গে তুলনা করে তিনি বলেন, এই হত্যাকান্ড সদ্য স্বাধীন রাষ্ট্র ও জাতির অগ্রযাত্রাকে চিরতরে নিস্তব্ধ করে দেয়ার ষড়যন্ত্রের বাস্তবায়ন।

মিনিস্টার (প্রেস) এজেডএম সাজ্জাদ হোসেনও সেমিনারের মূল বক্তব্যের উপর আলোচনায় অংশ নেন এবং বলেন, স্বাধীনতা বিরোধী শক্তি ১৫ আগস্ট কালো রাতে বঙ্গবন্ধু ও ১০ বছর বয়সী শেখ রাসেলসহ শিশু এবং অন্তঃসত্ত্বা নারীকে হত্যা করে মানবতার বিরুদ্ধে অপরাধ সংঘটিত করেছে।

রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান সেমিনারে তার সমাপনী বক্তব্যে শহীদ শেখ রাসেল এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ আগস্টের হত্যাকান্ডের অন্যান্য শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

রাষ্ট্রদূত তার বক্তৃতায় শহীদ শেখ রাসেলের অনন্য গুণাবলী তুলে ধরেন এবং বলেন ১৯৭৫ সালের ১৫ আগস্ট কালো রাতে বঙ্গবন্ধু ও শিশু শেখ রাসেলসহ তার পরিবারের অন্যান্য সদস্যদের নৃশংসভাবে হত্যার ঘটনা বিশ্বের ইতিহাসে মানবাধিকারের চরমতম লঙ্ঘন। তিনি বলেন এই বর্বরোচিত হত্যাকান্ডের মাধ্যমে জাতিসংঘের সার্বজনীন মানবাধিকার ঘোষণাপত্র এবং জাতিসংঘ শিশু অধিকার সনদ চরমভাবে লঙ্ঘিত হয়েছে।

বিকেলে শিশুদের অংশগ্রহণে এক চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। দিবসটি উপলক্ষে পরে শিশুদের উপস্থিতিতে কেক কাটা হয় এবং শহীদ শেখ রাসেল ও ১৫ আগস্টের অন্যান্য শহীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। রাষ্ট্রদূত ইমরান কর্তৃক চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণের মাধ্যমে দিনের অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

দুই পর্বের এই অনুষ্ঠান পরিচালনা করেন কাউন্সেলর ও দূতালয় প্রধান মোহাম্মদ মনিরুজ্জামান এবং প্রথম সচিব (ভিসা ও পাসপোর্ট উইং) মুহাম্মদ আবদুল হাই মিল্টন। -প্রেস বিজ্ঞপ্তি।

নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেট জেনারেলে শেখ রাসেল দিবস উদযাপন

নিউইয়র্ক: বাংলাদেশ কনস্যুলেট জেনারেল গত ১৮ অক্টোবর বুধবার যথাযোগ্য মর্যাদায় ‘জাতির পিতা’ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর ৬০তম জন্মদিন ও শেখ রাসেল দিবস উদযাপন করে। দিবসটি উপলক্ষে সন্ধ্যায় একটি সেমিনারের আয়োজন করা হয়। মেয়র অফিসের আন্তর্জাতিক বিষয়ক কমিশনার এডয়ার্ড মার্মেলস্টেইন, কলাম্বিয়া ইউনিভারসিটির অধ্যাপক মাইকেল স্টেকলারসহ বিদেশী অতিথিবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাগণ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সামাজিক ও সাস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ এবং বাংলাদেশ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ ও মিডিয়া ব্যক্তিবর্গ এ সেমিনারে উপস্থিত ছিলেন।

কনসাল জেনারেল মোঃ নাজমুল হুদা উপস্থিত সকলকে নিয়ে শহীদ শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু করেন। এ দিবস উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী পাঠ করে শোনানো হয়।



অনুষ্ঠানে শেখ রাসেল দিবস উপলক্ষে নির্মিত একটি থিম সং ও একটি প্রামান্যচিত্র প্রদর্শন করা হয়। শহীদ শেখ রাসেল, জাতির পিতা ও তাঁর পরিবারের অন্যান্য শহীদ সদস্যসহ সকল শহীদ বীর মুক্তিযোদ্ধাদের আত্মার মাগফেরাত কামনা করে এবং দেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধির জন্য বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

কনসাল জেনারেল সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। শহীদ শেখ রাসেল এর জীবন সম্বন্ধে আলোচনাকালে কনসাল জেনারেল উল্লেখ করেন যে, বঙ্গবন্ধু দীর্ঘ সময় কারাগারে বন্দী থাকায় শিশু রাসেল পিতার আদর যত্ন ও সান্নিধ্য থেকে বঞ্চিত হয়েছেন। শিশু বয়সে তার মধ্যে বিভিন্ন মানবিক গুণাবলীর উন্মেষ ঘটে। ১৯৭৫ সালের ১৫ আগস্ট কালোরাতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর পরিবারের অনেক সদস্যসহ শহীদ হন। ছোট্ট শিশু শেখ রাসেলও সেদিন রেহাই পায়নি। শিশু-কিশোরদেরকে পৃথিবীর আশা ও ভবিষ্যৎ হিসাবে আখ্যায়িত করে তিনি নতুন প্রজন্মকে বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতিকে আরো গভীরভাবে জানতে উৎসাহিত করেন। শেখ রাসেলের জন্মদিনে কনসাল জেনারেল মোঃ নাজমুল হুদা শোককে শক্তিতে পরিনত করে বাংলাদেশ তথা সারা বিশ্বের শিশুর জন্য সুস্থ্য, সুন্দর পৃথিবী গড়ার অঙ্গীকার ব্যক্ত করেন।

সেমিনারে আলোচনাকালে উপস্থিত সুধীবৃন্দ শেখ রাসেলের ছোট্ট অথচ তাৎপর্যপূর্ণ এবং ঘটনাবহুল জীবনের নানাদিকের উপর আলোকপাত করেন। ১৯৭৫ সালের ১৫ই আগষ্টের কালোরাতে কিভাবে মানবতা, মানবাধিকার এবং সভ্যতার অপমৃত্যু ঘটেছিল তা উল্লেখ করেন। জাতির স্মৃতিতে শেখ রাসেল চিরজীবন একজন নিষ্পাপ শিশু এবং সদ্য প্রস্ফুটিত ফুলের প্রতিচ্ছবি হিসেবে অমর হয়ে থাকবেন বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন। অনুষ্ঠানে উপস্থিত বীর মুক্তিযোদ্ধাগণ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সামাজিক ও সাস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ এবং বাংলাদেশ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ শহীদ শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে স্মৃতিচারণমূলক বক্তব্য প্রদান করেন।

‘জাতির পিতা’ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর পরিবারের অন্যান্য শহীদ সদস্য ও শহীদ বীর মুক্তিযোদ্ধাদের আত্মার মাগফেরাত কামনা করে এবং দেশের অব্যাহত নিরাপত্তা, শান্তি ও সমৃদ্ধির জন্য বিশেষ দোয়া ও মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।-প্রেস বিজ্ঞপ্তি।



বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

সংঘাত দীর্ঘায়িত করিবেন না

শনিবার (২৮ অক্টোবর) 'সমাবেশের নগরী' ঢাকা শেষ পর্যন্ত যেইভাবে 'সংঘাতের নগরী' হইয়া উঠিল, উহাতে হতাশ না হইয়া উপায় নাই। দিনটি লইয়া পক্ষকাল ধরিয়া ক্ষমতাসীন ও বিরোধী দলের পরস্পরবিরোধী বক্তব্যে উত্তেজনার আঁচ পাওয়া যাইতেছিল, শুক্রবার উহা যেন ফুৎকারে নিভিয়া গিয়াছিল। আওয়ামী লীগ ও বিএনপি তো বটেই, নিবন্ধন হারানো রাজনৈতিক দল জামায়াতে ইসলামীও প্রার্থিত স্থানেই জনসমাবেশ করিবার 'অনুমতি' পাইবার পর দেশবাসীর সহিত আমরাও স্বস্তির নিঃশ্বাস ফেলিয়াছিলাম। পুলিশের পক্ষে শর্ত এবং দুই প্রধান রাজনৈতিক দলের পক্ষেই 'শান্তিপূর্ণ' কর্মসূচির প্রতিশ্রুতি সত্ত্বেও নাগরিকদের মধ্যে যতটুকু শঙ্কা ছিল, শনিবার সকাল হইতে উভয় পক্ষের 'উৎসবমুখর' প্রস্তুতি দেখিয়া উহাও দৃশ্যত দূরীভূত হইয়াছিল। কিন্তু দুপুর গড়াইতেই শান্তির বাতাবরণ ছিন্ন হইয়া যায়। কাকরাইল মোড়ে সূচিত সংঘর্ষ, ভাঙচুর ও অগ্নিসংযোগ শান্তিনগর মোড় ও বিজয়নগর হইয়া সংলগ্ন বিভিন্ন এলাকায় ছড়াইয়া পড়ে এবং এক পর্যায়ে নয়াপল্টনে বিএনপির মহাসমাবেশটি পন্ড হইয়া যায়। অত্র সম্পাদকীয় স্তম্ভ লিখিবার সময় পর্যন্ত বিভিন্ন এলাকায় সংঘর্ষ ও অগ্নিসংযোগ ঘটিতেছিল।

আমরা মনে করি, শনিবার কমবেশি সকল পক্ষই দায়িত্বশীলতার পরিচয় দিতে ব্যর্থ হইয়াছে। বিশেষত কাকরাইল মোড়ে যেই ঘটনা সংঘর্ষের 'স্ফুলিঙ্গ' তৈয়ারি করিয়াছিল, উহা দৃশ্যত 'তুচ্ছ' ছিল। আওয়ামী লীগের কর্মীদের একটি দল বায়তুল মোকাররমে যাইবার সময় বিএনপির একটি মিছিলের সহিত বাগ-বিতন্ডা ও হাতাহাতি হয় বলিয়া সমকাল অনলাইনসহ বিভিন্ন সংবাদমাধ্যম সূত্রে জানা যাইতেছে। উভয় দলের উপস্থিত নেতাকর্মী ধৈর্যের পরিচয় দিলেই উহা ঘটিত না। কয়েকটি এলাকায় বিএনপি কর্মীদের সহিত পুলিশের সংঘর্ষে ক্ষমতাসীন দল ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মী যেইভাবে যোগ দিয়াছেন, উহাও অগ্রহণযোগ্য। পুলিশও ঠিক কী কারণে কাকরাইলসহ বিভিন্ন এলাকায় 'মারমুখী' হইয়া উঠিয়াছিল, এখনও স্পষ্ট নহে। বিএনপির বিশাল ও বিস্তৃত সমাবেশে এক প্রান্তে উত্তেজনার কারণে সমগ্র সমাবেশ পন্ড হইল কেন, উহাও বড় প্রশ্ন হইয়া থাকিবে। অবশ্য বিরোধীদলীয় নেতাকর্মীর বিক্ষোভের মাত্রা স্পষ্ট হইয়াছে দৈনিক বাংলা মোড়ে দায়িত্বরত এক পুলিশ সদস্যের প্রাণহানি ও অন্তত ৪১ জন আহত হইবার মধ্য দিয়া। রাজারবাগ পুলিশ লাইনস হাসপাতাল চত্বরে যেইভাবে অ্যাম্বুলেন্সসহ সাতটি গাড়ি পোড়াইয়া দেওয়া হইয়াছে, উহাও কোনো বিবেচনাতেই সমর্থনযোগ্য নহে।

ইহাও আমরা সমর্থন করিতে পারি না যে, শনিবারের বিভিন্ন সমাবেশ ঘিরিয়া উত্তেজনাকর পরিস্থিতি সামাল দিবার পরিবর্তে দুই প্রধান দলই রোববারও হরতাল ও শান্তি সমাবেশ ডাকিয়া বসিয়াছে। ইহার অর্থ হইতেছে, সংঘাত ও সংঘর্ষ দীর্ঘায়িত হইবার আশঙ্কা রহিয়াছে। অথচ আমরা প্রত্যাশা করিয়াছিলাম, শনিবারের অঘটনগুলিকে 'বিচ্ছিন্ন' ঘটনা হিসাবে ধরিয়া লইয়া দুই পক্ষই শান্তিপূর্ণ কর্মসূচির প্রতি প্রতিশ্রুতিবদ্ধ থাকিবে। সংঘাতের পরিবর্তে শান্তিপূর্ণভাবে কর্মসূচি পালন এবং দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পদ্ধতি লইয়া মধ্যপ্রাচ্য পরিস্থিতির ঘণ্টায় ঘণ্টায় আরও অবনতি হচ্ছে। গাজায় যুদ্ধের তীব্রতা বাড়ছে এবং এটি পুরো অঞ্চলে ছড়িয়ে পড়ার ঝুঁকি তৈরি হচ্ছে। এই বিস্ফোরণোন্মুখ পরিস্থিতিতে নীতিগত বিষয়গুলো স্পষ্ট হওয়া আবশ্যক। শুরুতেই গুরুত্বপূর্ণ মৌলিক নীতি হলো, বেসামরিক নাগরিকদের সম্মান ও সুরক্ষা নিশ্চিত করা।

ইসরায়েলে হামাস ৭ অক্টোবর যে নজিরবিহীন 'সন্ত্রাস' চালিয়েছিল, আমি দ্ব্যর্থহীনভাবে তার নিন্দা জানিয়েছি। বেসামরিক মানুষকে ইচ্ছাকৃতভাবে হত্যা, আহত ও অপহরণ করা কিংবা বেসামরিক নিশানায় রকেট ছোড়া কোনোভাবেই ন্যায়সংগত হতে পারে না। সব জিম্মির সঙ্গে অবশ্যই মানবিক আচরণ করতে হবে এবং কোনো শর্ত ছাড়াই তাদের মুক্তি দিতে হবে। আমি তাদের পরিবারের সদস্যদের কথা সম্মানের সঙ্গে উল্লেখ করি। এটি বোঝাও গুরুত্বপূর্ণ যে, হামাসের হামলা হঠাৎ করে শূন্য থেকে বা বিনা কারণে হয়নি। ফিলিস্তিনিরা ৫৬ বছর ধরে শ্বাসরুদ্ধকর দখলের শিকার। তারা দেখেছে, তাদের ভূমি ধীরে ধীরে দখলদারদের গ্রাসে চলে যাচ্ছে, সহিংসতায় তারা জর্জরিত; তাদের অর্থনীতি ধ্বংস করে দেওয়া হয়েছে। তাদের বাস্তুচ্যুত করা হয়েছে এবং বাড়িঘর গুঁড়িয়ে দেওয়া হয়েছে। তাদের দুর্দশার রাজনৈতিক সমাধানের আশা ধূলিসাৎ হয়ে গেছে।

তবে ফিলিস্তিনী জনগণের ক্ষোভ হামাসের হামলার সঙ্গে গুলিয়ে ফেললে চলবে না। একই সঙ্গে এ হামলার কারণে ফিলিস্তিনী সব মানুষ সম্মিলিতভাবে শাস্তিও পেতে পারে না। যুদ্ধেরও তো নিয়ম আছে। আমাদের অবশ্যই দাবি করতে হবে–সব পক্ষ আন্তর্জাতিক মানবিক আইনের বাধ্যবাধকতা সম্মান করবে ও মেনে চলবে। সামরিক অভিযান পরিচালনায় বেসামরিক ব্যক্তিদের রক্ষায় সর্বাত্মক ব্যবস্থা নেবে এবং হাসপাতালের সুরক্ষা নিশ্চিত করবে। জাতিসংঘের ব্যবস্থাপনায় কোনো পক্ষ ব্যাঘাত ঘটাবে না। কারণ ছয় লক্ষাধিক ফিলিস্তিনি জাতিসংঘের ব্যবস্থাপনায় আশ্রয় নিয়েছে।

ইসরায়েলী বাহিনী গাজায় যেভাবে লাগাতার বোমা বর্ষণ করছে, তাতে বেসামরিক মানুষের হতাহতের মাত্রা এবং আশপাশে ব্যাপক ধ্বংসযজ্ঞ অব্যাহত রয়েছে। এটি গভীর উদ্বেগজনক বিষয়। গত দুই সপ্তাহে গাজায় বোমা হামলায় ইউএনআরডব্লিউএ তথা ফিলিস্তিনি শরণার্থী তদারককারী জাতিসংঘ সংস্থার হয়ে কাজ করা কয়েক ডজন সহকর্মীর প্রাণহানিতে আমি একদিকে শোকাহত, অন্যদিকে তাদের জীবন ও অবদানের প্রতি শ্রদ্ধা জানাচ্ছি। দুঃখজনকভাবে তাদের হতাহতের সংখ্যা আরও বাড়ছে। আমি তাদের পরিবারের কাছে ঋণী। আমি তাদের ও অন্যদের ওপর পরিচালিত হামলা ও হত্যাকান্ডের নিন্দা জানাই।

যে কোনো সশস্ত্র সংঘাতে বেসামরিক নাগরিকদের সুরক্ষা সবচেয়ে গুরুত্বপূর্ণ। তাদের রক্ষা করার অর্থ কখনোই তাদের মানবঢাল হিসেবে ব্যবহার করা নয়। বেসামরিক নাগরিকদের সুরক্ষা করা মানে এই নয় যে, ১০ লক্ষাধিক মানুষকে দক্ষিণে সরে যাওয়ার নির্দেশ দেওয়া। সেখানে কোনো আশ্রয় নেই, খাদ্য নেই, পানীয় নেই; নেই ওষুধ ও জ্বালানি। এর পর সেই দক্ষিণেও বোমা হামলা চালিয়ে যাওয়া হচ্ছে। গাজায় আন্তর্জাতিক মানবিক আইনের স্পষ্ট যে লঙ্ঘন আমরা প্রত্যক্ষ করছি, আমি তার জন্য গভীরভাবে উদ্বিগ্ন। স্পষ্ট করে বলতে চাই, সশস্ত্র সংঘাতে থাকা কোনো পক্ষই আন্তর্জাতিক মানবিক আইনের ঊর্ধ্বে নয়।

গাজায় গণহত্যা

হামাসের হামলা শূন্য থেকে ঘটেনি

॥ আন্তোনিও গুতেরেস ॥





সৌভাগ্যবশত অবশেষে কিছু মানবিক ত্রাণ গাজায় ঢুকছে। কিন্তু তা প্রয়োজনের তুলনায় এতই সামান্য যে সেটা সিন্ধুর মধ্যে বিন্দু মাত্র। উপরন্তু গাজায় আমাদের জাতিসংঘের জ্বালানি সরবরাহ কয়েক দিনের মধ্যে শেষ হয়ে যাবে। তেমনটি ঘটলে আরেকটি বিপর্যয় ঘটবে। জ্বালানি ছাড়া সাহায্য পৌঁছানো যাবে না। হাসপাতালে বিদ্যুৎ থাকবে না এবং খাবার বিশুদ্ধ করা যাবে না। এমনকি পাম্পও চালু করা যাবে না। গাজার মানুষের যে চাহিদা, সে জন্য ব্যাপকভাবে সাহায্য বিতরণ করা প্রয়োজন। এ সাহায্য কোনো ধরনের বাধা ছাড়াই ফিলিস্তিনিদের কাছে পৌঁছানো জরুরি।

জাতিসংঘে আমার সহকর্মী ও সেই মানবিক তৎপরতার অংশীদারদের অভিবাদন জানাই, যারা এ ভয়াবহ পরিস্থিতিতে গাজায় কাজ করছেন। এমনকি যাদের প্রয়োজন, তাদের কাছে সাহায্য পৌঁছাতে গিয়ে নিজেদের জীবনকেই ঝুঁকিতে ফেলছেন। এই মানবিক কর্মীরা আমাদের প্রেরণা।

আর আহ্বান, ট্রাজিক এই দুর্দশা কমাতে মানবিক সাহায্য পৌঁছানোর ব্যবস্থা সহজতর ও নিরাপদ করুন। জিম্মিদের মুক্তির বিষয়ে কাজ করুন। অবিলম্বে মানবিক যুদ্ধবিরতির জন্য আমার আবেদন পুনর্ব্যক্ত করছি। এমনকি গুরুতর ও ভয়ানক বিপদের এই মুহূর্তে আমরা সত্যিকারের শান্তি ও স্থিতিশীলতার একমাত্র বাস্তববাদী সমাধানের বিষয়টি দূরে সরাতে পারি না; সেটি হচ্ছে দ্বিরাষ্ট্রীয় সমাধান।

ইসরায়েলীদের নিরাপত্তার জন্য তাদের দাবি যেমন মানতে হবে, তেমনি ফিলিস্তিনীদেরও স্বাধীন রাষ্ট্রের দাবি বাস্তবায়ন করা জরুরি। এটি জাতিসংঘের সনদ, আন্তর্জাতিক আইন এবং আগের চুক্তির সঙ্গে সংগতিপূর্ণ। পরিশেষে মানব মর্যাদা সমুন্নত রাখার নীতি অবশ্যই আমাদের কাছে স্পষ্ট হতে হবে। ব্যাপক ভুয়া তথ্যের ছড়াছড়ি মেরূকরণ ও অমানবিক আচরণে ইন্ধন দিচ্ছে। আমাদের অবশ্যই ইহুদিবিদ্বেষ, মুসলিমবিরোধী ধর্মান্ধতা এবং সব ধরনের ঘৃণার বিরুদ্ধে দাঁড়াতে হবে। ২৪ অক্টোবর; জাতিসংঘ দিবস। জাতিসংঘ সনদ কার্যকর হওয়ার ৭৮ বছর হলো। এই সনদে শান্তি, টেকসই উন্নয়ন এবং মানবাধিকার সুরক্ষায় আমাদের সামষ্টিক অঙ্গীকার প্রতিফলিত হয়। সংকটময় সময়ে এবারের জাতিসংঘ দিবসে আমি সবাইকে আহ্বান জানাই–সহিংসতায় আরও প্রাণ যাওয়া এবং যুদ্ধ আরও বেশি ছড়িয়ে পড়ার আগেই আমরা যেন এই পথ থেকে সরে দাঁড়াই।

লেখক: জাতিসংঘ মহাসচিব; ২৪ অক্টোবর জাতিসংঘের নিরাপত্তা পরিষদে দেওয়া বক্তব্য। আইপিএস নিউজ এজেন্সি থেকে ভাষান্তর মাহফুজুর রহমান মানিক

নামাজের সময়-সূচী

অক্টো./নভে.	৩০	৩১	০১	০২	০৩	০৪	০৫
ফজর	৬.০৭	৬.০৮	৬.০৯	৬.১২	৬.১৩	৬.১৩	৫.১৫
সূর্যোদয়	৭.২২	৭.২৩	৭.২৪	৭.২৬	৭.২৭	৭.২৮	৬.৩০
জোহর	১২.৪০	১২.৪০	১২.৪০	১২.৪০	১২.৪০	১২.৪০	১১.৪০
আসর	৪.১৪	৪.১৩	৪.১২	৪.১১	৪.১০	৪.০৮	৩.০৬
মাগরিব	৫.৫৬	৫.৫৫	৫.৫৪	৫.৫৩	৫.৫১	৫.৫০	৪.৪৮
এশা	৭.১৩	৭.১১	৭.১০	৭.০৯	৭.০৮	৭.০৭	৬.০৫

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

নিত্যপণ্যের মূল্যবৃদ্ধিতে নাকাল জনজীবন

॥ ড. ইফতেখার উদ্দিন চৌধুরী ॥

যুদ্ধ-সংঘাতের নতুন অধ্যায় পুরো বিশ্বকে বিপর্যস্ত করে তুলছে। রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, ফিলিস্তিনের গাজা উপত্যকায় ইসরাইলের অব্যাহত বর্বর হামলা, বিভিন্ন দেশে নানামুখী সংঘাত-সংঘর্ষ বিশ্বব্যাপী মানুষের মনে গভীর উদ্বেগ-উৎকণ্ঠার জন্ম দিয়েছে। এসব ঘটনার প্রভাবে বিশ্ব টালমাটাল। জ্বালানি তেল, গ্যাস, খাদ্যশস্য, নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রীর আমদানি-রপ্তানি বাধাগ্রস্ত হওয়ার প্রেক্ষাপটে মূল্যস্ফীতি-মূল্যবৃদ্ধির উদ্ভূত পরিস্থিতি থেকে বাংলাদেশও মুক্ত নয়। পৃথিবীর প্রতিটি দেশের সরকারই সংকট উত্তরণে বিভিন্ন প্রায়োগিক পরিকল্পনা-উদ্যোগ গ্রহণ করেছে। বৃহত্তর জনস্বার্থে আগামী দিনের সম্ভাব্য সমস্যা অনুধাবনে গৃহীত পদক্ষেপ অনেক ক্ষেত্রে নতুন করে জনদুর্ভোগ সৃষ্টি করছে। কর্মহীনতা, আয়বৈষম্য, জনজীবনের হাহাকার প্রতিনিয়ত প্রতিধ্বনিত হচ্ছে। সামগ্রিকভাবে বিষয়গুলোর গুরুত্ব ও তাৎপর্য অনুধাবনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দূরদর্শিতা, মেধা ও প্রজ্ঞার অভাব দৃশ্যমান।

দেশে বেশ কিছুদিন ধরে বিভিন্ন ধরনের নিত্যপণ্যসামগ্রীর মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাচ্ছে। প্রতিদিন লাফিয়ে লাফিয়ে বাড়ছে নিত্যপণ্যের দাম।দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে পেশাজীবী, শিক্ষার্থীসহ নিম্ন-আয়ের জনগোষ্ঠীর জীবন ওষ্ঠাগত। লাগামহীন দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে দেশের সিংহভাগ মানুষ তাদের চাহিদা মেটাতে অক্ষম হয়ে পড়ছেন। দ্রব্যমূল্য বর্তমানে সাধারণ মানুষের ধরাছোঁয়ার বাইরে চলে যাচ্ছে। নিত্যপণ্যের বাজারে অস্বাভাবিক পরিস্থিতি রোধকল্পে সরকার পেঁয়াজ, চিনি ও ডিমের মূল্য নির্ধারণ করে দিলেও ভোক্তারা সেই দামের চেয়ে বেশি মূল্যে পণ্য কিনতে বাধ্য হচ্ছেন। জনশ্রুতিমতে, বাণিজ্য মন্ত্রণালয়ের বেঁধে দেওয়া দাম কার্যকরে মাঠ পর্যায়ে বাজার তদারকিতে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ছাড়া সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য তৎপরতা পরিলক্ষিত নয়। বাজারের ওপর সরকারের যথাযথ নিয়ন্ত্রণ নেই বললেই চলে। ব্যবসায়ীরা সিন্ডিকেট করে বিভিন্ন অজুহাতে নিত্যপণ্যের দাম বাড়িয়ে সাধারণ মানুষকে বিপাকে ফেলবেন, এটা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। দেশের বাজারে একবার যে পণ্যের দাম বাড়ে, তা আর না কমার দৃষ্টান্তও অনেক। অসাধু কিছু ব্যবসায়ীর কারণে বারবার দুর্ভোগে পড়ছে দেশের নিম্ন-আয়ের মানুষ। আইনের তোয়াক্কা না করে বছরের পর বছর অসাধু ব্যবসায়ীরা ইচ্ছামতো পণ্যের দাম বাড়াচ্ছে।

বাজার বিশ্লেষকদের মতে, বিশ্বে খাদ্যসহ বিভিন্ন পণ্যের দাম যখন কমছে, তখন বাংলাদেশে ধারাবাহিক মূল্যস্ফীতির জন্য রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, বৈশ্বিক মন্দা, জ্বালানির মূল্যবৃদ্ধিকে দায়ী করার সুযোগ নেই। এ মূল্যস্ফীতির পেছনে সরকারের অভ্যন্তরীণ বিভিন্ন নীতি ও বাজার ব্যবস্থাপনা, বিদ্যুৎ ও জ্বালানির বারবার মূল্যবৃদ্ধি, ডলারের বিপরীতে মূল্যহ্রাস, আমদানি নিয়ন্ত্রণের মাধ্যমে বাজারে পণ্য সরবরাহ কমিয়ে দেওয়া এবং বাংলাদেশ ব্যাংক থেকে টাকা ছাপিয়ে বাজেট ঘাটতি মেটানো প্রভৃতি বিষয়ের প্রভাবই মুখ্য। তবে হঠাৎ করে বাজারে দেশে উৎপাদিত ডিম, মুরগি, পেঁয়াজ, আলু, ডাল, চিনি, তেল ইত্যাদি নিত্যপণ্যের চক্রাকারে একেক সময় একেকটির অস্বাভাবিক মূল্যবৃদ্ধির ঘটনাগুলো পৃথক করা যায় না। বাজারে মুষ্টিমেয় অসাধু ও করপোরেট ব্যবসায়ীর একচেটিয়া আধিপত্য, অতিমুনাফা এবং তা নিয়ন্ত্রণে সরকারের যথাযথ পদক্ষেপের অভাবের বিষয়টিও কোনোভাবেই অস্বীকার করা যায় না।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) তথ্যের ভিত্তিতে ২০২২-২৩ অর্থবছরে গড় মূল্যস্ফীতি ছিল ৯ দশমিক ২ শতাংশ, যা বছরওয়ারি হিসাবে ১২ বছরের মধ্যে সর্বোচ্চ। কিন্তু চলতি বছরের আগস্টে খাদ্যে মূল্যস্ফীতি হয়েছে ১২ দশমিক ৫৪ শতাংশ। বর্তমানে একটি পরিবারে যত অর্থ খরচ হয়, তার ৪৮ শতাংশের মতো খরচ হচ্ছে খাবার ক্রয়ে। ফলে ধারাবাহিকভাবে খাদ্যসহ সার্বিক মূল্যস্ফীতি বৃদ্ধি এবং এর সঙ্গে তাল মিলিয়ে আয় বৃদ্ধি না পাওয়ায় নির্দিষ্ট ও মধ্য-আয়ের মানুষ ভীষণ সংকটে পড়েছে। এশিয়া ফাউন্ডেশন ও ব্র্যাক ইনস্টিটিউট অফ গভর্ন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্টের (বিআইজিডি) যৌথ উদ্যোগে দেশব্যাপী ১০ হাজার মানুষের ওপর পরিচালিত জরিপের ফলাফলে জানা যায়, ৮৪ শতাংশ উত্তরদাতা মনে করেন, বাজারে নিত্যপণ্যের মূল্যবৃদ্ধি তাদের জীবনে মারাত্মক প্রভাব ফেলেছে।



ভৌত অবকাঠামো, ডিজিটালাইজেশন, সড়ক-জনপথ-সেতু ও জীবনমান উন্নয়নে দেশের গৌরবোজ্জ্বল অর্জন শুধু কতিপয় দুষ্টচক্রের কারসাজিতে ম্লান হতে পারে না। জাতির পিতা বঙ্গবন্ধু পাকিস্তানি হায়েনা কর্তৃক সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত স্বাধীন মাতৃভূমি পুনর্গঠনে সততা-নিষ্ঠা-প্রজ্ঞা ও দেশপ্রেমে দেশবাসীকে উদ্দীপ্ত করেছিলেন। ঘুস-দুর্নীতি-কালোবাজারি-মুনাফাখোরির বিরুদ্ধে সামরিক-বেসামরিক আমলাসহ দেশের আপামর জনগোষ্ঠীকে রুখে দাঁড়ানোর আহ্বান জানিয়েছিলেন।

৩ অক্টোবর বিশ্বব্যাংকের ঢাকা অফিস থেকে প্রকাশিত 'বাংলাদেশ ডেভেলপমেন্ট আপডেট' শীর্ষক প্রতিবেদনে দেশে নিত্যপণ্যের দাম বৃদ্ধির জন্য চারটি বিষয়ে প্রাধান্য দেওয়া হয়েছে। প্রতিবেদন মতে, যেসব কারণে বাংলাদেশে মূল্যস্ফীতি বেড়েছে তা হলো- অভ্যন্তরীণ জ্বালানির মূল্য বেড়ে যাওয়া, দুর্বল মুদ্রানীতি, টাকার অবমূল্যায়ন এবং বৈদেশিক মুদ্রা কমে যাওয়ায় আমদানি কমে যাওয়া প্রভৃতি। একই প্রতিবেদনে বিশ্বব্যাংক চলতি ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের মোট দেশজ উৎপাদন (জিডিপি) প্রবৃদ্ধির পূর্বাভাস কিছুটা কমিয়ে ৫ দশমিক ৬ শতাংশ নির্ধারণ করেছে। প্রতিবেদনে বলা হয়েছে, দেশে ২০২৫ সালে ৫ দশমিক ৮ শতাংশ প্রবৃদ্ধি হবে। দক্ষিণ এশিয়ার মধ্যে ভারত ও মালদ্বীপে হবে যথাক্রমে ৬ দশমিক ৩ ও ৫ দশমিক ২ শতাংশ। ২০২৩ সালে শ্রীলংকার প্রবৃদ্ধি মাইনাস ৩ দশমিক ৮ শতাংশের বিপরীতে ২০২৪ সালে দেশটি ঘুরে দাঁড়াবে এবং প্রবৃদ্ধি হবে ১ দশমিক ৭ শতাংশ। ওই প্রতিবেদনে আরও বলা হয়েছে, দেশে দারিদ্র্য কমে বর্তমানে ৫ শতাংশ হয়েছে, যা ২০১৬ সালে ছিল ৯ শতাংশ। উল্লেখ্য, বিশ্বব্যাংক ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশে ৭ দশমিক ১ এবং ২০২২-২৩ অর্থবছরে ৬ শতাংশ প্রবৃদ্ধির পূর্বাভাস দিয়েছিল।

চলমি মাসের প্রথম সপ্তাহে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক নিত্যপণ্যের দাম সহনীয় রাখতে কঠোরভাবে আইন প্রয়োগ করে ভোক্তাদের স্বার্থ বজায় রাখা হবে বলে জানান। তিনি বলেন, 'নিত্যপণ্যের দাম নিয়ে একশ্রেণির ব্যবসায়ী অস্বাভাবিক আচরণ করছে। আইনের দুর্বলতা ও ভোক্তাদের অসচেতনতার কারণে এসব ব্যবসায়ীকে সম্পূর্ণভাবে নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। তবে সরকার তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিচ্ছে। প্রয়োজনে এ সিন্ডিকেটের বিরুদ্ধে আরও কঠিন পদক্ষেপ নেওয়া হবে। বর্তমানে নিত্যপণ্যের মূল্যবৃদ্ধি ও টাকার মান কমে যাওয়া দেশের জন্য একটি চ্যালেঞ্জ। এটি দেশের ১৭ কোটি মানুষকে কষ্ট দিচ্ছে। ইউক্রেন যুদ্ধসহ নানা ঘটনার প্রভাব পড়ছে দেশের দ্রব্যমূল্যের ওপর। তবে এর সুযোগ নিয়ে অসাধু ব্যবসায়ীরা এমন কিছু পণ্য নিয়ে কারসাজি করছে, অযৌক্তিকভাবে দাম বাড়াচ্ছে, যার সঙ্গে এসব আন্তর্জাতিক ঘটনার তেমন কোনো সম্পর্ক নেই। কারণ, এসব খাদ্যপণ্যের অধিকাংশই উৎপন্ন হয় আমাদের দেশে।' ডিম, কাঁচা মরিচ, আলুর দাম আকস্মিকভাবে বেড়ে যাওয়ার উদাহরণ দিয়ে তিনি আরও বলেন, 'এসব ক্ষেত্রে দাম বাড়ায় কোনো ফর্মুলা কাজ করে না। এগুলো অস্বাভাবিক আচরণ। তবে দেশের নিত্যপণ্যের দাম স্বাভাবিক রাখার চ্যালেঞ্জ মোকাবিলায় সীমিত লোকবল দিয়ে হলেও ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কাজ করে যাচ্ছে।'

১৫ অক্টোবর রাজধানীতে ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি) কর্তৃক দেশব্যাপী অক্টোবরে এক কোটি ফ্যামিলি কার্ডধারীদের কাছে চালসহ টিসিবির পণ্য সাশ্রয়ী মূল্যে বিক্রয় কার্যক্রমের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রদত্ত বাণিজ্যমন্ত্রীর বক্তব্য থেকে জানা যায়, দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী গরিব-দুঃখী, অসহায় মানুষের কথা বিবেচনা করে প্রধানমন্ত্রীর নির্দেশে সরকার টিসিবির মাধ্যমে দেশের এক কোটি ফ্যামিলি কার্ডধারী অর্থাৎ ৫ কোটি মানুষের মাঝে সাশ্রয়ী মূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রয় করছে। তেল, চিনি, ডালের পাশাপাশি জুলাই থেকে দেওয়া হচ্ছে চাল। তিনি আরও বলেন, 'আমরা জানি, বৈশ্বিক কারণে বেশ কয়েকটি নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে। সরকার সর্বোচ্চ চেষ্টা করছে সাধারণ মানুষের হাতের নাগালে রাখতে। কিন্তু আমদানিকৃত পণ্যের দাম আন্তর্জাতিক বাজারের সঙ্গে সমন্বয় করতে হয়। যার জন্য চাইলেও কমানো সম্ভব হয় না। তবে আমরা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মাধ্যমে প্রতিনিয়ত বাজার নিয়ন্ত্রণে মনিটরিং কার্যক্রম পরিচালনা করছি।' এছাড়াও বর্তমানে ডিমের বাজার পরিস্থিতি বিবেচনায় বাজারে ডিমের সরবরাহ বৃদ্ধি ও বাজারদর স্থিতিশীল রাখার লক্ষ্যে ইতোমধ্যে ১৫ কোটি ডিম আমদানির জন্য ১৫টি প্রতিষ্ঠানকে অনুমতি দেওয়া হয়েছে বলে তিনি জানান। দেশে পর্যাপ্ত আলু মজুত থাকার পরিপ্রেক্ষিতে বাজার মনিটরিং অব্যাহত রাখার এবং প্রয়োজনে সরকার কর্তৃক আলু আমদানির উদ্যোগ নেওয়ার বিষয়টিও তার বক্তব্যে প্রকাশ পেয়েছে।

ভৌত অবকাঠামো, ডিজিটালাইজেশন, সড়ক-জনপথ-সেতু ও জীবনমান উন্নয়নে দেশের গৌরবোজ্জ্বল অর্জন শুধু কতিপয় দুষ্টচক্রের কারসাজিতে ম্লান হতে পারে না। জাতির পিতা বঙ্গবন্ধু পাকিস্তানি হায়েনা কর্তৃক সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত স্বাধীন মাতৃভূমি পুনর্গঠনে সততা-নিষ্ঠা-প্রজ্ঞা ও দেশপ্রেমে দেশবাসীকে উদ্দীপ্ত করেছিলেন। ঘুস-দুর্নীতি-কালোবাজারি-মুনাফাখোরির বিরুদ্ধে সামরিক-বেসামরিক আমলাসহ দেশের আপামর জনগোষ্ঠীকে রুখে দাঁড়ানোর আহ্বান জানিয়েছিলেন।

অর্থলিপ্সু বাজার সিন্ডিকেট নানা অপকৌশলে দ্রব্যমূল্য শুধু অসহনীয় পর্যায়ে নিয়ে যাচ্ছে না, দেশে অরাজক ও অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টিতেও এদের চক্রান্ত-ষড়যন্ত্র জনগণকে অতিষ্ঠ করে তুলছে। এ অবস্থায় সাধারণ মানুষের কষ্টের কথা ভেবে বাজার নিয়ন্ত্রণ ও চাহিদা মোতাবেক পণ্যের সরবরাহ নিশ্চিত করা একান্ত জরুরি। একই সঙ্গে মজুতদারি সিন্ডিকেটগুলোকে বিচার বিভাগীয় তদন্তের মাধ্যমে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া না হলে আগামী দিনে বাজার পরিস্থিতি আরও অস্বস্তিকর হওয়ার সমূহ আশঙ্কা রয়েছে।

লেখক: শিক্ষাবিদ; সাবেক উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়



নির্বাচনকালীন সরকার প্রশ্নে গণভোট হোক

॥ ড. এম এ এস মোল্লা ॥

সমঝোতার ভিত্তিতে একটি (ফেব্রুয়ারী ১৯৯১) এবং সাংবিধানিক তিনটি (জুন ১৯৯৬, অক্টোবর ২০০১ এবং ডিসেম্বর ২০০৮) মোট চারটি নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে সাধারণ নির্বাচনের প্রতিটি অবাধ ও সুষ্ঠু হয়েছে। এসব নির্বাচনে হেরে যাওয়া দল নির্বাচনের গ্রহণযোগ্যতা নিয়ে প্রাথমিক কিছু প্রশ্ন তুললেও ওই অসত্য দাবি অচিরেই স্তিমিত হয়ে বাতাসে মিলিয়ে গেছে। সব রাজনৈতিক দলের নেতাকর্মী ও জনগণ এ বিষয়টি ভালোভাবেই বোঝেন ও মানেন যে, স্বাধীন বাংলাদেশে ১৯৭৩ সাল থেকে অদ্যাবধি ক্ষমতাসীন দলীয় সরকারের অধীনে কোনো সাধারণ নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়নি। কিন্তু কিছু ক্ষমতান্ধ রাজনৈতিক শক্তি এ বাস্তব সত্যের বিরুদ্ধে এখন উচ্চৈঃস্বরে কথা বলে।

সবাই জানেন, ১৯৯১ সালের প্রথম সুষ্ঠু নির্বাচনে বিজয়ী দল বিএনপি পঞ্চম সংসদের মেয়াদ থাকতে প্রত্যাশিত নির্দলীয়, নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা সংসদে পাশ করাল না। গণ-আন্দোলনের মুখে দলটি অগত্যা ১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারী ভুয়া নির্বাচনে ঠুনকো ষষ্ঠ সংসদ প্রতিষ্ঠা করে অল্প সময়ে নির্দলীয়, নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকার কাঠামো পাশ করাল; এতে কাঠামোটিতে কিছু সমস্যা থেকে গেল। ওই সমস্যাপূর্ণ কাঠামোতেই নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার গঠন করে মাসেকের মধ্যে ক্ষমতা হস্তান্তর করে বেগম জিয়ার নেতৃত্বের প্রথম (নামকাওয়াস্তে দ্বিতীয়) বিএনপি সরকার বিদায় নিল। বিএনপি ওই নির্বাচনটি করেছিল ভুলের 'কাফফারা' হিসাবে, ক্ষমতায় থাকার জন্য নয়। কিন্তু আওয়ামী লীগ ১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারি ভুয়া নির্বাচনের উদাহরণ টেনে নিজেদের সব অপকর্ম জায়েজ করার ব্যর্থ চেষ্টায় মেতে থাকে।

ক্ষমতা চিরস্থায়ী করার খায়েশ পূর্ণ করার লক্ষ্যে আওয়ামী লীগ ২০০১ সালে এবং বিএনপি ২০০৬ সালে তত্ত্বাবধায়ক সরকারকে অকার্যকর করার চেষ্টা করেছে। প্রথম অপচেষ্টা ভন্ডুল করেন প্রধান উপদেষ্টা বিচারপতি লতিফুর রহমান; দ্বিতীয়টি ভন্ডুল হয় 'এক-এগারো'খ্যাত, সাংবিধানিক তত্ত্বাবধায়ক সরকারের আদলে গঠিত সামরিক মদদপুষ্ট দুবছর মেয়াদি 'অসাংবিধানিক' (Ultravires) সরকারের হাতে।

কথা সত্য, বিএনপি ২০০৬ সালে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থাকে হত্যা করতে চেষ্টা করেছিল; কিন্তু ওই 'Attempt to murder' ফেল করেছিল। অথচ ২০১১ সালে প্রধান বিচারপতি এবিএম খায়রুল হকের ঘাড়ে বন্দুক রেখে আওয়ামী লীগ তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা হত্যার কাজটি আপাতভাবে সেরে ফেলে। অবশ্য আমি মনে করি, এদেশের রাজনৈতিক বাস্তবতায় নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা পয়গম্বর হজরত ইউনুস (আ.)-এর মতো বেঁচে থাকার গুণসম্পন্ন। যিনি/যারাই ওই সরকারকে অজগরের মতো গিলে ফেলে থাকুন, ওটা একসময় জ্যান্ত বেরিয়ে আসবেই।

উচ্চতম আদালতের যে সংক্ষিপ্ত রায়ের বরাতে আওয়ামী লীগ নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার না রাখার সিদ্ধান্ত নেয়, তা শুধু অনৈতিক নয়, সম্পূর্ণ অবৈধ। বিষয়টি আমার আগের লেখায় (জাতি কি এ সংকট থেকে পরিত্রাণ পাবে? ১৫ অক্টোবর) এবং অন্যদের বর্ণনায় স্পষ্ট। কারণ, বিচারপতি খায়রুল হক বিভক্ত ও অত্যন্ত ত্রুটিপূর্ণ রায়েও 'দশম ও একাদশ সংসদ নির্বাচন ত্রয়োদশ সংশোধনীর অধীনে অনুষ্ঠিত হতে পারে' বলে উল্লেখ করেছিলেন।

উল্লেখ্য, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থার ওপর মতামত দেওয়ার জন্য ২০১০ সালে সৈয়দা সাজেদা চৌধুরীর নেতৃত্বে একটি সংসদীয় কমিটি গঠন করা হয়েছিল; ওই কমিটি সর্বসম্মতভাবে তত্ত্বাবধায়ক সরকার রাখার পক্ষে মত দিয়েছিল; কিন্তু প্রধানমন্ত্রী একক সিদ্ধান্তে সংসদীয় কমিটির মত বাতিল করে ৩০ মে (২০১১) নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার না রাখার খারাপ সিদ্ধান্তটি নেন অগণতান্ত্রিক পন্থায় (আদালতের রায়ের নামে সংসদীয় কমিটিকে উপেক্ষা করে)। তার এ অগণতান্ত্রিক সিদ্ধান্ত এবং এর ফলে সংবিধানের তাড়াহুড়ো (আদালতের পূর্ণ রায় প্রকাশের ১৫ মাস আগে) ও আইনত অবৈধ পঞ্চদশ সংশোধনী বর্তমান রাজনৈতিক অচলাবস্থার মূল কারণ। স্মর্তব্য: তাড়াহুড়ো না করে খায়রুল হকের 'পাতানো', সংক্ষিপ্ত রায় থেকে সরে আসা, পূর্ণ রায় প্রকাশের পর আনলে পঞ্চদশ সংশোধনী আইনগত ভিত্তি পেত।

ওই অবৈধ সংশোধনীর পর রাষ্ট্রের পবিত্র সংবিধান তার মূল চরিত্র ও বৈশিষ্ট্য হারিয়ে ফেলেছে। এখন যারা এ সংবিধান দেখিয়ে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার 'মৃত', 'মরে ভূত হয়ে গেছে', 'আজিমপুর কবরস্থানে চিরনিদ্রায় ঘুমিয়ে আছে' ইত্যাদি বলে চিৎকার করে, তারা মানসিক বৈকল্যের শিকার সংকীর্ণ, স্বার্থান্ধ, এবং দলান্ধও বটে।

এ জাতির রাজনৈতিক পিতাদের প্রথমজন খাজা নবাব স্যার সলিমুল্লাহ প্রতিষ্ঠিত মুসলিম লীগ যখন আর জনস্বার্থ রক্ষা করতে পারছিল না, সদ্য আজাদিপ্রাপ্ত পাকিস্তানের দুবছরও অতিক্রম করেনি, তখন জননেতা মওলানা ভাসানী মুসলিম লীগের 'আওয়ামী' (জনগণের) শাখা প্রতিষ্ঠা করলেন (২৩ জুন, ১৯৪৯)। আওয়ামী মুসলিম লীগ মাত্র ছয় বছরের মধ্যে 'মুসলিম' শব্দ ছেঁটে ফেলার মাধ্যমে পূর্ণ অসাম্প্রদায়িক দলে পরিণত হলো। জাতির প্রধান রাজনৈতিক প্রতিষ্ঠাতাদের মধ্যে একমাত্র একে ফজলুল হক ছাড়া সবাই আওয়ামী লীগের নেতৃত্বের সঙ্গে যুক্ত থেকে দলটিকে গণমানুষের তীর্থে পরিণত করেছিলেন। এ কারণেই দলটি বঙ্গবন্ধুর নেতৃত্বে স্বাধীনতা অর্জনে মূল দায়িত্ব পালনে সক্ষম হয়। অথচ বাংলাদেশের রাজনৈতিক কৃষ্টিতে নির্বাচনকালীন নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার অনির্দিষ্টকালের জন্য জরুরি বলে প্রমাণিত হওয়া সত্ত্বেও দলটি তা অস্বীকার করে পরপর দুই মেয়াদ সম্পূর্ণ অবৈধভাবে 'সরকার' পরিচালনা করে এখনো নির্বাচনকালীন নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার গঠন না করে 'ক্ষমতায়' থেকে নির্বাচনের নামে কারচুপি করার দৃঢ়তা প্রকাশ করছে।

গণভোট পরিচালনার দায়িত্বে দুটো বিকল্প সংস্থার কথা বলা যায়। একটি দেশীয় সামরিক বাহিনী, অপরটি আন্তর্জাতিক (জাতিসংঘ)। ১. দেশের সুশৃঙ্খল সামরিক বাহিনীকে জাতীয় অনেক দুর্যোগেই ডেকে আনা হয়; তাদের প্রাকৃতিক ও সামাজিক উভয় প্রকার দুর্যোগে কার্যকর দায়িত্ব পালনের বেশ সুনামও রয়েছে। গণভোটটি তাদের তত্ত্বাবধানে হতে পারে। ২. বিশ্বে যে কোনো গুরুতর আন্তর্জাতিক সমস্যা সমাধানে জাতিসংঘ ম্যান্ডেটধারী; সুতরাং, গণভোটটি জাতিসংঘের নিয়ন্ত্রণে হলে ক্যান্টনমেন্টকে কারও কারও দেওয়া 'বদনাম' থেকে রক্ষা করা যায়।

আমার ধারণা এবং বিভিন্ন জরিপে প্রমাণিত যে, দেশের অন্তত ৭৫ শতাংশ মানুষ নির্বাচনকালীন নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার চায়। অথচ জনগণ 'তাদের সঙ্গে আছে' দাবিতে বিরোধী জোটের আন্দোলন বন্ধ করে দেওয়ার, এমনকি 'ষড়যন্ত্রকারী' ও 'দেশদ্রোহী' আখ্যা দিয়ে তাদের রাজধানী ঢাকার সড়কে দাঁড়াতেই না দেওয়ার হুমকি দিচ্ছে আওয়ামী লীগ 'সরকার'। ওদিকে বিরোধী জোট কোনোভাবেই আর খেলো নির্বাচনে অংশগ্রহণ না করতে বদ্ধপরিকর; এমনকি ওরকম ভুয়া নির্বাচন করতে না দেওয়ার কথাও বলছে তারা। তাদেরও দাবি জনগণ 'তাদের সঙ্গেই' আছে। সরকারি ও বিরোধী উভয় জোটের এ জনগণের পক্ষের দাবি প্রমাণ করার উপায় কী?

যে গণভোট পঞ্চদশ সংশোধনীর জন্য জরুরি ছিল, এখন সে পথেই যেতে হবে। সাংবিধানিকভাবে রাষ্ট্রের মালিক জনগণের অভিপ্রায় জেনে দেশ ও জনগণকে বর্তমান সামাজিক সংকট থেকে উদ্ধার করা যায়। কিন্তু সে গণভোট কে করবে, কার অধীনে অনুষ্ঠিত হবে? এটা তো নিশ্চিত করে বলা যায়, বর্তমান নির্বাচন কমিশনের যতই সাংবিধানিক ক্ষমতা থাকুক, কমিশন তা ব্যবহার করতে পারে না। সুতরাং, নির্বাচন কমিশন যেমন সুষ্ঠু নির্বাচন করতে পারে না, গণভোটও করতে পারবে না। তাহলে এখন কী করা?

গণভোট পরিচালনার দায়িত্বে দুটো বিকল্প সংস্থার কথা বলা যায়। একটি দেশীয় সামরিক বাহিনী, অপরটি আন্তর্জাতিক (জাতিসংঘ)। ১. দেশের সুশৃঙ্খল সামরিক বাহিনীকে জাতীয় অনেক দুর্যোগেই ডেকে আনা হয়; তাদের প্রাকৃতিক ও সামাজিক উভয় প্রকার দুর্যোগে কার্যকর দায়িত্ব পালনের বেশ সুনামও রয়েছে। গণভোটটি তাদের তত্ত্বাবধানে হতে পারে। ২. বিশ্বে যে কোনো গুরুতর আন্তর্জাতিক সমস্যা সমাধানে জাতিসংঘ ম্যান্ডেটধারী; সুতরাং, গণভোটটি জাতিসংঘের নিয়ন্ত্রণে হলে ক্যান্টনমেন্টকে কারও কারও দেওয়া 'বদনাম' থেকে রক্ষা করা যায়।

তাহলে অতিসত্বর সরকারি ও বিরোধী উভয় জোট আলোচনা করে নিজেদের সামরিক বাহিনী অথবা জাতিসংঘের নিয়ন্ত্রণে গণভোট আয়োজন করে মাতৃভূমি বাংলাদেশকে নিজেদের সৃষ্ট সামাজিক সংকট থেকে রক্ষা করুক। গণভোটে নির্বাচনকালীন নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের পক্ষে গণরায় পেলে একাদশ সংসদের মেয়াদ থাকাবস্থায় সংবিধান 'আইনসম্মতভাবে' সংশোধন করে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা পুনঃপ্রবর্তন করা যাবে। আশা করি, এ জাতির ধ্রুপদি নেতাদের প্রতি ন্যূনতম শ্রদ্ধা থাকলে এবং জনগণের প্রতি সম্মান ও দেশপ্রেম থেকে থাকলে সরকার এ পন্থায় খাদের কিনারা থেকে জাতিকে ফিরিয়ে আনবে।

ড. এম এ এস মোল্লা : সমাজ নিরীক্ষক ও নিবন্ধকার

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে শেডনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
তাছাড়া ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং ৫ বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

আসমানি ফয়সালার রাজনীতি!

॥ গোলাম মাওলা রনি ॥



রাজনীতির কবলে পড়ে মজলুমদের আহাজারি যে কতটা নির্মম হতে পারে, তা যদি কেউ দেখতে চান তবে এই মুহূর্তে ফিলিস্তিনের গাজা উপত্যকা ঘুরে আসতে পারেন। গাজার সাথে বাংলাদেশের মজলুমদের মিল-অমিল নিয়ে অবশ্যই আলোচনা করব- তবে তার আগে স্বৈরাচারী জালিম বাদশাহদের উত্থান ও পতন নিয়ে সংক্ষেপে দু'কথা বলে নিই।

যারা ধর্ম-কর্ম বিশ্বাস করেন তাদের কাছে পবিত্র কালামে রব্বানি আল-কুরআনের বহু কাহিনীর মধ্যে কর্তৃত্ববাদী জুলুমবাজদের উত্থান-পতনের কার্যকারণ ও প্রেক্ষাপট সম্পর্কে স্বয়ং আল্লাহ যেসব ঘটনা বর্ণনা করেছেন, তা যদি কেউ অনুধাবন করার চেষ্টা করেন তবে আমি নিশ্চিত, চলমান ও ঘটমান অশান্তি নিয়ে কেউ হতাশার সাগরে হাবুডুবু খাবেন না। কুরআন-ওল্ড টেস্টামেন্ট ও তাওরাতে বর্ণিত অনেক কাহিনী প্রায় সমভাবে ইতিহাসে স্বীকৃতি পেয়েছে। ধর্মীয় কাহিনী যারা বিশ্বাস করেন না তারা যদি বিশ্ববিখ্যাত ঐতিহাসবিদ, দার্শনিক-কবি ও সাহিত্যিকদের বর্ণনাগুলো পর্যালোচনা করেন তবে জুলুমবাজদের শ্রেণী-চরিত্রে কোনো পার্থক্য দেখতে পাবেন না।

ধর্মগ্রন্থের নবী-রাসূল-অত্যাচারী শাসক ও সম্প্রদায়, অত্যাচারিত বা মজলুম জনগোষ্ঠীর কাহিনীর সাথে যদি মহাভারত-রামায়ণ-ইলিয়ড-ওডিসির কাহিনীগুলো মেলান তবে দেখতে পাবেন, মানবচরিত্রের রসায়ন প্রায় হুবহু মিলে গেছে। হিটলারের ইহুদিবিদ্বেষ ও সেকসপিয়রের মার্চেন্ট অব ভেনিসে বর্ণিত ইহুদিবিদ্বেষের মধ্যে মৌলিক কোনো পার্থক্য নেই। হজরত দাউদ আ:-এর পূর্বসূরি তালুত-জালুতের জমানার বনি ইসরাইলীদের দুঃখ-কষ্ট-বেদনার সাথে যেমন হজরত মুসা আ:-এর জমানার ফেরাউন দ্বিতীয় রামসিসের শাসনাধীন ক্রীত দাস-দাসী বনি ইসরাইলিদের দুঃখ-কষ্টের কোনো পার্থক্য পাবেন না- তদ্রূপ ইবনে খালদুন-মার্কোপলো কিংবা হেরাডোটাস বর্ণিত ইতিহাসের অত্যাচারিত জাতি-গোষ্ঠীর আর্ত-চিৎকারের মধ্যে কোনো অমিল নেই।

আল্লাহর রাসূল সা:-এর জমানার মজলুম সাহাবায়ে কেরামের জীবনে যে দুর্ভোগ-দুর্দশা ছিল ঠিক তদ্রূপ দুর্ভোগ-দুর্দশা আমাদের বাংলায় শুরু হয়েছিল রাজা শশাঙ্কের মৃত্যুর পর। বাংলার শত বছরের অরাজকতা ও আরবের আইয়ামে জাহেলিয়াতের শত বছরের মধ্যে কোনো পার্থক্য নেই। বাগদাদে খলিফা আল মনসুরের ক্ষমতা লাভ- আব্বাসীয় বংশের উত্থানের সাথে সুবে-বাংলার পাল বংশের উত্থানের মিল রেখে কেউ যদি মধ্যপ্রাচ্যের ফিলিস্তিনি মুসলমানদের দুঃখ-দুর্দশার সাথে বাংলাদেশে বিএনপি-জামায়াত-হেফাজতের মজলুমদের বেদনাকে তুলনা করতে চান, তবে সেই দায়দায়িত্ব নিশ্চয়ই কেউ আমার ওপর দেবেন না।

উল্লিখিত বিষয়ের সাথে সামঞ্জস্য রেখে আমরা যদি প্রশ্ন করি, কেন হাজার বছরের মানব ইতিহাসে বারবার একই ঘটনা ঘটে? কেন লক্ষ কোটি মানুষ স্থান-কাল-পাত্রভেদে নিজ নিজ বিশ্বাস অনুযায়ী অত্যাচারী শাসকদের মৃত্যু কামনায় আল্লাহর দরবারে আত্মসমর্পণ করেন এবং আসমান থেকে অলৌকিক সাহায্য কামনা করেন যাতে করে জাহেলি শাসনের অবসান ঘটে? কেন মানুষ শত শত বছর ধরে একজন ভালো নেতার জন্য অনবরত প্রার্থনা করতে থাকেন এবং আল্লাহ কর্তৃক নেতা পাওয়ার পর সদলবলে নেতার অবাধ্য হয়ে পড়েন এবং কোনো কোনো ক্ষেত্রে নেতাকে খুন করে ফেলেন? কিভাবে খোদায়ি গজব জাহেলদেরকে পাকড়াও করে এবং অলৌকিক সাহায্য বান্দাদের জন্য ফরজ হয়ে যায়? এসব বিষয় নিয়ে বিস্তারিত লিখতে গেলে রীতিমতো মহাভারত রচিত হয়ে যাবে। সুতরাং নিবন্ধের পরিধি না বাড়িয়ে যথাসম্ভব সংক্ষেপে আজকের শিরোনামের যথার্থতা আলোচনার চেষ্টা করব ইনশা আল্লাহ!

মহান আল্লাহ তাঁর অপূর্ব সৃষ্টিকৌশল ও প্রকৌশলবিদ্যার সর্বোচ্চ নান্দনিকতা দিয়ে বিশ্বব্রহ্মান্ড সৃষ্টি করেছেন। অন্য দিকে, তার সৃষ্ট-মহাজগৎ পরিচালনার জন্য আইন-কানুন, পাহারাদার, প্রকৌশলী, সফটওয়্যার-হার্ডওয়্যার ইত্যাদি সব কিছু তৈরি করেছেন। বিশ্বব্রহ্মান্ডের রক্ষণাবেক্ষণ, পরিচালন ও সংরক্ষণের জন্য প্রয়োজনীয় রসদ-যন্ত্রপাতি-যন্ত্রাংশ এবং জ্বালানি ও পানি অত্যন্ত সুনিপুণভাবে, স্বয়ংক্রিয় পদ্ধতিতে এমনভাবে মজুদ করে রেখেছেন যা কিয়ামত পর্যন্ত স্বাভাবিক গতিতে ও প্রাকৃতিক নিয়মে পরিচালিত হবে। সূর্যের অভ্যন্তরে সৌরঝড়, পৃথিবীর ঘূর্ণিঝড়, মহাকাশের ব্লাকহোল কিংবা মহাসাগরের চৌম্বক শক্তি ইত্যাদি সব কিছুর প্রয়োজন এবং আয়োজন এতটা বৈজ্ঞানিক পদ্ধতিতে করেছেন যে, পৃথিবীর কারো পক্ষে কিয়ামত পর্যন্ত চেষ্টা করেও আল্লাহর প্রাকৃতিক নিয়মের ব্যত্যয় ঘটানো সম্ভব নয়।

মহাবিশ্বের অতি অতি এবং খুবই নগণ্য ও ক্ষুদ্রকায় একটি গ্রহের নাম পৃথিবী। আবার পৃথিবীর আকাশ-বাতাস-কক্ষপথ-ভূ-অভ্যন্তর ও সমুদ্রের তলদেশের তুলনায় ভূ-পৃষ্ঠ এবং জলভাগের উপরিভাগের গুরুত্ব খুবই নগণ্য। আবার জলভাগের অজেয় সমুদ্র-মহাসমুদ্রের তুলনায় বিজিত জলরাশির গুরুত্ব ও পরিধি সীমিত। অনুরূপভাবে স্থলভাগের গহিন অরণ্য, দুর্ভেদ্য পাহাড়-পর্বত, মরুভূমি এবং মেরু অঞ্চলের বরফাচ্ছাদিত অংশের তুলনায় নরম মাটির শস্য শ্যামল স্থলভাগের গুরুত্ব সার্বিক বিবেচনায় অতি নগণ্য। আর সেই নগণ্য অঞ্চলের বাসিন্দা আশরাফুল মাখলুকাতের রাজনীতির নষ্টামি ও জাল-জালিয়াতি যে কতটা গুরুত্বহীন তা আমরা সবাই বুঝতে পারি চূড়ান্ত পতনের পর। হিটলার, মুসোলিনি, ফেরাউন, হামান, হালাকু, চেঙ্গিসদের গুরুত্ব যে একজন দ্বীনহীন-নিঃস্ব ফকিরের চেয়েও নিম্নপর্যায়ের তা আমরা বুঝতে পারি তাদের পতনের পর। অন্য দিকে তারা যদি তাদের নির্মম পরিণতির দুর্ভোগ-দুর্দশা সম্পর্কে ধারণা করতে পারতেন তবে রাজক্ষমতার পরিবর্তে মেথর-নাপিত-ধোপা ইত্যাদির কর্মকে নিজেদের বেঁচে থাকার অবলম্বন বানাতেন। এমনকি মৃত্যুর আগে তাদের যদি বেঁচে থাকার সুযোগ দেয়া হতো সে ক্ষেত্রে ভয়াবহ মৃত্যু আতঙ্ক থেকে রক্ষা পাওয়ার জন্য তারা মানুষের পরিবর্তে ময়লা আবর্জনার কিড়া হয়ে বেঁচে থাকতে চাইতেন। এখন প্রশ্ন হলো- কিছু মানুষ কেন অত্যাচারী জাহেল শাসক হওয়ার জন্য সর্বনাশের দিকে পা বাড়ায় এবং জনগণ কেন অত্যাচারের শিকারে পরিণত হয়।'

আপনি যদি উল্লিখিত প্রশ্নের জবাব জানতে চান তবে প্রথমেই জানতে হবে, এই পৃথিবী তথা বিশ্বব্রহ্মান্ডের সর্বত্র প্রকৃতির আইন বাধ্যতামূলক। কিন্তু মানুষের মন-মস্তিষ্ক ও শরীরের একাংশের ওপর মানুষের ইচ্ছাশক্তির স্বাধীনতা দেয়া হয়েছে। যেখানে মানুষের স্বাধীনতা রয়েছে সেখানে স্বাধীনতার সম্মান রক্ষার যোগ্যতা যা মানুষের না থাকলে তার দ্বারা তার অধিক্ষেত্রে ক্রমাগত প্রকৃতির আইন লঙ্ঘিত হতে থাকে। কোনো ব্যক্তি যদি প্রকৃতির আইন ভঙ্গ করেন তবে তাকে সংশোধন করা-নিয়ন্ত্রণ করা- শাস্তি দেয়া থেকে শুরু করে প্রয়োজন হলে নির্মূল করা অন্যান্য মানুষের জন্য অবশ্যকর্তব্য হয়ে দাঁড়ায়। আল্লাহর খলিফারূপে মানুষ যখন সেই দায়িত্ব পালন না করে জুলুমবাজের খলিফারূপে চুপ থাকে অথবা জুলুমের ভাগীদার হয়, তবে তার জন্য মজলুম হওয়া অত্যাচারিত-অপমানিত ও লাঞ্ছিত হওয়া অপরিহার্য হয়ে পড়ে।

মানুষ যখন উল্লিখিত বলয় থেকে বের হওয়ার জন্য চেষ্টা করে এবং নিজেদের ভুলভ্রান্তির জন্য অনুশোচনা করে খোদায়ী নিয়মের অধীন হওয়ার জন্য লড়াই সংগ্রাম করে, তখন প্রকৃতির সব সাহায্যকারী শক্তি মজলুমের পক্ষে দাঁড়িয়ে যায় এবং একের পর এক অলৌকিক ও অবিশ্বাস্য ঘটনা ঘটার মাধ্যমে জমিনের রাজনীতি আসমানি ফয়সালার মাধ্যমে নির্ধারিত হয়ে যায়।

লেখক: সাবেক সংসদ সদস্য

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD

Akash Medical Care

Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার

Sudesh Srivastava MD

Cardiologist

পায়ের ডাক্তার

Dr. Nayeem Haque

Podiatic Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT

718-431-0009

Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-672-0209, 718-414-4760

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।	বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে *প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়*	ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।





❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে আসাদ রহমানের প্রশ্নঃ

আমি একজন ইউএস সিটিজেন। আমার পরিবারের সবাই ইউএস সিটিজেন। কিন্তু পরিবারের আমিই একমাত্র উপার্জন ব্যক্তি। আমরা অন্য আরেকটি পরিবারের সাথে বাসা শেয়ার করে থাকি। তারপরেও সংসার চালাতে আমাকে হিম-শিম খেতে হয়।

আমার এই অবস্থা দেখে আমার বন্ধু আমাকে একটা পরামর্শ দিয়েছে। আর পরামর্শটি হচ্ছে ফুড স্ট্যাম্প গ্রহণের ব্যাপারে। আমার জানার বিষয় হচ্ছে এই পরিস্থিতিতে আমি ফুড স্ট্যাম্প গ্রহণ করতে পারি কিনা? এ বিষয়ে আপনার পরামর্শের অপেক্ষায় রইলাম। আশা করি আপনার পরামর্শ পাব।

আসাদ রহমানের পশ্নের উত্তরঃ

ইউএস সিটিজেনদের জন্য ফুড স্ট্যাম্পসহ অন্যান্য যে সব সু-বিধা রয়েছে সেগুলো গ্রহণ করতে পারেন। এ জন্যে কোন সমস্যার সৃষ্টি হয় না। কিন্তু যিনি সরকারী সহায়তা গ্রহণ করেন তিনি তার পরিবারের কারো জন্যে আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হন না। আপনার যদি পরিবারের কারো জন্যে আবেদন করার পরিকল্পনা থাকে তবে এই সুযোগ গ্রহণ করার আগে একজন অভিজ্ঞ এটর্নীর সাথে আলোচনা করা ভালো। আপনি প্রয়োজনবোধে স্টেটের বেনিফিট অফিস থেকেও নিশ্চিত হতে পারেন।

কুইন্স থেকে জামাল উদ্দিনের প্রশ্নঃ

আমি সিটিজেনশিপের জন্যে আবেদন করেছিলাম। তারপর আমি ইন্টারভিউ এর চিঠি পেয়ে যথাসময়ে ইন্টারভিউ দিতে গিয়েছি। কিন্তু দুঃখজনক পাশ করতে



পারিনি। এর কারণ হচ্ছে আমি ইংরেজিতে খুব দুর্বল। আমি হিয়ারিং এর জন্য এন-৩৩৬ ফর্ম পেয়েছি। আমি ডিনায়েল লেটারও পেয়েছি। কিন্তু আমি আবার সিটিজেনশীপের জন্য আবেদন করেছি। তবে ফর্ম পূরণ করে পাঠাইনি।

এ ব্যাপারে এখন আমার কি করণীয় বুঝতে পারছি না। কারণ এ বিষয়ে আমার ধারণা এবং অভিজ্ঞতা খুব কম। আপনার পরামর্শ পাব আশা করছি।

জামাল উদ্দিনের প্রশ্নের উত্তরঃ

আপনি সিটিজেনশীপের জন্যে আবেদন করেছেন। ইংরেজি কিংবা ইউএস গভর্নমেন্ট অথবা ইতিহাস পরীক্ষায় কেউ পাশ করতে ব্যর্থ হলে এবং তার ফলে ইউএস সিটিজেনশীপের আবেদন অস্বীকৃত হলে তিনি সিটিজেনশীপের আবেদনের কোন প্রায়োরিটি পাবেন না।

আপনি সিটিজেনশীপের জন্যে আবেদন করতে পারেন কিন্তু সিটিজেনশীপের আবেদনের কোন প্রায়োরিটি তারিখ নেই। নিউইয়র্কে সিটিজেনশীপের ইন্টারভিউ এর জন্য খুব বেশিদিন অপেক্ষা করতে হয় না। আপনি ইমিগ্রেশনে একটা রিমাইন্ড দিতে পারেন। ইমিগ্রেশন কাস্টমার সার্ভিসে ফোন দিতে পারেন। আপনি আবার সিটিজেনশীপের জন্য আবেদন করেছেন। সে কারণে নতুন আবেদন হিসেবে এটার প্রক্রিয়া শুরু হবে। নতুন করে আবেদন করে ভালো কাজ করেছেন। কারণ ফর্ম এন-৩৩৬ এর জন্য আবেদন করা খুব সাহায্যকারী হয় না। প্রয়োজনে এ ব্যাপারে একজন অভিজ্ঞ এটর্নীর সাথে পরামর্শ করতে পারেন।

সিভিকট টেস্টঃ

গত সংখ্যাখায় সিটিজেনশীপ লাভের পরীক্ষার ১০০টি প্রশ্ন থেকে আমরা ক্রমানুসারে ৩৬ প্রশ্ন ও তার উত্তর প্রকাশ করছি। সিটিজেনশীপ পরীক্ষায় পাশের জন্য একজন আবেদনকারীকে ১০ টি প্রশ্নের মধ্যে অবশ্যই ৬টি প্রশ্নের সঠিক উত্তর দিতে হবেঃ

প্রশ্ন-৩৭) ইউএসএ'র সর্বেঅচ্ছ আদালত কোনটি?

সঠিক উত্তরঃ সুপ্রিম কোর্ট।

প্রশ্ন-৩৮) ইউএসএ'র সর্বেঅচ্ছ আদালত কোনটি?

সঠিক উত্তরঃ সুপ্রিম কোর্ট।

প্রশ্ন-৩৯) সুপ্রিম কোর্টে কয়জন বিচারপতি?

সঠিক উত্তরঃ যখন প্রশ্নটি জিজ্ঞেস করা হয় সেই সময়ের উপর নির্ভর করে।

২০২৩ সালে ৯ জন।

প্রশ্ন-৪০) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি কে?

সঠিক উত্তরঃ যখন প্রশ্নটি সিজ্ঞেস করা হয়, সেই সময়ের উপর নির্ভর করবে।

প্রশ্ন-৪১) সংবিধান অনুযায়ী কিছু ক্ষমতা ফেডারেল সরকারের উপর ব্যস্ত থাকে। ফেডারেল সরকারের উপর ন্যাস্ত যে কোন একটি ক্ষমতা কি?

সঠিক উত্তরঃ মুদ্রা ছাপানো, যুদ্ধ ঘোষণা, সেনা বাহিনী গঠন, চুক্তি সম্পাদন।

প্রশ্ন-৪২) সংবিধান অনুযায়ী কিছু ক্ষমতা স্টেপের উপর ন্যস্ত। স্টেটের যে কোন একটি ক্ষমতা কি?

সঠিক উত্তরঃ স্কুল এবং শিক্ষা প্রদানের দায়িত্ব, নিরাপত্তা দান (পুলিশ), সুরক্ষা প্রদান করা (ফায়ার বিভাগ), ড্রাইভার্স লাইসেন্স দেয়া, ভূমি ব্যবস্থাপনার অনুমোদন।

প্রশ্ন-৪৩) আপনার স্টেটের গভর্নর বর্তমানে কে?

সঠিক উত্তরঃ কোন স্টেটের আপনার অবস্থান তার উপর এই প্রশ্নর উত্তর নির্ভর করে।

প্রশ্ন-৪৪) আপনার স্টেটের রাজধানী নাম কি?

সঠিক উত্তরঃ আপনি কোন স্টেটে বাস করছেন তার উপর এই প্রশ্নের উত্তর নির্ভর করে।

প্রশ্ন-৪৫) ইউএসএ'র ২টি প্রধান রাজনৈতিক দলের নাম কি?

সঠিক উত্তরঃ ডেমোক্র্যাটিক পার্টি ও রিপাবলিকান পার্টি।

প্রশ্ন-৪৬) বর্তমান প্রেসিডেন্টের দল কোনটি?

সঠিক উত্তরঃ যখন প্রশ্নটি করা হচ্ছে তার উপর উত্তর নির্ভর করে। তবে বর্তমান প্রেসিডেন্টের নাম জো বাইডেন। তার রাজনৈতিক দলের নাম ডেমোক্র্যাটিক পার্টি।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

আনসারের ক্ষমতায়ন : ভিন্নমত

॥ সাকিব হাসান ॥

ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার একাদিক্রমে তৃতীয় মেয়াদের উপান্তে এসে ব্যাটালিয়ন আনসারকে অধিকতর ক্ষমতা দেয়ার উদ্যোগ নিয়েছে। ব্যাটালিয়ন আনসার সহসাই পাবে নতুন ক্ষমতা, পাবে এর অর্থ। এ সংক্রান্ত বিল গত ২৩ অক্টোবর সংসদে উত্থাপন করে সংসদীয় কমিটিতে পাঠানো হয়। তার আগে গত ৪ সেপ্টেম্বরে মন্ত্রিসভায় প্রস্তাবিত বিল অনুমোদন দেয়া হয়। সংসদে আওয়ামী লীগের তুমুল সংখ্যাগরিষ্ঠতা প্রায়-বিরোধী দলশূন্য- ফলে ট্রেজারি বেঞ্চ থেকে উত্থাপিত বিল পাস হওয়া সময়ের ব্যাপার মাত্র। এখানে স্মরণ রাখা দরকার, একেকটি আইন পাসের ক্ষেত্রে সংসদে আলোচনা-পর্যালোচনায় কিংবা তর্ক-বিতর্কে সময় নেয়ার ক্ষেত্রে আমরা পিছিয়ে আছি। অধিকন্তু, সরকার চাইলেই বিপুল সংখ্যাধিক্যের কারণে সংসদে যেকোনো আইন খুব সহজেই পাস হতে পারে। নতুন আইনে ব্যাটালিয়ন আনসার কর্তৃপক্ষের অনুমতিক্রমে অপরাধীকে গ্রেফতার, আটক ব্যক্তির দেহ তল্লাশি, মালামাল জব্দ, কোনো স্থানে প্রবেশ, স্থান তল্লাশি ইত্যাদি করার ক্ষমতা পাবে। এতদিন এই ক্ষমতা ছিল পুলিশের। আছে ম্যাজিস্ট্রেটেরও। প্রস্তাবিত আইন পাস হলে ব্যাটালিয়ন আনসারও পুলিশের এসব ক্ষমতার অধিকারী হবে; তবে আটক করলেও পুলিশের কাছে সোপর্দ করতে হবে। ব্যাটালিয়ন আনসার গঠিত হয়েছিল ১৯৯৫ সালে। সেই আইনে অঙ্গীভূতের মাধ্যমে নানা জায়গায় দায়িত্ব পালন ও সরকারের নির্দেশে তিন বাহিনী, বিজিবি ও পুলিশকে সহায়তা করার কথা বলা হয়েছে। আরো বলা হয়েছে, জননিরাপত্তামূলক কাজে সরকার বা সরকারের কোনো কর্তৃপক্ষকে সহায়তা করবে; দুর্যোগ মোকাবেলায় নির্দেশিত হয়ে কাজ করবে- তবে শর্তসাপেক্ষে অস্ত্র বহনের ক্ষমতা বিদ্যমান আইনেও রাখা হয়েছে।

বর্তমান সরকারের চলতি মেয়াদ কেবল শেষের দিকে নয়; বরং জাতীয় নির্বাচন দোরগোড়ায়। আগামী মাসের কোনো এক সময়ে নির্বাচনের তফসিল ঘোষণা হতে পারে। ক্ষমতার শেষ প্রান্তে এসে ব্যাটালিয়ন আনসারের এই ক্ষমতায়ন নিয়ে নানা মহলেই আলোচনা হচ্ছে। সম্ভবত, আগামী মাসের প্রথম সপ্তাহেই বর্তমান সংসদের শেষ অধিবেশন সমাপ্ত হবে। পরবর্তী নির্বাচনে নির্বাচিত সংসদ সদস্যরা শপথ নেয়ার আগ পর্যন্ত সংসদের অধিবেশন বসবে না। অন্যদিকে প্রধান বিরোধী দল বিএনপি বর্তমান সরকারের অধীনে জাতীয় নির্বাচনে অংশ নেবে না এবং সরকার পতন বা পদত্যাগের দাবিতে আন্দোলনরত; ঠিক এই সময়ে ব্যাটালিয়ন আনসারকে পুলিশের সমান্তরাল কিছু ক্ষমতা দেয়ার ব্যাপারটি নিয়ে নানা প্রশ্ন দেখা দেয়া স্বাভাবিক।

স্মর্তব্য, সহযোগী ফোর্সকে ১৯৭১ সালে অতিরিক্ত ক্ষমতা দেয়া হয়েছিল। মনে থাকার কথা, রাজাকার অর্ডিন্যান্স দিয়ে ওই সময়ে রাজাকারদের আধাসামরিক বাহিনীর ক্ষমতা দেয়া হয়েছিল। পরে অবশ্য রাজাকার বাহিনীকে পাকিস্তান সেনাবাহিনীর অধীন করা হয়। ১৯৭২ সালে গঠিত হয়েছিল রক্ষী বাহিনী। এটি একটি বিশেষায়িত বাহিনী ছিল। রক্ষী বাহিনীও আধাসামরিক বাহিনীর মর্যাদা পেয়েছিল। উল্লেখ্য, বিজিবিও একটি আধাসামরিক বাহিনী ও প্রয়োজনে সরকারের নির্দেশে অসামরিক প্রশাসনকে সহায়তা প্রদান বিজিবির জন্য অবশ্য পালনীয়। তবে সীমান্তের নির্দিষ্ট এলাকার মধ্যে বিজিবি তল্লাশি বা গ্রেফতার করতে পারে। এখন প্রস্তাবিত বিলে ব্যাটালিয়ন আনসারকে যে ক্ষমতা দেয়ার কথা আছে, তা এত দিন পুলিশই প্রয়োগ করত। আইনটি কার্যকর হলে পুলিশের পাশাপাশি ব্যাটালিয়ন আনসারও সীমিত পরিসরে গ্রেফতার-তল্লাশি-জব্দকরণের অধিকার ভোগ করবে। কী হতে পারে ব্যাটালিয়ন আনসারের এই ক্ষমতায়নে!

ফৌজদারি বিচারের তিনটি মৌলিক আইনের একটি ফৌজদারি কার্যবিধি- ফৌজদারি অপরাধ ও তার বিচারপদ্ধতির জন্য এটিই মূল আইন। কার্যবিধিতে ফৌজদারি বিচারব্যবস্থার যাবতীয় নিয়ম-কানুনের বিস্তারিত বিবরণ আছে। ২০০ বছরের অধিককাল পেরুলেও ব্রিটিশ প্রবর্তিত ফৌজদারি কার্যবিধি, দন্ডবিধি ও সাক্ষ্য আইনের বড় পরিবর্তন করা যায়নি। ফৌজদারি কার্যবিধি পুলিশের ক্ষমতার মূল উৎসস্থল। ফৌজদারি বিচারের সাথে জড়িত বিজ্ঞ ম্যাজিস্ট্রেটদের ক্ষমতার ক্ষেত্রেও এটি আকর গ্রন্থ। এই মুখ্য আইনেই বিধৃত আছে কখন, কেন, কেমন করে এক বা একাধিক ব্যক্তিকে গ্রেফতার করা যায়। আছে তদন্ত প্রক্রিয়া। পুলিশ বা ম্যাজিস্ট্রেটের সামনে কোনো অপরাধ সংঘটিত হলে গ্রেফতার বা গ্রেফতারের নির্দেশ প্রদান এই কার্যবিধিরই একটি ভাষ্য। ২০০ বছরের অধিককালব্যাপী এই ক্ষমতা পুলিশ ও ম্যাজিস্ট্রেটের ছিল। সেটি এখন ব্যাটালিয়ন আনসারকে দেয়া হচ্ছে; হয়তো সীমিত আকারে। কিন্তু এই দেশে কিছুই সীমিত থাকে না। আধাসামরিক বাহিনী গঠনের প্রেক্ষাপট সীমিত বলেই দাবি থাকে। র‍্যাব গঠনের আইন দেখুন এবং মিলিয়ে দেখুন র‍্যাবের কার্যক্রম। র‍্যাব তবুও পুলিশের নব-সংস্করণ : পুলিশের নানা কিছু তো প্রতিদিন মানতেই হচ্ছে। কিন্তু রক্ষী বাহিনী! মনে পড়ছে কি! বাহিনীটি গঠনের পরিপ্রেক্ষিত আর ক্ষমতা ব্যবহারের নজির কিন্তু সম্পূর্ণ ভিন্ন। এখানে আরো একটি প্রশ্ন আসবে; ব্যাটালিয়ন আনসারকে গ্রেফতার-তল্লাশির ক্ষমতা দিতে হলে ফৌজদারি কার্যবিধির পরিবর্তন দরকার হবে কি না। অন্যদিকে, কার্যবিধিতে গ্রেফতারের নানা প্রক্রিয়ার কথা আছে, নিয়ম বেঁধে দেয়া আছে। ব্যাটালিয়নের ক্ষেত্রে সে সবের কী হবে! এই প্রজন্মের কারোর তো নয়ই; গত শতকের সত্তর-আশি দশকে যাদের জন্ম- স্বাধীনতা যুদ্ধ দেখেনি যারা, এদের কেউই রক্ষী বাহিনী দেখেনি। যারা দেখেছে, কেবল তাদের থেকে শোনার আছে। আগেই বলেছি, আধাসামরিক বাহিনীর ক্ষমতা দিয়ে সৃষ্টি করা হলেও রক্ষী বাহিনী ক্ষমতা বা এখতিয়ার প্রয়োগে সেখানে সীমাবদ্ধ থাকেনি; বরং মানুষ দেখেছে, বাড়াবাড়ি কী বস্তু। দ্বিতীয়ত, এই বাহিনীর গঠন নিয়ে সেনাবাহিনীর মধ্যে বিরূপতা ছিল পাহাড়সমান- অন্য কেউ না জানলেও আওয়ামী লীগ সেটি ভুলছে কী করে! স্বাধীনতা-পরবর্তী সাড়ে চার বছরের শাসনের ঋণাত্মক ব্যাপারগুলোর মধ্যে রক্ষী বাহিনীর গঠন ও ব্যবহার অন্যতম। আওয়ামী লীগ ভুলে গেছে তা?

ব্যাটালিয়ন আনসার ইতোমধ্যেই সংশ্লিষ্ট মন্ত্রীর সাথে দেখা করে তদন্ত করার অধিকার চেয়েছে। আবার পুলিশের পক্ষে ব্যাটালিয়ন আনসারকে এই এখতিয়ার না দেয়ার দাবি জানানো হয়েছে।

ব্যাটালিয়ন আনসারকে গ্রেফতার-তল্লাশি-জব্দকরণের মতো ক্ষমতা দেয়া হলে পুলিশের সাথে দ্বন্দ্ব দেখা দেয়া অস্বাভাবিক নয়। এই দ্বন্দ্ব কি পুলিশের সাথে সরকারের, না ব্যাটালিয়ন আনসারের সেটা বোঝা দায়। সময়ই বলবে। তবে সরকারের সাথে এক প্রকারের মনস্তাত্ত্বিক দূরত্ব সৃষ্টি হবে বলেই অনেকে মনে করছে।

ব্যাটালিয়ন আনসারকে অধিকতর ক্ষমতা দেয়ার ক্ষেত্রে কয়েকটি বিষয় বিবেচনার দাবি রাখে। পুলিশের বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ আছে। একটি হতে পারে, সরকার হয়তো ভেবেছে, যেকোনো সময়ে পুলিশের ওপর আরো বাধা-নিষেধ আরোপিত হতে পারে। ফলে সেকেন্ড লাইন অব অ্যাকশন ঠিক করে রাখা। দ্বিতীয়ত, আমেরিকার স্যাংশনের কারণে কোনো কোনো পুলিশ বিরোধী দলের ওপর আগের মতো ক্রিয়া নাও করতে পারে- ফলে আরেকটি বাহিনীকে প্রস্তুত রাখা। তৃতীয়ত, ২০১৮ সালের অনুরূপ কর্ম থেকে পুলিশ বা কিছু পুলিশ নিজেদের দূরে রাখতে পারে; তাই ক্ষমতা দিয়ে খুশি করে একটি আধাসামরিক বাহিনীর মতো ব্যাটালিয়নকে দিয়ে এসব কাজ করানোর পরিকল্পনা। চতুর্থত, সরকার আদতেই চাইছে, পুলিশের পাশাপাশি কিছুটা সমান্তরাল ক্ষমতা দিয়ে ব্যাটালিয়ন আনসারকে ক্ষমতায়িত করা (এতে আবার দুটো বাহিনী মুখোমুখি হয়ে পড়ার ঝুঁকি আছে)। মোদ্দা কথা, সরকারের বিশেষ পরিকল্পনা থাকতেই পারে, যার মূল উদ্দেশ্য স্পষ্ট করে জানা যাচ্ছে না। পঞ্চমত, হতে পারে আদপে পুলিশকে শক্তি জোগাতেই সরকারের এই পদক্ষেপ। কিন্তু পুলিশ তো চাইছে না। পুলিশের শক্তি বৃদ্ধির প্রশ্নে পুলিশের সংখ্যা বৃদ্ধিই যৌক্তিক সমাধান। উপরের অনুমিত প্রথম চারটি কারণই বিরোধী দলকে সামাল দেয়া।

বর্তমান সরকার ক্ষমতায় থাকলে প্রধান বিরোধী দল নির্বাচনে যাবে না এবং এই সরকারকে হটিয়ে দিয়ে বিকল্প সরকারে অধীনে নির্বাচন আয়োজনের আন্দোলন করছে প্রধান বিরোধী দল ও তাদের সমমনা দলগুলো। মুখ্য বিরোধী দলের নেতাকর্মীদের বিরুদ্ধে মামলার সংখ্যা এতটাই যে, গিনেস বুকেও জায়গা পেতে পারে। অনেক মামলা দ্রুত শেষ করার কাজ চলছে। আবার বিরোধী দলের নানা কর্মসূচিতে পুলিশি বাধা অফুরান। চলছে ও চলবে পাইকারি হারে গ্রেফতার। আগামী জাতীয় নির্বাচন করিয়ে নিতে সরকার বদ্ধপরিকর। ফলে বিরোধী দলকে মোকাবেলা করার একটি উপায়ও হতে পারে ব্যাটালিয়ন আনসারকে এই ক্ষমতা প্রদান।

গ্রেফতার-নির্যাতন-মামলা গণতন্ত্রের ভাষা নয়। কিন্তু সরকার এ ক্ষেত্রে রাখঢাকও রাখছে না। এই সময়ে সরকার পুলিশকে অখুশি করতে চাইবে বলে মনে হয় না। এখন পুলিশ ছাড়াও নানা গোয়েন্দা বাহিনী মানুষকে তুলে নেয় বলে অভিযোগ আছে। পুলিশের বিরুদ্ধে ক্ষমতার অপপ্রয়োগের এন্তার অভিযোগ আছে, আছে বাড়াবাড়ির অভিযোগ। এর মধ্যে আরো একটি বাহিনীকে গ্রেফতারের ক্ষমতা দেয়ার প্রস্তাবিত আইন জনগণকে আরো বেশি হয়রানির মধ্যে ঠেলে দেবে না তো?



সাধারণ নির্বাচনের বিজ্ঞপ্তি - ৭ নভেম্বর, ২০২৩

প্রার্থীদের তালিকা

(পরিবর্তন হতে পারে)

নিউ ইয়র্ক কাউন্টি

দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে নিউ ইয়র্ক কাউন্টির প্রাথমিক নির্বাচন মঙ্গলবার, ৭ নভেম্বর, ২০২৩ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিস এবং পদের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

সকল দলীয় এবং স্বতন্ত্র প্রার্থী -

সুপ্রিম কোর্টের বিচারপতি - ১ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ৩
ডেমোক্রেটিক
PHAEDRA F. PERRY
ডেমোক্রেটি
LYLE E. FRANK
ডেমোক্রেটি
LESLIE A. STROTH

সিভিল কোর্টের বিচারক - কাউন্টি - নিউ ইয়র্ক, মনোনীত হবে: ২
ডেমোক্রেটিক
DANA MARIE CATANZARO
ডেমোক্রেটিক
YAEL WILKOFSKY

কাউন্সিল সদস্য - ১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
CHRISTOPHER MARTE
রিপাবলিকান/কমন সেন্স HELEN QIU
কনজারভেটিভ/ আর্টস অ্যান্ড কালচার
HELEN QIU

কাউন্সিল সদস্য - ২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
CARLINA RIVERA
ওয়ার্কিং ফ্যামিলি
CARLINA RIVERA

কাউন্সিল সদস্য - ৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটি
ERIK D. BOTTCHER
রিপাবলিকান
ROBERT P. BOBRICK
মেডিক্যাল ফ্রিডম
ROBERT P. BOBRICK

কাউন্সিল সদস্য - ৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
KEITH POWERS
রিপাবলিকান
BRIAN ROBINSON
প্যারেন্ট পার্ট
BRIAN ROBINSON

কাউন্সিল সদস্য - ৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটি
JULIE MENIN
রিপাবলিকান
ELIZABETH GOLLUSCIO

কাউন্সিল সদস্য - ৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
GALE A. BREWER
রিপাবলিকান
DIANE DI STASIO
মেডিক্যাল ফ্রিডম
BARBARA A. SIMPSON
ক্লিন আপ NY/আর্টস অ্যান্ড কালচার
DIANE DI STASIO

কাউন্সিল সদস্য - ৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
SHAUN ABREU

কাউন্সিল সদস্য - ৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
DIANA I. AYALA
রিপাবলিকান
EXODUS M. GARY

কাউন্সিল সদস্য - ৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
YUSEF SALAAM

কাউন্সিল সদস্য - ১০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
CARMEN N. DE LA ROSA
ওয়ার্কিং ফ্যামিলিস
CARMEN N. DE LA ROSA

সিভিল কোর্টের বিচারক - ডিসট্রিক্ট - ১ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট - নিউ ইয়র্ক, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
LAUREN L. ESPOSITO

সিভিল কোর্টের বিচারক - ডিসট্রিক্ট - ৩ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট - নিউ ইয়র্ক, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
ANDREA KRUGMAN

সিভিল কোর্টের বিচারক - ডিসট্রিক্ট - ৬ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট - নিউ ইয়র্ক, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
ANNA MIKHALEVA

সিভিল কোর্টের বিচারক - ডিসট্রিক্ট - ৭ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট - নিউ ইয়র্ক, মনোনীত হবে: ১
পাবলিক সার্ভিস
DENISE M. DOMINGUEZ

এক নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: বিশেষ সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতা থেকে ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির অপসারণ - সমগ্র শহরের জন্য, অনুমোদিত হবে: ১
সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৪-এর প্রস্তাবিত সংশোধনী ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির উপর বর্তমানে থাকা বিশেষ সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতাকে সরিয়ে দেয়, ফলে তাদের অন্যান্য সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের মতোই বিবেচনা করা হবে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?
হ্যাঁ
না

দুই নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: ঋণের সীমা থেকে সম্প্রসারিত নর্দমা প্রকল্পে ঋণ অব্যাহতি - সমগ্র শহরের জন্য, অনুমোদিত হবে: ১
সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৫-এর প্রস্তাবিত সংশোধনী কাউন্টি, শহর, নগর এবং গ্রামের কর্তৃত্বকে তাদের সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতা থেকে নর্দমা সুবিধা নির্মাণের জন্য ঋণ অপসারণের ক্ষমতা দশ বছরের জন্য বৃদ্ধি করে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?
হ্যাঁ
না

ব্রনক্স কাউন্টি

দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে ব্রনক্স কাউন্টির প্রাথমিক নির্বাচন মঙ্গলবার, ৭ নভেম্বর, ২০২৩ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিস এবং পদের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

সকল দলীয় এবং স্বতন্ত্র প্রার্থী

ডিসট্রিক্ট অ্যাটর্নি - ব্রনক্স, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
DARCEL D. CLARK
সুপ্রিম কোর্টের বিচারপতি - ১২th Judicial ডিসট্রিক্ট, মনোনীত হবে: ৩
ডেমোক্রেটিক
MICHAEL A. FRISHMAN
ডেমোক্রেটিক
SHARON A.M. AARONS
ডেমোক্রেটিক
JOHN A. HOWARD-ALGARIN

সিভিল কোর্টের বিচারক - কাউন্টি - ব্রনক্স, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
JOAQUIN E. ORELLANA

কাউন্সিল সদস্য - ৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
DIANA I. AYALA
রিপাবলিকান
EXODUS M. GARY

কাউন্সিল সদস্য - ১১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
ERIC DINOWITZ
রিপাবলিকান
ROBERT J. CAEMMERER
কনজারভেটিভ/মেডিক্যাল ফ্রিডম
ROBERT J. CAEMMERER

কাউন্সিল সদস্য - ১২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
KEVIN C. RILEY
রিপাবলিকান
DEWAYNE R. LEE

কাউন্সিল সদস্য - ১৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
MARJORIE VELAZQUEZ
রিপাবলিকান
KRISTY MARMORATO
কনজারভেটিভ
KRISTY MARMORATO

কাউন্সিল সদস্য - ১৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
PIERINA A. SANCHEZ
রিপাবলিকান
AMELIA ROSE
ওয়ার্কিং ফ্যামিলিস
PIERINA A. SANCHEZ

কাউন্সিল সদস্য - ১৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
OSWALD J. FELIZ
রিপাবলিকান
ERICA ELIAS
কনজারভেটিভ
JOSE A. PADILLA JR.

কাউন্সিল সদস্য - ১৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
ALTHEA V. STEVENS
রিপাবলিকান
TANYA CARMICHAEL

কাউন্সিল সদস্য - ১৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
RAFAEL SALAMANCA JR.
রিপাবলিকান
ROSALINE NIEVES
কনজারভেটিভ
GONZALO DURAN

কাউন্সিল সদস্য - ১৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
AMANDA C. FARIAS
রিপাবলিকান
MICHELLE CASTILLO
ওয়ার্কিং ফ্যামিলিস
AMANDA C. FARIAS

কাউন্সিল সদস্য - ২২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
TIFFANY L. CABAN
রিপাবলিকান
KELLY M. KLINGMAN
কনজারভেটিভ/অ্যানিম্যাল ওয়েলফেয়ার
KELLY M. KLINGMAN
ওয়ার্কিং ফ্যামিলিস
TIFFANY L. CABAN

সিভিল কোর্টের বিচারক - ডিসট্রিক্ট - ১ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট - ব্রনক্স, মনোনীত হবে: ২
ডেমোক্রেটিক
CAROL ELAINE MALCOLM
ডেমোক্রেটিক
EDIT SHKRELI

এক নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: বিশেষ সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতা থেকে ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির অপসারণ - সমগ্র শহরের জন্য, মনোনীত হবে: ১
সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৪-এর প্রস্তাবিত সংশোধনী ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির উপর বর্তমানে থাকা বিশেষ সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতাকে সরিয়ে দেয়, ফলে তাদের অন্যান্য সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের মতোই বিবেচনা করা হবে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?
হ্যাঁ
না

দুই নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: ঋণের সীমা থেকে সম্প্রসারিত নর্দমা প্রকল্পে ঋণ অব্যাহতি - সমগ্র শহরের জন্য, মনোনীত হবে: ১
সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৫-এর প্রস্তাবিত সংশোধনী কাউন্টি, শহর, নগর এবং গ্রামের কর্তৃত্বকে তাদের সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতা থেকে নর্দমা সুবিধা নির্মাণের জন্য ঋণ অপসারণের ক্ষমতা দশ বছরের জন্য বৃদ্ধি করে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?
হ্যাঁ
না

কিংস কাউন্টি

দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে কিংস কাউন্টির প্রাথমিক নির্বাচন মঙ্গলবার, ৭ নভেম্বর, ২০২৩ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিস এবং পদের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

সকল দলীয় এবং স্বতন্ত্র প্রার্থী

সাধারণ নির্বাচনের বিজ্ঞপ্তি - ৭ নভেম্বর, ২০২৩

প্রার্থীদের তালিকা

ক্রমশ (পরিবর্তন হতে পারে)

প্রতিনিধি - কিংস, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
BERNARD J. GRAHAM

সুপ্রিম কোর্টের বিচারপতি - ২ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ৬
ডেমোক্রেটিক
RACHEL FREIER
রিপাবলিকান
RACHEL FREIER
কনজারভেটিভ
RACHEL FREIER
ডেমোক্রেটিক
SHARON A.B. CLARKE
রিপাবলিকান
SHARON A.B. CLARKE
কনজারভেটিভ
SHARON A.B. CLARKE
ডেমোক্রেটিক
JOANNE QUINONES
রিপাবলিকান
JOANNE QUINONES
কনজারভেটিভ
JOANNE QUINONES
ডেমোক্রেটিক
CAROLINE PIELA COHEN
রিপাবলিকান
TIMOTHY PETERSON
কনজারভেটিভ
TIMOTHY PETERSON
ডেমোক্রেটিক
HEELA CAPELL
রিপাবলিকান
HEELA CAPELL
কনজারভেটিভ
HEELA CAPELL
ডেমোক্রেটিক
SAUL STEIN
রিপাবলিকান
SAUL STEIN
কনজারভেটিভ
SAUL STEIN

সিভিল কোর্টের বিচারক - কাউন্টি - কিংস, মনোনীত হবে: ৪
ডেমোক্রেটিক
BETSEY JEAN-JACQUES
ডেমোক্রেটিক
LINDA WILSON
ডেমোক্রেটিক
MARVA C. BROWN
ওয়ার্কিং ফ্যামিলিস
MARVA C. BROWN
ডেমোক্রেটিক
MONIQUE J. HOLAMAN

কাউন্সিল সদস্য - ৩৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
LINCOLN RESTLER
রিপাবলিকান
MARTHA ROWEN
কনজারভেটিভ/মেডিক্যাল ফ্রিডম
MARTHA ROWEN
ওয়ার্কিং ফ্যামিলিস
LINCOLN RESTLER

কাউন্সিল সদস্য - ৩৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
JENNIFER GUTIERREZ
ওয়ার্কিং ফ্যামিলিস
JENNIFER GUTIERREZ
মেডিক্যাল ফ্রিডম
MARGUERITE CHANDLER

কাউন্সিল সদস্য - ৩৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
CRYSTAL HUDSON
ওয়ার্কিং ফ্যামিলিস
CRYSTAL HUDSON

কাউন্সিল সদস্য - ৩৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
CHI A. OSSE
ওয়ার্কিং ফ্যামিলিস
CHI A. OSSE

কাউন্সিল সদস্য - ৩৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
SANDY NURSE
রিপাবলিকা
ISAIAH ORLANDO VEGA
কনজারভেটিভ/মেডিক্যাল ফ্রিডম ISAIAH ORLANDO VEGA
ওয়ার্কিং ফ্যামিলিস
Sandy Nurse

কাউন্সিল সদস্য - ৩৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
ALEXA AVILES
রিপাবলিকান
PAUL A. RODRIGUEZ
কনজারভেটিভ
PAUL A. RODRIGUEZ
ওয়ার্কিং ফ্যামিলিস
ALEXA AVILES

কাউন্সিল সদস্য - ৩৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
SHAHANA K. HANIF
রিপাবলিকান
ARKADIUSZ T. TOMASZEWSKI
কনজারভেটিভ/মেডিক্যাল ফ্রিডম
ARKADIUSZ T. TOMASZEWSKI
ওয়ার্কিং ফ্যামিলিস
SHAHANA K. HANIF

কাউন্সিল সদস্য - ৪০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
RITA C. JOSEPH
ওয়ার্কিং ফ্যামিলিস
RITA C. JOSEPH
মেডিক্যাল ফ্রিডম
DANIEL B. LALLY

কাউন্সিল সদস্য – ৪১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
DARLENE MEALY

কাউন্সিল সদস্য - ৪২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
CHRIS BANKS

কাউন্সিল সদস্য - ৪৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
SUSAN ZHUANG
রিপাবলিকান
YING TAN
কনজারভেটিভ
VITO J. LABELLA

কাউন্সিল সদস্য - ৪৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
KALMAN YEGER
রিপাবলিকান
KALMAN YEGER
কনজারভেটিভ
KALMAN YEGER
HESHY TISCHLER

কাউন্সিল সদস্য - ৪৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
FARAH N. LOUIS

কাউন্সিল সদস্য - ৪৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
MERCEDES NARCISSE
রিপাবলিকান
MICHAEL J. MORAN
কনজারভেটিভ
MICHAEL J. MORAN
ADLERETTE KEBREAU

কাউন্সিল সদস্য - ৪৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটি
JUSTIN BRANNAN
রিপাবলিকান
ARI KAGAN
কনজারভেটিভ/প্যারেন্ট পার্টি
ARI KAGAN

কাউন্সিল সদস্য - ৪৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
AMBER ADLER
রিপাবলিকান
INNA VERNIKOV
কনজারভেটিভ
INNA VERNIKOV
উই দ্যা পিপল
AMBER ADLER
টিম ট্রাম্প
IGOR KAZATSKER

কাউন্সিল সদস্য - ৫০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
রিপাবলিকান
DAVID M. CARR
কনজারভেটিভ
DAVID M. CARR

সিভিল কোর্টের বিচারক - ডিসট্রিক্ট - ১ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট - কিংস, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
RENA MALIK

সিভিল কোর্টের বিচারক - ডিসট্রিক্ট - ২ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট - কিংস, মনোনীত হবে: ২
ডেমোক্রেটিক
LOLA WATERMAN
ডেমোক্রেটিক
BABATUNDE AKOWE

সিভিল কোর্টের বিচারক - ডিসট্রিক্ট - ৩ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট - কিংস, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
JAVIER ORTIZ

এক নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: বিশেষ সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতা থেকে ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির অপসারণ - সমগ্র শহরের জন্য, মনোনীত হবে: ১
সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৪-এর প্রস্তাবিত সংশোধনী ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির উপর বর্তমানে থাকা বিশেষ সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতাকে সরিয়ে দেয়, ফলে তাদের অন্যান্য সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের মতোই বিবেচনা করা হবে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?
হ্যাঁ
না

দুই নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: ঋণের সীমা থেকে সম্প্রসারিত নর্দমা প্রকল্পে ঋণ অব্যাহতি - সমগ্র শহরের জন্য, মনোনীত হবে: ১
সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৫-এর প্রস্তাবিত সংশোধনী কাউন্টি, শহর, নগর এবং গ্রামের কর্তৃত্বকে তাদের সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতা থেকে নর্দমা সুবিধা নির্মাণের জন্য ঋণ অপসারণের ক্ষমতা দশ বছরের জন্য বৃদ্ধি করে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?
হ্যাঁ
না

কুইন্স কাউন্টি

দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে কুইন্স কাউন্টির প্রাথমিক নির্বাচন মঙ্গলবার, ৭ নভেম্বর, ২০২৩ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিস এবং পদের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

সকল দলীয় এবং স্বতন্ত্র প্রার্থী

ডিসট্রিক্ট অ্যাটর্নি - কুইন্স, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
MELINDA KATZ
রিপাবলিকান
MICHAEL MOSSA
কনজারভেটিভ
MICHAEL MOSSA
পাবলিক সেফটি
GEORGE A. GRASSO

সুপ্রিম কোর্টের বিচারপতি - ১১ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ৫
ডেমোক্রেটিক
CASSANDRA A. JOHNSON
রিপাবলিকান
GARY MURACA
ডেমোক্রেটিক
KAREN LIN
ডেমোক্রেটিক
PETER J. KELLY
ডেমোক্রেটিক
SCOTT DUNN
রিপাবলিকান
SCOTT DUNN
ডেমোক্রেটিক
JESSICA EARLE-GARGAN

সিভিল কোর্টের বিচারক - কাউন্টি - কুইন্স, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
SANDRA PEREZ
রিপাবলিকান
SHARMELA BACHU

কাউন্সিল সদস্য - ১৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
TONY AVELLA
রিপাবলিকান
VICKIE PALADINO
কনজারভেটিভ/কমন সেন্স
VICKIE PALADINO
ট্যাক্সপেয়ার ইউনাইট
TONY AVELLA

কাউন্সিল সদস্য - ২০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
SANDRA UNG
রিপাবলিকান/মেডিক্যাল ফ্রিডম
YU-CHING JAMES PAI
কনজারভেটিভ/কমন সেন্স
YU-CHING JAMES PAI
বেটার ফ্লাসিং
JIN LIANG CHEN

কাউন্সিল সদস্য - ২১নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
FRANCISCO P. MOYA

কাউন্সিল সদস্য - ২২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
TIFFANY L. CABAN
রিপাবলিকান
KELLY M. KLINGMAN
কনজারভেটিভ/অ্যানিম্যাল ওয়েলফেয়ার
KELLY M. KLINGMAN
ওয়ার্কিং ফ্যামিলিস
TIFFANY L. CABAN

কাউন্সিল সদস্য - ২৩ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
LINDA LEE
রিপাবলিকান/কমন সেন্স
BERNARD K. CHOW
কনজারভেটিভ/মেডিক্যাল ফ্রিডম
BERNARD K. CHOW

কাউন্সিল সদস্য - ২৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
JAMES F. GENNARO
রিপাবলিকান/মেডিক্যাল ফ্রিডম
JONATHAN D. RINALDI
কনজারভেটিভ/প্যারেন্ট পার্টি
JONATHAN D. RINALDI

কাউন্সিল সদস্য - ২৫ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
SHEKAR KRISHNAN
রিপাবলিকান
ZHILE CAO
ওয়ার্কিং ফ্যামিলি
SHEKAR KRISHNAN
মেডিক্যাল ফ্রিডম
ZHILE CAO
ডাইভারসিটি
FATIMA BARYAB

সাধারণ নির্বাচনের বিজ্ঞপ্তি - ৭ নভেম্বর, ২০২৩

প্রার্থীদের তালিকা

ক্রমশ (পরিবর্তন হতে পারে)

কাউন্সিল সদস্য - ২৬ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
JULIE WON
রিপাবলিকান
MARVIN R. JEFFCOAT
ওয়ার্কিং ফ্যামিলি
JULIE WON
মেডিক্যাল ফ্রিডম
MARVIN R. JEFFCOAT

কাউন্সিল সদস্য - ২৭ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
NANTASHA M. WILLIAMS
রিপাবলিকান
MARILYN M. MILLER
মেডিক্যাল ফ্রিডম
MARILYN M. MILLER

কাউন্সিল সদস্য - ২৮ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
ADRIENNE E. ADAMS
রিপাবলিকান
RUSAT RAMGOPAL
কমন সেন্স
RUSAT RAMGOPAL

কাউন্সিল সদস্য - ২৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
LYNN C. SCHULMAN
রিপাবলিকান
DANNIEL S. MAIO
কনজারভেটিভ
DANNIEL S. MAIO
কমন সেন্স
SUKHI SINGH
কাউন্সিল সদস্য - ৩০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক/অ্যানিম্যাল ওয়েলফেয়ার
ROBERT F. HOLDEN
রিপাবলিকান
ROBERT F. HOLDEN
কনজারভেটিভ/মেডিক্যাল ফ্রিডম
ROBERT F. HOLDEN

কাউন্সিল সদস্য – ৩১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
SELVENA N. BROOKS-POWERS
রিপাবলিকান
DANIELLA M. MAY
ম্যাড এজ হেল/প্যারেন্ট পার্টি
DANIELLA M. MAY

কাউন্সিল সদস্য - ৩২ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
রিপাবলিকান
JOANN ARIOLA
কনজারভেটিভ
JOANN ARIOLA

কাউন্সিল সদস্য - ৩৪ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
JENNIFER GUTIERREZ
ওয়ার্কিং ফ্যামিলিস
JENNIFER GUTIERREZ
মেডিক্যাল ফ্রিডম
MARGUERITE CHANDLER

সিভিল কোর্টের বিচারক - ডিসট্রিক্ট - ১ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট - কুইন্স, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
MICHAEL H. GOLDMAN

সিভিল কোর্টের বিচারক - ডিসট্রিক্ট - ২ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট - কুইন্স, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
SANDRA M. MUNOZ

সিভিল কোর্টের বিচারক - ডিসট্রিক্ট - ৪ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট - কুইন্স, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
DELSIA G. MARSHALL

সিভিল কোর্টের বিচারক - ডিসট্রিক্ট - ৬ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট - কুইন্স, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
EVELYN GONG
রিপাবলিকান
WILLIAM DAVID SHANAHAN
কনজারভেটিভ/কমন সেন্স
WILLIAM DAVID SHANAHAN

এক নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: বিশেষ সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতা থেকে ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির অপসারণ - সমগ্র শহরের জন্য, মনোনীত হবে: ১
সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৪-এর প্রস্তাবিত সংশোধনী ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির উপর বর্তমানে থাকা বিশেষ সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতাকে সরিয়ে দেয়, ফলে তাদের অন্যান্য সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের মতোই বিবেচনা করা হবে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?
হ্যাঁ
না

দুই নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: ঋণের সীমা থেকে সম্প্রসারিত নর্দমা প্রকল্পে ঋণ অব্যাহতি - সমগ্র শহরের জন্য, মনোনীত হবে: ১
সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৫-এর প্রস্তাবিত সংশোধনী কাউন্টি, শহর, নগর এবং গ্রামের কর্তৃত্বকে তাদের সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতা থেকে নর্দমা সুবিধা নির্মাণের জন্য ঋণ অপসারণের ক্ষমতা দশ বছরের জন্য বৃদ্ধি করে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?
হ্যাঁ
না

রিচমন্ড কাউন্টি

দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে রিচমন্ড কাউন্টির প্রাথমিক নির্বাচন মঙ্গলবার, ৭ নভেম্বর, ২০২৩ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যালটে নিম্নে উল্লেখ করা সরকারি অফিস এবং পদের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

সকল দলীয় এবং স্বতন্ত্র প্রার্থী

ডিসট্রিক্ট অ্যাটর্নি - রিচমন্ড, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
MICHAEL E. MCMAHON

কাউন্সিল সদস্য - ৪৯ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
ডেমোক্রেটিক
KAMILLAH M. HANKS
সেইফ স্ট্রিট
SI RUSLAN SHAMAL

কাউন্সিল সদস্য - ৫০ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
রিপাবলিকান
DAVID M. CARR
কনজারভেটিভ
DAVID M. CARR

কাউন্সিল সদস্য – ৫১ নম্বর কাউন্সিল ডিসট্রিক্ট, মনোনীত হবে: ১
রিপাবলিকান
JOSEPH C. BORELLI
কনজারভেটিভ
JOSEPH C. BORELLI

সিভিল কোর্টের বিচারক - ডিসট্রিক্ট - ২ নম্বর মিউনিসিপ্যাল কোর্ট ডিসট্রিক্ট - রিচমন্ড, মনোনীত হবে: ১
রিপাবলিকান
MICHAEL J. PINTO
কনজারভেটিভ
MICHAEL J. PINTO

এক নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: বিশেষ সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতা থেকে ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির অপসারণ - সমগ্র শহরের জন্য, মনোনীত হবে: ১
সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৪-এর প্রস্তাবিত সংশোধনী ছোট শহরের স্কুল ডিস্ট্রিক্টগুলির উপর বর্তমানে থাকা বিশেষ সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতাকে সরিয়ে দেয়, ফলে তাদের অন্যান্য সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের মতোই বিবেচনা করা হবে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?
হ্যাঁ
না

দুই নম্বর প্রস্তাবনা জমা দেওয়ার ফর্ম, একটি সংশোধনী: ঋণের সীমা থেকে সম্প্রসারিত নর্দমা প্রকল্পে ঋণ অব্যাহতি - সমগ্র শহরের জন্য, মনোনীত হবে: ১
সংবিধানের অনুচ্ছেদ ৮, ধারা ৫-এর প্রস্তাবিত সংশোধনী কাউন্টি, শহর, নগর এবং গ্রামের কর্তৃত্বকে তাদের সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতা থেকে নর্দমা সুবিধা নির্মাণের জন্য ঋণ অপসারণের ক্ষমতা দশ বছরের জন্য বৃদ্ধি করে। প্রস্তাবিত সংশোধনীটি কি অনুমোদিত হবে?
হ্যাঁ
না

আপনি ভোট দেয়ার যোগ্য কি না জানার জন্য,
আপনার ভোটকেন্দ্রের ঠিকানা খুঁজতে কিংবা একটি নমুনা ব্যালট দেখার জন্য, দেখুন:

vote.nyc

অথবা, কল করুন টোল ফ্রি: **(866) 868-3692**

টিটিওয়াই নম্বর: **(212) 487-5496**

নির্বাচন কর্মী হিসাবে কাজ করতে চাইলে আমাদের ওয়েব সাইট
nyc.electiondayworker.com
এর মাধ্যমে আবেদন করুন।

THE BOARD OF ELECTIONS IN THE CITY OF NEW YORK
Executive Office, 32 Broadway,
7th floor
New York, NY 10004

কমিশনারস অব ইলেকশনস
Simon Shamoun - প্রেসিডেন্ট
Rodney L. Pepe-Souvenir - সেক্রেটারি
Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Carol R. Edmead
Gino A. Marmorato
Jodi Morales
Michele A. Sileo
Keith Sullivan
Frederic M. Umane





নিউইয়র্কের ব্রঙ্কস নিবাসী আবৃত্তি এবং অভিনয় শিল্পী জনাব আনোয়ারুল হক লাভলুর ছোটোকন্যা আবসারী নাঈর অন্সরার সাথে জামাইকা নিবাসী জনাব আহমদ আলীর মেঝো ছেলে মুজাফ্ফার আহমেদ নবীনের বিবাহোত্তর সম্বর্ধনা অনুষ্ঠানটি নিউইয়র্কের লংআইল্যান্ডস্থ 'দি রয়েল পাম' হলে, বরকনে উভয়পক্ষের যৌথ আয়োজনে অত্যন্ত আনন্দঘন পরিবেশে সম্পন্ন হলো ১৫ই অক্টোবর'২০২৩ রাতে। পরিবার, আত্মীয় স্বজন, বন্ধুবান্ধবসহ বেশকিছু সংখ্যক লেখক, কবি, সাহিত্যিক, সংগঠক, সাংবাদিক, সঙ্গীতশিল্পী, চিত্রশিল্পী, অভিনয়শিল্পী এবং আবৃত্তিশিল্পীদের উপস্থিতিতে জমে উঠেছিল সম্বর্ধনা অনুস্ঠানস্থল। লন্ডন, ফ্রান্সসহ আমেরিকার বিভিন্ন স্টেট থেকে পরিবার, বন্ধুবান্ধব এবং আত্মীয়স্বজনরা অনুষ্ঠানে উপস্থিত হয়েছিলেন। দু' পরিবারের পক্ষথেকে বরকনের জন্য দোয়া/আশীর্বাদ কামনা করা হয়েছে।

নিউইয়র্ক পুলিশে ১২টি ভাষায় তথ্যসেবা ডেস্ক চালু

(শেষের পাতার পর)

নিয়েছে এনওয়াইপিডি।

গত ২৬ অক্টোবর বৃহস্পতিবার সকালে নিউইয়র্ক পুলিশ প্লাজায় কমিউনিটি সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভায় এসব তথ্য জানান, এনওয়াইপিডির ডেপুটি কমিশনার তারিক শেফার্ড। সভায় বাংলাদেশীসহ নিউইয়র্কে কর্মরত বিশ্বের বিভিন্ন কমিউনিটির গণমাধ্যমকর্মীরা অংশ নেন। এসময় তারিক শেফার্ড বলেন, ভাষাগত সমস্যার কারণে অনেকেই জরুরি মূহুর্তে পুলিশের সাহায্য চাইতে পারেন না। এমনকি কোথাও কোন অপরাধ কর্মকান্ড ঘটলে ভাষাগত সমস্যার কারণে অনেকেই তা পুলিশকে জানাতে আগ্রহবোধ করেন না। এতে অপরাধ দমন কার্যক্রম নানাসময় বাধাগ্রস্ত হয়। এছাড়া, গণমাধ্যমকর্মীরা তাদের কমিউনিটির সংবাদ মাধ্যমে খবর সরবরাহ করতে গিয়েও তথ্য পেতে ভাষাগত চ্যালেঞ্জ এর মুখোমুখি হন। তাই নিউইয়র্ক পুলিশ ডিপার্টম্যান্ট সিটিতে প্রচলিত প্রায় সবগুলো ভাষাভাষিদের জন্য আলাদা ডেস্ক ও এসাইনড অফিসার নিযুক্ত করেছে।

এসময় এনওয়াইপিডির গণসংযোগ কর্মকর্তা কার্লোস নাইভেসসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।





সাধারণ নির্বাচনের বিজ্ঞপ্তি

ভোটকেন্দ্র সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা থাকবে।

মঙ্গলবার,৭ নভেম্বর, ২০২৩

আপনি ভোট দেয়ার যোগ্য কি না জানার জন্য,

আপনার ভোটকেন্দ্রের ঠিকানা খুঁজতে কিংবা একটি নমুনা ব্যালট দেখার জন্য, দেখুন:

vote.nyc

অথবা, কল করুন টোল ফ্রি: **(866) 868-3692** • টিটিওয়াই নম্বর: **(212) 487-5496**

নির্বাচন কর্মী হিসাবে কাজ করতে চাইলে আমাদের ওয়েব সাইট

nyc.electiondayworker.com এর মাধ্যমে আবেদন করুন।

THE BOARD OF ELECTIONS IN THE CITY OF NEW YORK
Executive Office, 32 Broadway, 7th floor
New York, NY 10004

কমিশনারস অব ইলেকশনস

Simon Shamoun - প্রেসিডেন্ট
Rodney L. Pepe-Souvenir - সেক্রেটারি
Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Carol R. Edmead
Gino A. Marmorato
Jodi Morales
Michele A. Sileo
Keith Sullivan
Frederic M. Umane



টানা দ্বিতীয় জয়ে সিরিজ বাংলাদেশের মেয়েদের

স্পোর্টস ডেস্ক: দ্বিতীয় টি-টোয়েন্টিতেও বাংলাদেশ নারী দলের সঙ্গে পেরে ওঠেনি পাকিস্তানের মেয়েরা। চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে পাকিস্তানের বিপক্ষে ২০ রানের জয় পেয়েছে বাংলাদেশ। এই জয়ে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ স্বাগতিকেরা এক ম্যাচ হাতে রেখেই জিতে নিয়েছে। এদিন টস জিতে বাংলাদেশকে আগে ব্যাটিংয়ে পাঠায় পাকিস্তান। নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেটে ১২০ রান করে বাংলাদেশ। ওপেনিং জুটি বাংলাদেশকে ভালো শুরু এনে দেয়। ৩৪ রানের এই জুটি ভাঙে শামীমা সুলতানা ১৮ রানে আউট হলে।

আরেক ওপেনার মুর্শিদা খাতুনও বেশিদূর যেতে পারেননি। তিনি আউট হয়েছেন ২০ রানে। তিনে নামা সোবহানা মোস্তারি ও অধিনায়ক নিগার সুলতানাও ইনিংস বড় করতে পারেননি। সোবহানা ১৬ ও নিগার ১০ রানে আউট হলে ৭১ রানে ৪ উইকেট হারায় বাংলাদেশ। এখান থেকে দলকে ভালো সংগ্রহ এনে দিয়েছে পঞ্চম উইকেটে জুটি।

স্বর্ণা আক্তার ও রিতু মনির এই জুটি থেকে এসেছে ৩৮ রান। রিতু ১৯ রানে আউট হলেও স্বর্ণা ২৭ রানে অপরাজিত থাকেন। ২২ বলের ইনিংসে স্বর্ণা একটি চার ও একটি ছক্কা মেরেছেন। রান তাড়ায় নেমে ভালো শুরু পায়নি পাকিস্তান। ৫৯ রানের মধ্যে ৪ উইকেট হারায় তারা।

একপ্রান্ত ধরে রাখা বিসমাহ মারুফও আউট হয়ে যান দলীয় ৬১ রানে। ৪৪ বলে ৩০ রান করেছেন এই টপ অর্ডার ব্যাটার। বিসমাহর আউটের পর পাকিস্তানের ইনিংস আর এগোয়নি। শেষ পর্যন্ত ৭ উইকেট হারিয়ে ১০০ রানে থেমেছে তাদের ইনিংস।



আনন্দ সবার, বেদনা শুধুই আমাদের

স্পোর্টস ডেস্ক: দলও খারাপ করছে আর সেই প্রসঙ্গ তোলা হলে ইদানীং কণ্ঠও ধরে আসছে তাসকিন আহমেদের। ধরে এসেছিল ধর্মশালাতেও, এবার কলকাতায়। আফগানিস্তানের বিপক্ষে জয় দিয়ে বাংলাদেশের বিশ্বকাপ শুরু হলেও ধর্মশালার দুই ম্যাচেই পেসাররা ছিলেন বিবর্ণ। ইংল্যান্ড ম্যাচের পর তাঁদের ব্যর্থতার কথা উঠতেই চোখে-মুখে অন্ধকার নেমে এসেছিল তাসকিনের।

ধরে আসা কণ্ঠে বলেছিলেন, 'দুই ম্যাচ দিয়ে যদি (পেসারদের) দুই বছরের অর্জন এলোমেলো হয়ে গেছে বলে মনে করেন, তাহলে সেটি আমাদের ব্যর্থতাই।'

ধর্মশালায় ইংল্যান্ডের কাছে হারার পর থেকে আর জয়েও ফিরতে পারেনি বাংলাদেশ। টানা চার ম্যাচের হারে তাঁদের নিয়ে সমালোচনার ঝড়ও ক্রমেই বেগবান হচ্ছে। বাইরের সেসব আলোচনা দলের আবহে কোনো প্রভাব ফেলছে কি না, আজকের নেদারল্যান্ডস ম্যাচ-পূর্ব সংবাদ সম্মেলনে তাসকিনের কাছে ছুটে গেল এই জিজ্ঞাসাও। এর আগ পর্যন্ত বেশ চনমনে ফাস্ট বোলারের অভিব্যক্তিও যেন বদলে গেল সঙ্গে সঙ্গেই। যে জবাব দিলেন, তার সারমর্ম এমনই দাঁড়ায়, 'আনন্দ সবার, বেদনা শুধুই আমাদের।'

তাসকিনের জবাব শুনে মিলিয়ে নিতে পারেন, 'আসলে হয় কী, যখন খারাপ হয়, তখন আমাদের এই ১৫ জনেরই সব নিতে হয়। ওটা তো আমরা বরাবরের মতো নিচ্ছিই। সব চাপ নিচ্ছি, কোনো সমস্যা নেই। আবার যখন ভালো হবে, সবাই মিলেই উদযাপন করবো।'



লেবানন যাওয়া হলো না বাংলাদেশ দলের

স্পোর্টস ডেস্ক: লেবাননের বিপক্ষে ২৬ ও ২৯ অক্টোবর ফিফা প্রীতি ম্যাচ খেলার কথা ছিল বাংলাদেশ নারী দলের। দুটি ম্যাচের ভেন্যু নির্ধারিত ছিল লেবাননের রাজধানী বৈরুতে। কিন্তু ফিলিস্তিনে ইসরাইলের আগ্রাসনের কারণে আপাতত তাদের পাশের দেশ লেবানন যাওয়া হচ্ছে না সাবিনা-সানজিদাদের। ম্যাচ দুটি স্থগিত হয়ে পড়ায় তাই এই মাসে কোনো আন্তর্জাতিক ম্যাচও খেলা হচ্ছে বাংলাদেশ দলের।

আসছে নভেম্বরে ম্যাচ দুটি খেলার সম্ভাবনার কথা জানিয়ে বাফুফের নারী উইং কমিটির চেয়ারম্যান মাহফুজা আক্তার কিরণ বলেন, ফিলিস্তিনের ওপর ইসরাইলের আগ্রাসনের কারণে আমরা লেবাননে খেলার কোনো ঝুঁকি নিতে চাইছি না। আবার লেবাননকে ঢাকায় খেলতে বলেছিলাম, ওরাও রাজি হয়নি। এই সময়ে অন্য দলও পাওয়া যাচ্ছে না। আগামী নভেম্বরে ফিফার নির্ধারিত সময়ে নতুন করে বাংলাদেশ খেলার চেষ্টা করবে বলেও জানান তিনি।

পাকিস্তানের হৃদয় ভেঙে শীর্ষে দক্ষিণ আফ্রিকা

স্পোর্টস ডেস্ক: ২৫ ম্যাচ পেরিয়ে অবশেষে বিশ্বকাপের হারিয়ে যাওয়া জমজমাট লড়াইয়ের রোমাঞ্চ ধরা দিল চেন্নাইয়ে। পাকিস্তানের হৃদয় ভেঙে সেখানে ১ উইকেটের জয় পেয়েছে দক্ষিণ আফ্রিকা, ভারতকে টপকে পয়েন্ট তালিকার শীর্ষেও চলে গেছে তারা। গত ২৭ অক্টোবর শুক্রবার এমএ চিদাম্বরাম স্টেডিয়ামে টস জিতে ব্যাট করতে নেমে বড় সংগ্রহের আশা জাগিয়েও ৪৬.৪ ওভারে ২৭০ রানে অলআউট হয় পাকিস্তান। জবাবে ৪৭.২ ওভারে ৯ উইকেট হারিয়ে ১৬ বল বাকি থাকতে লক্ষ্য ছুঁয়ে ফেলে তারা প্রোটিয়ারা। খাদের কিনারে থাকা পাকিস্তান ধাক্কা খেয়েছে আরেকটি।



দক্ষিণ আফ্রিকার এটা টানা তৃতীয় জয়। এই জয়ে ১০ পয়েন্ট সংগ্রহ করে পয়েন্ট টেবিলের শীর্ষে অবস্থান নিলো প্রোটিয়ারা। অন্যদিকে পাকিস্তানের টানা চতুর্থ হার। এই হারে বিশ্বকাপ থেকে বিদায়ের দ্বারপ্রান্তে পৌঁছে গেল বাবরবাহিনী। অবশ্য অনেক যদি-কিন্তুর মারপ্যাচে নিভু নিভু সম্ভাবনা টিকে আছে বাবর আজমের দলের বিশ্বকাপ স্বপ্ন।

৫ উইকেট হাতে নিয়ে ৮০ বলে দরকার ৩৬ রান। শতকের দুয়ারে দাঁড়িয়ে এক ব্যাটসম্যান। এমন সহজ সমীকরণ থেকেও হারের শঙ্কায় পড়েছিল দক্ষিণ আফ্রিকা। নাটকীয়তায় ঠাসা লড়াইয়ে শেষ জুটির নৈপুণ্যে পাকিস্তানকে হারিয়ে দীর্ঘ অপেক্ষা ঘোচাল প্রোটিয়ারা। ২৪ বছর পর বিশ্বকাপে পাকিস্তানের বিপক্ষে জিতল দক্ষিণ আফ্রিকা। সবশেষ জিতেছিল ১৯৯৯ সালের আসরে।

নেদারল্যান্ডস ২৪৫ রান করেও দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে দিয়েছিল। পাকিস্তানও দুর্দান্ত লড়াইয়ে সেই পথেই যেন হাঁটছিল। ২৭১ রানের লক্ষ্য দিয়ে বোলারদের নৈপুণ্যে প্রোটিয়াদের চেপে ধরেছিল বাবরের দল। 'আনপ্রেডিক্টেবল' শব্দটি বারবার ফিরে আসছিল। কিন্তু হলো না। চাপে ভেঙে পড়ার ইতিহাস থাকলেও দক্ষিণ আফ্রিকা ঠিক ঘুরে দাঁড়ায়। পাওয়ার প্লেতে দুই ওপেনার কুইন্টন ডি কক (২৪) ও টেম্বা বাভুমাকে (২৪) ফেরায় তারা ৬৭ রানের মধ্যে। রসি ফন ডার ডুসেনকে নিয়ে দাঁড়িয়ে যান এইডেন মারক্রাম। দুজনের ৫৪ রানের জুটি ভাঙেন উসামা মীর। ১৫তম ওভারে শাদাব খানের বদলি নামেন তিনি। ওয়ানডে বিশ্বকাপ ইতিহাসে প্রথম কনকাশন সাব হয়ে দারুণ ব্রেক থ্রু আনেন ফন ডার ডুসেনকে এলবিডব্লিউ করে। প্রোটিয়া ব্যাটার রিভিউ নিয়েও বাঁচতে পারেননি। মারক্রাম বেশিক্ষণ হাইনরিখ ক্লাসেনের সঙ্গ পাননি। ক্লাসেনকে ১২ রানে উসামার ক্যাচ বানান মোহাম্মদ ওয়াসিম।

১৩৬ রানে চার উইকেট হারালেও মারক্রাম ও ডেভিড মিলারের জুটিতে দক্ষিণ আফ্রিকা ম্যাচ নিয়ন্ত্রণে নেয়। শাহীন শাহ আফ্রিদির বল মিলারের (২৯) ব্যাটে নিক করে মোহাম্মদ রিজওয়ানের গ্লাভসে জমা হয়। ৭০ রানের এই জুটি ভেঙে যেন স্বস্তি ফিরে পায় পাকিস্তান। তবে চলতি বিশ্বকাপে চতুর্থবার পঞ্চাশ ছাড়ানো ইনিংস খেলা মারক্রাম পাকিস্তানের পথের কাঁটা হয়ে দাঁড়ান। তাকে সরানোর জন্যে মরিয়া ছিলেন বোলাররা। শেষ পর্যন্ত তাদের অপেক্ষার অবসান হয় ডেথ ওভারে। তার আগে মার্কো ইয়ানসেনকে (২০) থামান হারিস রউফ। উসামা আনেন বড় ব্রেক থ্রু। পেছনে কভার পয়েন্টের দিকে দৌড়ে মারক্রামের ক্যাচ চমৎকারভাবে ধরেন বাবর। ৯১ রানে থামেন প্রোটিয়া ব্যাটার। পরের ওভারেই জেরাল্ড কোয়েটজেকে (১০) রিজওয়ানের ক্যাচ বানান আফ্রিদি। ২৫০ রানে ৮ উইকেট নিয়ে ম্যাচে উত্তেজনা ফেরায় পাকিস্তান।

লুঙ্গি এনগিডি ও কেশব মহারাজ সতর্ক ব্যাটিংয়ে লক্ষ্য কমাতে থাকেন। এনগিডির ডিফেন্সিভ শট সামনে ঝাঁপিয়ে বাঁ হাতে দুর্দান্ত ক্যাচ ধরেন হারিস রউফ। তখনও জয়ের জন্য ১১ রান দরকার দক্ষিণ আফ্রিকার, আর পাকিস্তানের চাই ১ উইকেট। সেই পথটুকু পাড়ি দেন কেশভ মহারাজ (২১ বলে ৭) ও তাবরাইজ শামসি। পাকিস্তানী পেসারের শেষ বলে এলবিডব্লিউর আবেদনে আম্পায়ার সাড়া না দিলে রিভিউ নেয় পাকিস্তান। কিন্তু আম্পায়ার্স কলে বেঁচে যান শামসি। তিনিই হয়ে ওঠেন পাকিস্তানের হন্তারক। বল হাতে ৬০ রানে ৪ উইকেট নেওয়ার পর ব্যাটিংয়ে মূল্যবান ৪ রান করে ম্যাচের সেরা বাঁহাতি রিস্ট স্পিনার শামসি।

এর আগে টসভাগ্য সহায় হলেও শুরুতেই উইকেট হারিয়ে চাপে পড়ে পাকিস্তান। সেই চাপ কাটিয়ে উঠলেও দলীয় সংগ্রহ খুব বেশি বড় করতে পারেনি বাবর-রিজওয়ানরা। দলের হয়ে ফিফটি ইনিংস খেলেন বাবর (৫০), সউদ শাকিল (৫২)। বাকিদের মধ্যে উল্লেখযোগ্য রান পেয়েছেন শাদাব (৪৩), রিজওয়ান (৩১), নাওয়াজ (২৪) ও ইফতিখার (২১)।

বিশ্বকাপে ইংল্যান্ডের 'চূড়ান্ত পতন' এর তিন কারণ

স্পোর্টস ডেস্ক: শ্রীলঙ্কার বিপক্ষে বড় ব্যবধানে হারের পর ইংল্যান্ডের অধিনায়ক জস বাটলার দলের সামগ্রিক পরিস্থিতিকে 'চূড়ান্ত পতন' বলেছেন প্রেস কনফারেন্সে। ইংল্যান্ড বাংলাদেশের বিপক্ষে একটি জয় পেয়েছে, এছাড়া নিউজিল্যান্ড, দক্ষিণ আফ্রিকা ও এবার শ্রীলঙ্কার বিপক্ষে হেরে গেছে। সবচেয়ে বড় ধাক্কাটা খেয়েছে ইংল্যান্ড আফগানিস্তানের বিপক্ষে হেরে।

পাঁচ ম্যাচে চারটিতেই হেরে ইংল্যান্ডের অধিনায়ক জস বাটলার বলেন, কোনও পরিকল্পনাই কাজে আসেনি ইংল্যান্ড দলের। জনি বেয়ারস্টো, ডেভিড মালানের মতো ওপেনার, জো রুট, হ্যারি ব্রুকের মতো ব্যাটার, জস বাটলারের মতো নেতা এবং গতিময় এক ফাস্ট বোলিং লাইন আপ আছে ইংল্যান্ডের, সাথে যোগ হয়েছেন স্পিনার আদিল রাশিদ। ওয়ানডে ও টি-টোয়েন্টি ফরম্যাটের বর্তমান চ্যাম্পিয়ন দলের এমন পরিস্থিতি ক্রিকেট সমর্থকদের অবাক ও বিস্মিত করেছে।

'নিজেদের ওপর অর্জিত বিশ্বাস হারিয়ে ফেলেছে'

এদিকে ইংল্যান্ড ক্রিকেট দলটা নিজেদের ওপর অর্জিত বিশ্বাস হারিয়ে ফেলেছে বলে মনে করছেন ইংল্যান্ডের সাবেক ক্রিকেটার মাইক অ্যাথারটন। ইংল্যান্ড ২০১৯ সালের ওয়ানডে বিশ্বকাপ চ্যাম্পিয়ন, ২০২২ সালে টি-টোয়েন্টি বিশ্বকাপেও শিরোপা জিতেছে।

রঙিন পোশাকের ক্রিকেটে অন্যতম সেরা এই দলটি এভাবে হেরে যাওয়াতে ইংল্যান্ড দলের মধ্যে একটা নেতিবাচক পরিস্থিতি তৈরি হয়েছে বলে মনে করেন অ্যাথারটন।

স্কাই স্পোর্টস ক্রিকেটে নিজের বিশ্লেষণে অ্যাথারটন বলেন, "আমার মনে হয়েছে ইংল্যান্ড ভেঙ্গে পড়েছে ইতোমধ্যে। এই বিশ্বকাপে ইংল্যান্ড অনেক প্রত্যাশা নিয়ে এসেছিল এবং এই দলটার ক্রিকেটাররা চ্যাম্পিয়ন মানসিকতার"। তার মতে, যে মানদন্ড নিজেদের জন্য ইংল্যান্ড ঠিক করেছিল প্রায় ছয় সাত বছর ধরে সেটা ভেঙ্গে পড়েছে।

নিউজিল্যান্ডের বিপক্ষে হার, আফগানিস্তানের বিপক্ষে হারের পরে ইংল্যান্ড নিজেদের ওপর বিশ্বাস হারিয়ে ফেলেছে। অ্যাথারটন শ্রীলঙ্কার বিপক্ষে ম্যাচটি দেখার



পর বলেন, 'এখন মনে হচ্ছে আত্মবিশ্বাস একেবারেই তলানিতে আছে'।

ব্যাঙ্গালোরে ইংল্যান্ড ১৫৬ রানে অলআউট হয়ে যায় শ্রীলঙ্কার বিপক্ষে, এটা এই মাঠের ইতিহাসে সর্বনিম্ন ওয়ানডে টোটাল। মাঠ ছাড়ার সময় আদিল রাশিদ, জস বাটলারদের চেহারায় অসহায়ত্ব ছিল স্পষ্ট। হারশা ভোগলে এই সপ্তাহেই এক্স-এ(পূর্বে টুইটার নামে পরিচিত) নিজের ভেরিফায়েড একাউন্টে লিখেছিলেন, "মনে হচ্ছে ইংল্যান্ডের জন্য এই ২০টা দিন অনেক লম্বা হতে যাচ্ছে"।

'ইংল্যান্ডে অনেক পরিবর্তন প্রয়োজন'

শ্রীলঙ্কার বিপক্ষে মাঠে নামা ইংল্যান্ডের একাদশের সবার বয়স ছিল ৩০ এর বেশি, ওয়ানডে ক্রিকেটে এমন ঘটনা এর আগে মাত্র দুইবার ঘটেছে, ২০২২ সালে দুই বারই নিউজিল্যান্ড ক্রিকেট দল ত্রিশোর্ধ্ব ক্রিকেটারদের একাদশ নিয়ে মাঠে নেমেছিল অস্ট্রেলিয়ার বিপক্ষে। মাইক অ্যাথারটন মনে করেন ইংল্যান্ডের সবাই না হলেও একটা বড় অংশেরই ৫০ ওভারের ক্রিকেটে আর দেয়ার কিছু নেই। যেমন হ্যারি ব্রুক, গাস অ্যাটকিনসনের মতো ক্রিকেটাররা আগামীতে থাকবেন কেন্দ্রীয় চরিত্রে। তিনি মনে করেন, "এই দলটার আসলে সময় শেষ হয়ে আসছে, সবাই না হলেও একটা পরিবর্তন আনা প্রয়োজন। ৫০ ওভারের ক্রিকেটে ইংল্যান্ডের ঘরোয়া ক্রিকেটের দিকে মনোযোগ দিতে হবে"।

এখন টি-টোয়েন্টির চল আছে সাথে যোগ হয়েছে ১০০ বলের খেলা দ্য হান্ড্রেড- এতে করে ৫০ ওভারের ক্রিকেটের প্রতি ইংল্যান্ডের মনোযোগটা একটু হলেও কমে গেছে বলে মত মাইক অ্যাথারটনের।

টসে ভুল করা দুটি ম্যাচে

ইংল্যান্ড অন্তত দুটি ম্যাচে টসে ভুল করেছে বলে মত দিয়েছেন মাইক অ্যাথারটন। দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ম্যাচের পরে সম্প্রচারকদের দেওয়া সাক্ষাৎকারে জস বাটলারও এই কথা বলেন। আফগানিস্তানের বিপক্ষে দিল্লিতে টসে জিতে বোলিং নিয়েছিল ইংল্যান্ড। আফগানিস্তান ২৮৪ রান করার পর ইংল্যান্ড ২১৫ রানে অলআউট হয়ে যায়।

ইংল্যান্ডের যে ব্যাটিং লাইন আপ তাতে রান তাড়া করার চেয়ে টার্গেট দেয়া ভালো বলে মনে করেন বিশ্লেষকরা। বিশেষ করে মুম্বাই বা দিল্লির মতো মাঠে, যেখানে সহজে রান তোলা যায় কিন্তু প্রতিপক্ষ যদি রানের পাহাড় তোলে সেটা একটা চাপই বটে। যেমন মুম্বাইয়ে টসে জিতে দক্ষিণ আফ্রিকাকে ব্যাট করতে পাঠায় ইংল্যান্ড। এই ম্যাচে দক্ষিণ আফ্রিকা ৩৯৯ রান তোলে, জবাবে ইংল্যান্ড ১৭০ রানে অলআউট হয়ে যায় ২২ ওভার ব্যাট করে।

সূত্র: বিবিসি

ক্রিকেট আমাদেরকে কী দিল, প্রশ্ন গ্রেগ চ্যাপেলের

স্পোর্টস ডেস্ক: কলকাতায় এক বাস ড্রাইভার। তার মুখে ভারতের ক্রিকেটের কোন খবরটা নেই, শুনলে পিলে চমকে যাবে। ক্রিকেটে বেইমানি হয়। কীভাবে সেটা বুঝিয়ে ছিলেন সেই বাস ড্রাইভার। বাস চালাতে চালাতে বলছিলেন আমাদের মহারাজ সৌরভ গাঙ্গুলি চাকরি দিয়েছিলেন চ্যাপেলকে। তাকে কোচ বানালেন সৌরভ। আর সেই চ্যাপেলই দল থেকে বাদ দিয়েছিলেন সৌরভকে।' সম্প্রতি ভারতের সেই সাবেক কোচ গ্রেগ চ্যাপেল নাকি কষ্টে আছেন।

বাংলাদেশ ক্রিকেট দলের সাবেক কোচ ট্রেভর চ্যাপেলের ভাই চরম আর্থিক কষ্টে রয়েছেন অস্ট্রেলিয়ার কিংবদন্তি সাবেক ক্রিকেটার গ্রেগ চ্যাপেল। তার অর্থ কষ্ট লাঘব করতে এগিয়ে এসেছেন বন্ধুরা। অর্থ তুলতে এগিয়ে এসেছেন। গ্রেগ চ্যাপেলের জন্য অর্থ তোলার একটি পেজও খোলা হয়েছে। পুরোনো কথাটা আবার উঠে এসেছে। ভারতীয় ক্রিকেট দলের কোচ হিসেবে বিতর্কিত এক অধ্যায়ের জন্ম দিয়েছিলেন চ্যাপেল। গ্রেগের জন্যই দল থেকে সৌরভকে ছিটকে যেতে হয়েছিল। সৌরভ ও অজি কিংবদন্তির সম্পর্ক নিয়ে সেই সময়ে কম চর্চা হয়নি।

যাই হোক গ্রেগ চ্যাপেল অবশ্য নিজের আর্থিক সমস্যা প্রসঙ্গে জানিয়েছেন, তিনি ভালোই আছেন তবে বিলাসবহুল জীবনযাপন বলতে যা বোঝানো হয়, সেই ধরনের জীবন কাটাচ্ছেন না তিনি। চ্যাপেলকে বলতে শোনা গিয়েছে, 'বেশির ভাগ মানুষই মনে করেন, আমরা ক্রিকেট খেলেছি। টাকা কামিয়েছি। স্বাভাবিকভাবেই বিলাসবহুল জীবনযাপন করছি। তবে আমি দুঃস্থ হয়ে গিয়েছি বলে কান্নাকাটি করছি না। একটা কথাই বলতে চাই, আজকালকার ক্রিকেটাররা যে সুযোগ সুবিধা পেয়ে থাকে, আমরা সেরকম সুযোগ সুবিধা পাইনি।'

চ্যাপেলের জন্য অর্থ তুলতে 'গোফান্ডমি' বলে একটি পেজ তৈরি করা হয়েছে। গত সপ্তাহে মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ডে লাঞ্চের আয়োজন করা হয়েছিল।



হরতাল-অবরোধ, দমন পীড়ণে অশান্ত ঢাকা

(প্রথম পাতার পর)

আটক, পরে গ্রেফতার দেখায় পুলিশ। আর প্রতিবাদে টানা তিন দিনের সর্বাত্মক অবরোধ কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। আগামী ৩১ অক্টোবর থেকে ২ নভেম্বর পর্যন্ত টানা তিন দিনের সর্বাত্মক অবরোধ কর্মসূচি ঘোষণা করে দলটি। রোববার (২৯ অক্টোবর) দিনব্যাপী হরতাল কর্মসূচি পালনের পর এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে নতুন কর্মসূচি ঘোষণা করেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। রিজভী বলেন, দেশে চলমান বিচারহীনতা, অপশাসন, সীমাহীন দুর্নীতি, অনাচার, অর্থ পাচার ও সিন্ডিকেটবাজির ফলে দ্রব্যমূল্যের অব্যাহতি উর্ধ্বগতিতে বিপর্যস্ত জনগণের জীবন জীবিকা রক্ষার স্বার্থে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার এক দফা দাবি আদায়ের লক্ষে আয়োজিত ২৮ অক্টোবরের মহাসমাবেশে হামলা, নেতা-কর্মীদের হত্যা, বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ আন্দোলনরত বিভিন্ন দলের সহস্রাধিক নেতাকর্মীকে গ্রেপ্তার, বাড়ি বাড়ি তল্লাশি চালিয়ে নেতাকর্মীদের হয়রানি ও নির্যাতনের প্রতিবাদ এবং এক দফা আদায়ে এ কর্মসূচি পালন করা হবে।

এর আগে, রাজধানীর গুলশানের বাসা থেকে আটকের সাড়ে ৯ ঘণ্টা পর বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে গ্রেপ্তার দেখানোর কথা জানিয়েছে পুলিশ।

রোববার সকাল সাড়ে নয়টার দিকে তাঁকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করে ডিবি। মির্জা ফখরুলকে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা বিভাগের (ডিবি) কার্যালয়ে রাখা হয়।

হত্যা ও গাড়ি পোড়ানোর ঘটনায় পল্টন থানায় যে মামলা হয়েছে, সেই মামলায় তাঁকে গ্রেপ্তার দেখানো হয়েছে বলে জানায় পুলিশ।

এর আগে সকাল সাড়ে নয়টার দিকে ডিবির সদস্যরা মির্জা ফখরুলের বাসায় গিয়ে তাঁকে আটক করে নিয়ে আসেন। তাঁর স্ত্রী রাহাত আরা বেগম সাংবাদিকদের জানান, পুলিশের সদস্যরা গিয়ে মির্জা ফখরুল ইসলামসহ বাসার সবার সঙ্গে কথা বলেন। এরপর ক্লোজড সার্কিট (সিসিটিভি) ক্যামেরার ফুটেজ (চিত্র) ও হার্ডডিস্ক নিয়ে চলে যান তাঁরা। এর ঠিক ১০ মিনিট পর আবার ফিরে এসে মির্জা ফখরুলকে নিয়ে যান পুলিশ সদস্যরা।

পরে বেলা ১১টার দিকে ডিএমপির গণমাধ্যম ও জনসংযোগ বিভাগের উপকমিশনার মো. ফারুক হোসেন প্রথম আলোকে বলেন, মির্জা ফখরুলকে গ্রেপ্তার দেখানো হবে।

রাজধানীর নয়াপল্টনে গতকাল শনিবার বিএনপির মহাসমাবেশ ছিল। মহাসমাবেশ শুরুর আগেই কাকরাইলে দুপুর থেকে বিএনপির নেতা-কর্মীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়। এ সংঘর্ষ পরে বিজয়নগর পানির ট্যাংক ও শান্তিনগর এলাকায় ছড়িয়ে পড়ে। একপর্যায়ে বেলা তিনটার দিকে বিএনপির মহাসমাবেশ পণ্ড হয়ে যায়।

বিএনপির মহাসমাবেশকে কেন্দ্র করে রক্তক্ষয়ী সংঘর্ষে পুলিশের এক সদস্য ও যুবদলের ওয়ার্ড পর্যায়ের এক নেতা নিহত হন। সংঘর্ষে আহত হয়েছেন পুলিশের ৪১ ও আনসারের ২৫ জন সদস্য। কমপক্ষে ২০ জন সাংবাদিকও আহত হন। সংঘর্ষে এক হাজারের বেশি নেতা-কর্মী আহত হয়েছেন বলে দাবি বিএনপির।

কেমন ছিলো বিএনপির মহাসমাবেশ

সেদিন গুলি-সাউন্ড গ্রেনেড দিয়ে হামলার পরিণাম ভালো হবে না বলে সরকারকে হুঁশিয়ার করেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, সন্ত্রাসী আওয়ামী লীগ সরকার, পুলিশ বাহিনী বিএনপির শান্তিপূর্ণ সমাবেশ পন্ড করার লক্ষ্যে একের পর এক গুলি ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করেছে। এর তীব্র প্রতিবাদ জানিয়ে তিনি সন্ত্রাসীদের প্রতিরোধ করার জন্য জনগণকে আহবান জানান। রোববার (২৮ অক্টোবর) বিকালে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে মহাসমাবেশে বিএনপি মহাসচিব এসব কথা বলেন। সমাবেশ শেষে রবিবার সারাদেশে সকাল-সন্ধ্যা হরতালের ঘোষণা দেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

মহাসমাবেশে অংশ নিতে ভোর থেকে নয়াপল্টনে আসতে শুরু করে বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা। সকাল ১০টার আগেই একদিকে আরামবাগ, অন্যদিকে মৎস্যভবন, পল্টন মোড়, শান্তিনগর মোড় পর্যন্ত নেতাকর্মীদের পদচারণায় পূর্ণ হয়ে যায়। যাদের মধ্যে বেশিরভাগই ছিল ঢাকা মহানগরের বাইরে থেকে আসা নেতাকর্মী। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে নেতাকর্মীদের উপস্থিতি আরও বাড়তে থাকে। নয়াপল্টন ও এর আশপাশের এলাকায় নেতাকর্মীদের ঢল নামে।

কয়েকজনের সঙ্গে কথা বলে জানা যায়, তাদের কেউ কেউ তিন থেকে চার দিন আগেই ঢাকা পৌঁছান। কেউ এসেছেন পুলিশের তলাশি চৌকি ফাঁকি দিয়ে। বেলা পৌনে ১১টার দিকে নেতাকর্মীদের উজ্জীবিত করতে নয়াপল্টনে শুরু হয় গান-বাজনা। বাংলাদেশ জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থার (জাসাস) উদ্যোগে গান পরিবেশন করা হয়। দুপুর পৌনে ১টায় পবিত্র কুরআন তিলাওয়াতের মধ্য দিয়ে মহাসমাবেশ শুরু হয়। কিন্তু কেন্দ্রীয় এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের কয়েকজন নেতা বক্তব্য দেওয়ার পরই শুরু হয় সংঘর্ষ। এমন পরিস্থিতিতে পুলিশের ছোড়া টিয়ারশেলের ধোঁয়া ও সাউন্ড গ্রেনেডের বিকট শব্দের মধ্যে মহাসমাবেশের মঞ্চ থেকে চলে যেতে বাধ্য হন কেন্দ্রীয় নেতারা। কাঁদানে গ্যাসে সমাবেশস্থলে কারও পক্ষে টিকে থাকা সম্ভব ছিল না। এতে সমাবেশ পন্ড হয়ে যায়। ৩টার দিকে নয়াপল্টন কার্যালয়ের ভেতরে যান নেতারা।

যেমন ছিলো জামায়াতের সমাবেশ

শনিবার (২৮ অক্টোবর) দুপুর ২টায় রাজধানীর মতিঝিলের আরামবাগ মোড়ে বাংলাদেশ জামায়াতে ইসলামীর উদ্যোগে আয়োজিত মহাসমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর নুরুল ইসলাম বুলবুলের সভাপতিত্বে মহাসমাবেশে বিশেষ অতিথি বক্তব্য রাখেন জামায়াতে ইসলামীর নায়েবে আমীর, সাবেক এমপি ডা. সৈয়দ আব্দুলাহ মুহাম্মদ তাহের, নায়েবে আমীর, সাবেক এমপি মাওলানা শামসুল ইসলাম, ভারপ্রাপ্ত সেক্রেটারি জেনারেল মাওলানা এটিএম মা'ছুম। আরও বক্তব্য রাখেন সহকারী সেক্রেটারি জেনারেল, সাবেক এমপি এ এইচ এম হামিদুর রহমান আযাদ, সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা আবদুল হালিম, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের ভারপ্রাপ্ত আমীর আব্দুর রহমান মুসা, ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি রাজিবুর রহমান পলাশ।

মহাসমাবেশ যৌথভাবে পরিচালনা করেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ এবং কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের সেক্রেটারি ড. মুহাম্মদ রেজাউল করিম। মহাসমাবেশ বেলা ২টায় শুরু করার কথা থাকলেও সকাল ৮টা থেকেই লাখ লাখ মানুষ আরামবাগ এলাকায় আসতে শুরু করে। বেলা বাড়ার সাথে সাথে ফকিরাপুল থেকে ইত্তেফাক মোড়, দৈনিক বাংলা, কমলাপুর পর্যন্ত কানায় কানায় ভরে যায়। সকাল ১১টা থেকে স্থানীয় নেতৃবৃন্দের বক্তব্য, দেশাত্মবোধক গান, ইসলামী ও দলীয় সংগীত চলতে থাকে। অধ্যাপক মুজিবুর রহমান তার বক্তব্যে আরো বলেন, সৃষ্টি যার আইন চলবে তার। সকল মতবাদ বাদ দিয়ে আলাহর আইন চালু করবো, ইনশাআলাহ। আমাদের উদ্দেশ্যে হচ্ছে ইসলামী রাষ্ট্র চালু করা। রাসূল (সা:) মদীনায় যেভাবে ইসলামী রাষ্ট্র কায়েম করেছিলেন, তার আদলে এই দেশে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করা হবে। কুরআনের নির্দেশনার আলোকে ইসলামী কল্যাণ রাষ্ট্র প্রতিষ্ঠা করা হবে। মানুষের মুখে হাসি ফোঁটাতে চাই। জামায়াত আমীর বলেন, কেয়ারটেকার সরকার ছাড়া দেশে কোনো নির্বাচন হবে না। কেয়ারটেকার সরকার ব্যবস্থা ছাড়া দেশে নির্বাচন হতে দিব না। জীবন দিয়ে হলেও প্রতিহত করবো।

যেমন ছিলো আওয়ামী লীগের সমাবেশ

শনিবার (২৮ অক্টোবর) বিকালে রাজধানীর বায়তুল মোকাররম জাতীয় মসজিদের দক্ষিণ গেটে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ আওয়ামী লীগের শান্তি ও উন্নয়ন সমাবেশে নেতারা এসব কথা বলেন। এ সময় বিএনপি মহাসমাবেশের নামে ধ্বংসাত্মক কর্মসূচি পালন করেছে অভিযোগ করে নেতারা বলেন, আমরা শান্তি সমাবেশ করেছি। আর বিএনপি আগামী জাতীয় সংসদ নির্বাচন বানচাল করতে সন্ত্রাস ও নৈরাজ্য করছে। তাদের মোকাবিলা করা হবে। সমাবেশে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

বিএনপির ডাকা হরতাল প্রতিহতের ঘোষণা দেয় আওয়ামী লীগ। হরতাল কর্মসূচির নামে বিএনপি নৈরাজ্য ও অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতে তৎপর। এর বিরুদ্ধে নেতাকর্মীদের রাজপথে সতর্ক পাহারায় থাকার আহ্বান জানান দলের নেতারা। তারা বলেন, আওয়ামী লীগের নেতাকর্মীরা প্রস্তুত। তাদের হরতালের ভয় দেখিয়ে কাবু করা যাবে না। বিএনপি হরতালের নামে অশান্তি সৃষ্টি করলে কোনো ছাড় দেওয়া হবে না। বরং তাদের প্রতিহত করা হবে বলেও হুঁশিয়ারি উচ্চারণ করেন তারা।

মির্জা ফখরুল গ্রেফতার, কারাগারে প্রেরণ

(প্রথম পাতার পর)

রাত ৯ টা ৫৪ মিনিটে ঢাকার মেট্রোপলিটন মাজিস্ট্রেট শফি উদ্দিনের আদালত শুনানি শেষে জামিন নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন। মামলার তদন্ত কর্মকর্তা ডিবি পুলিশের ইন্সপেক্টর হুমায়ন কবীর খান তাকে আদালতে হাজির করে কারাগারে আটক রাখার আবেদন করেন।

মির্জা ফখরুল ইসলাম আলমগীরের পক্ষে তার আইনজীবী মহসিন মিয়া, গোলাম মোস্তফা খান, মোসলেহ উদ্দিন জসিম, ওমর ফারুক ফারুকী, হোসেন আলী খান হাসান জামিন চেয়ে আবেদন করেন। রাষ্ট্রপক্ষে ঢাকা মহানগর পাবলিক প্রসিকিউটর আব্দুলাহ আবু জামিনের বিরোধীতা করেন।

উভয় পক্ষের শুনানি শেষে আদালত জামিন নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন।

রাত ৮ টা ১০ মিনিটে মির্জা ফখরুলতে আদালতে হাজির করা হয়। তাকে সিএমএম আদালতের হাজতখানায় রাখা হয়। শুনানিকালে তাকে এজলাসে তোলা হয়নি।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে গ্রেপ্তার দেখানো হচ্ছে। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মুখপাত্র ডিসি ফারুক হোসেন এ তথ্য জানিয়েছেন।

ফারুক হোসেন বলেন, 'মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বিরুদ্ধে পুরনো একাধিক মামলা রয়েছে। এজন্য তাকে গ্রেপ্তার দেখানো হবে। গতকালকে পুলিশহত্যা, প্রধান বিচারপতির বাসভবনে হামলা, সরকারি কাজে বাধার ঘটনায় মামলাও হচ্ছে।'

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে গ্রেপ্তার দেখানোর কথা জানান ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মুখপাত্র ডিসি ফারুক হোসেন। ফারুক হোসেন বলেন, 'মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বিরুদ্ধে পুরনো একাধিক মামলা রয়েছে। এজন্য তাকে গ্রেপ্তার দেখানো হবে। গতকালকে পুলিশহত্যা, প্রধান বিচারপতির বাসভবনে হামলা, সরকারি কাজে বাধার ঘটনায় মামলাও হচ্ছে।'

এর আগে রাজধানীর গুলশানের বাসা থেকে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে আটক করা হয়। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গুলশান বিভাগের ডিসি মোহাম্মদ শহীদুলাহ সমকালকে জানান, গুলশানের বাসা থেকে ডিবির একটি টিম মির্জা ফখরুলকে আটক করে। মির্জা ফখরুল ইসলাম আলমগীরের স্ত্রী রাহাত আরা বেগম বলেন, 'রোববার সকালে ডিবি পুলিশের লোকজন বাসায় আসে, মির্জা ফখরুল ইসলামসহ বাসার সবার সঙ্গে কথা বলে, এরপর বাসা এবং ভবনের সিসি ক্যামেরার ফুটেজের হার্ডডিস্ক নিয়ে চলে যায়। ঠিক দশ মিনিট পর আবার ফিরে এসে তাকেও আটক করে নিয়ে যায়।'

য়

নিউইয়র্কে মজুরি চুরি: বছরে ৩.২ বিলিয়ন ডলারের প্রতারণা মালিকদের

(প্রথম পাতার পর)

শুরুর পর থেকে এই টিপড কর্মীদের জন্য নিউইয়র্ক আরও কঠোর হয়ে উঠেছে। তাদের জীবনযাত্রাই হয়ে উঠেছে অসম্ভব।

এ নিয়ে সদ্য প্রকাশিত একটি রিপোর্টে দেখানো হয়েছে রেস্টুরেন্ট ও দোকান কর্মীরা নানাবিধ চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছেন। তারা শিকার হচ্ছে মজুরি প্রতারণার। প্রধানত তারা টিপস পাওয়ার কারণে মালিকপক্ষ কখনোই তাদের ন্যুনতম মজুরি পরিশোধ করেন না। উপরন্তু অনেক নারী কর্মীকে যৌন নিপীড়নেরও শিকার হতে হয়।

নিউইয়র্কের স্টেট আইনপ্রণেতারা এবার একটি বিল আনতে যাচ্ছেন যাতে তারা বলছেন, টিপস পেলেও নিয়োগকর্তারা কর্মীদের একটি মানসম্মত ন্যুনতম মজুরি দিতে বাধ্য থাকবেন। টিপস হবে তাদের উপরি পাওনা।

নির্দিষ্ট কিছু টিপড কর্মীর ক্ষেত্রে ২০২৪ সালের মধ্যে ১২.৭৭ ডলার ঘণ্টাপ্রতি মজুরি এবং ২০২৬ সালের মধ্যে ১৭ ডলার ঘণ্টাপ্রতি মজুরির প্রস্তাব করা হচ্ছে এই বিলে।

বিষয়টি সামনে রেখে ম্যানহাটানে একটি সমাবেশে বলা হয়, মালিকদের আচরণের কারণে এই শ্রমিক কিংবা কর্মীরা তাদের জীবন ধারণের উপযোগী পর্যাপ্ত অর্থ ঘরে নিতে পারছেন না। ফুড স্ট্যাম্পের নিভর করে তাদের জীবন ধারণ করতে হচ্ছে। রিপোর্টটিতে তুলে ধরা হয়েছে কিভাবে এই শ্রমিক কর্মচারীরা মজুরি প্রতারণা শিকার হচ্ছেন। তাদের কষ্টার্জিত ডলার তাদের ঘরে যাচ্ছে না। রিপোর্টে বলা হয়েছে, নিউইয়র্কের ২ মিলিয়ন শ্রমিক কর্মচারীর পাওনা থেকে বছরে ৩.২ বিলিয়ন ডলার মজুরি প্রতারণা করেন মালিকেরা। এর এক তৃতীয়াংশই নেওয়া হয়ে ন্যুনতম মজুরি আয়ের মানুষগুলোর কাছ থেকে। অ্যাটর্নি জেনারেল লেটিসিয়া জেমস এসব তথ্য দিয়ে বলেন, ১০০ জনেরও বেশি সেলুন কর্মীর ৩০০,০০০ ডলার তিনি নিজেই আদায় করে দিয়েছেন।

মজুরি চুরির পাশাপাশি কর্মীদের যৌন নিপীড়ণ ও বৈষম্যের শিকার হতে হয় বলেও উঠে এসেছে এই রিপোর্টে।

একজন নারীকে যখন বলা হয়, তোমার ফেসমাস্কটা সরাও আমি দেখি তুমি দেখতে কতটা কিউট, আর আমার কত টিপস দেওয়া উচিত, এটা রীতিমতো ওই নারীকে হেনস্তা করা ছাড়া কিছু নয়। স্রেফ পারভেসিভ, বলা হয় রিপোর্টে।

নিউইয়র্কে হেট ক্রাইম বাড়ছে

(প্রথম পাতার পর)

এনওয়াইপিডি। গেলো সপ্তাহে ৫১টি হেট ক্রাইম রিপোর্টেড হয়েছে পুলিশের দফতরে। হেট ক্রাইম টাস্ক ফোর্স এই ধরনের অপরাধ দমনে সক্রিয় রয়েছে। তবে এনওয়াইপিডি মনে করে, বিষয়টি তারা নিয়ন্ত্রণে রাখতে চেষ্টা করছে।

মঙ্গলবার পুলিশের হেফাজতে আনা হয়েছে ২৮ বছর বয়স্ক ক্রিস্টোফার ডি অগুয়ের নামের এক ব্যক্তিকে। অভিযোগ ২৯ বছর বয়সী এক নারীকে জুইস হওয়ার কারণে মাথার ওপর ঘুষি মেরেছেন ক্রিস্টোফার। তেমনি ১৬ বছর বয়সী এক কিশোরী হিজাব পরে সাবওয়েতে উঠলে তারা হিজাব ধরে টান মারার কারণে পুলিশ আটক করেছে আরেক ব্যক্তিকে। এনওয়াইপিডি জানায়, তাদের কাছে রিপোর্টেড হেট ক্রাইমগুলোর মধ্যে ৩০টি ইহুদি বিরোধী। ৪টি হেট ক্রাইম জাতিগত দ্বন্দ্বের জের। তবে সবগুলো ঘটনাই কোনো না কোনো ভাবে ইসরায়েল-হামাস যুদ্ধের সাথে সম্পর্কিত।

গাজায় স্থল অভিযান ইসরাইলের

(প্রথম পাতার পর)

করেছে গাজার উত্তরাঞ্চলের বেশ কিছু জায়গায় ইসরায়েলি সৈন্যদের সঙ্গে তীব্র লড়াই হয়েছে। ইসরায়েলি সেনারা ট্যাঙ্ক নিয়ে পরপর দু'দিন অনুপ্রবেশ করার পর 'পূর্ণ শক্তি' দিয়ে তাদের মোকাবিলা করেছে তারা। হামাসের সামরিক শাখা আল কাসাম ব্রিগেডস এ তথ্য দিয়েছে। সীমান্ত পেরিয়ে ইসরায়েলি সেনা ও ট্যাঙ্ক শুক্রবার অনুপ্রবেশ করলে উত্তর গাজার বেইত হানুন এবং মধ্য গাজার বুরেজের কাছে ভয়াবহ যুদ্ধ হয় বলে হামাসের বিবৃতিতে জানানো হয়েছে।

গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় শনিবার বলেছে, ৭ অক্টোবর থেকে শুরু হওয়া ইসরায়েলের আগ্রাসনে অন্তত ৭ হাজার ৭০৩ জন নিহত হয়েছেন। তাদের মধ্যে সাড়ে ৩ হাজারের বেশি শিশু। হামলায় গাজার অন্তত ১১০ জন চিকিৎসাকর্মী নিহত ও শতাধিক আহত হয়েছেন। ক্ষতিগ্রস্ত হয়েছে ৫০টি অ্যাম্বুলেন্স। এগুলোর অর্ধেকই এখন অকেজো। ইসরায়েল বলেছে, গাজায় টেলিযোগাযোগ ও ইন্টারনেট বন্ধ করে দেওয়ার পরপর তারা উপত্যকায় স্থল অভিযান 'সম্প্রসারণ' করছে। অবরুদ্ধ ছিটমহলটি শুক্রবার সবচেয়ে ভয়াবহ বোমাবর্ষণের শিকার হয়। কিছুক্ষণ পরপরই সেখানে বড় ধরনের বিস্ফোরণ ঘটতে দেখা গেছে। ইসরায়েলি হামলায় গাজা 'অগ্নিকুণ্ডে' পরিণত হয় বলে উদ্ধারকর্মীরা জানিয়েছেন।

এদিকে, গাজা উপত্যকায় কিছু সৈন্য ঢুকেছে বলে মার্কিন গণমাধ্যম নিউইয়র্ক টাইমসকে জানিয়েছেন ইসরায়েলি সামরিক বাহিনীর মুখপাত্র মেজর নির দিনার। তবে তিনি স্থল অভিযান শুরুর বিষয়টি নিশ্চিত করেননি। তিনি দাবি করেন, ইসরায়েলি সৈন্য এবং ট্যাঙ্ক গাজা উপত্যকার ভেতরে অবস্থান করছে এবং তারা যুদ্ধ চালিয়ে যাচ্ছে। শনিবারও তাদের সৈন্য ও ট্যাঙ্ক গাজার ভেতরেই ছিল। ইসরায়েলি সেনাবাহিনীর মুখপাত্র ড্যানিয়েল হাগারি বলেছেন, বিমান হামলার পাশাপাশি পদাতিক, সাঁজোয়া, ইঞ্জিনিয়ারিং এবং আর্টিলারি বাহিনী গাজা আক্রমণে অংশ নিচ্ছে।

এরই মধ্যে পশ্চিমা কূটনীতিকরা ইসরায়েলকে এখনই সর্বাত্মক হামলার দিকে দ্রুত অগ্রসর না হওয়ার আহ্বান জানিয়েছেন। যাতে লেবাননের হিজবুলাহ, ইরাক ও সিরিয়ার শিয়া মিলিশিয়া এবং ইয়েমেনের হুতি বাহিনী এই যুদ্ধে আরও ব্যাপকভাবে জড়িয়ে পড়ার সুযোগ না পায়। মধ্যপ্রাচ্যজুড়েই এখন যুদ্ধের লাল সংকেত দেখা যাচ্ছে। ইসরায়েলের সৈন্যদের সঙ্গে হিজবুলাহর প্রায় প্রতিদিনই সংঘর্ষ হচ্ছে। এ ছাড়া ইয়েমেন থেকেও শুক্রবার ইসরায়েলকে লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ছোড়া হয়েছে।

এ পরিস্থিতিতে হামাসের হাতে জিম্মি ব্যক্তিদের মুক্তির বিষয়ে দু'পক্ষের মধ্যে আলোচনা বন্ধ হয়ে গেছে। তবে হামাসের সামরিক শাখা আল কাসাম ব্রিগেডসের মুখপাত্র আবু উবায়দাহ বলেছেন, ইসরায়েল যদি জিম্মি সংকটের সমাধান চায় তাহলে আমরা প্রস্তুত। ইসরায়েলের কারাগারে থাকা ৬ হাজার ফিলিস্তিনির মুক্তির বিনিময়ে তা হতে পারে। ইসরায়েলি হামলায় এ পর্যন্ত হামাসের হাতে থাকা ৫০ জিম্মি নিহত হয়েছেন বলেও তিনি জানান। এদিকে ইসরায়েলি প্রধানমন্ত্রী নেতানিয়াহু গতকাল সাংবাদিকদের মুখোমুখি হন। তিনি বলেন, গাজায় সর্বাত্মক স্থল অভিযান শুরু হয়েছে। ইসরায়েলিদের ধৈর্য ধরতে হবে। ইসরায়েলি সেনারা ইতোমধ্যে গাজায় অপারেশন চালাচ্ছে। ইসরায়েলি মন্ত্রিসভা যুদ্ধের ব্যাপারে ঐক্যবদ্ধ। যুদ্ধ দীর্ঘায়িত হবে। আমরা তাতে জিততে চলেছি। যুদ্ধবন্দিদের যে কোনোভাবেই মুক্ত করা হবে। গতকাল গাজার দক্ষিণাঞ্চল কামানের গোলা ও ক্ষেপণাস্ত্রের আঘাতে কম্পমান ছিল। অবিরাম বিস্ফোরণে গাজার মাটি থরথর করে কাঁপছিল।

বিপুল ভোটে জাতিসংঘের প্রস্তাব পাস

মানবিক সহায়তার জন্য গাজা উপত্যকায় অবিলম্বে যুদ্ধবিরতির আহ্বান জানিয়ে জাতিসংঘের সাধারণ পরিষদে একটি প্রস্তাব বিপুল ভোটে পাস হয়েছে। শুক্রবার অনুষ্ঠিত সাধারণ পরিষদের অধিবেশনে এই প্রস্তাবের ওপর ভোটাভুটি হয়। আরব দেশগুলোর পক্ষে সাধারণ পরিষদে প্রস্তাবটি উত্থাপন করে জর্ডান। এ সময় সদস্য দেশগুলোর মধ্যে প্রস্তাবের পক্ষে বাংলাদেশসহ ১২০টি দেশ এবং বিপক্ষে ১৪টি দেশ ভোট দেয়। ভোটদানে বিরত ছিল ভারতসহ ৪৫টি সদস্য দেশ। প্রস্তাবে হামাসের কাছে জিম্মি বেসামরিক ব্যক্তিদের অবিলম্বে নিঃশর্ত মুক্তি দেওয়ার আহ্বান জানানো হয়।

টেলিযোগাযোগ ও ইন্টারনেট সেবা বন্ধে উদ্বেগ

প্রধান দুটি ফিলিস্তিনি নেটওয়ার্ক জানিয়েছে, তাদের ফোন এবং ইন্টারনেট পরিষেবা বন্ধ রয়েছে। এই ব্যাকআউটের কারণে গাজার 'গণহত্যা' ঢাকা পড়তে পারে বলে উদ্বেগ প্রকাশ করেছেন যুক্তরাষ্ট্রভিত্তিক বেসরকারি মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচের জ্যেষ্ঠ গবেষক ডেবোরা ব্রাউন। দ্য কমিটি টু প্রটেক্ট জার্নালিস্টস (সিপিজে) গাজার তথ্য যোগাযোগব্যবস্থা পুনরুদ্ধারের আহ্বান জানিয়েছে। তা না হলে ইসরায়েল-গাজা যুদ্ধের সবটুকু চিত্র তুলে ধরা সম্ভব হবে না। এতে ঘিরে নানা প্রোপাগান্ডা ও গুজব ছড়ানোর ঝুঁকি তৈরি হবে। গাজায় অবস্থানরত সাংবাদিকরা যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছেন।

'সার্জিক্যাল অভিযানের' পরামর্শ যুক্তরাষ্ট্রের

মার্কিন কর্মকর্তারা ইসরায়েলি কর্মকর্তাদের সঙ্গে ব্যক্তিগত কথোপকথনে গাজায় বিমান এবং অন্যান্য বিশেষ বাহিনীকে নিয়ে একটি 'সার্জিক্যাল অভিযানের' পরামর্শ দিয়েছেন। গত সপ্তাহে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন এবং অন্যান্য মার্কিন কর্মকর্তারা ইসরায়েল থেকে ফিরে আসার পর এ পরামর্শ দেন। প্রথমত, মার্কিন কর্মকর্তারা অনুভব করেছেন, হামাসকে নির্মূল করার জন্য ইসরায়েলের বড় কোনো পরিকল্পনা নেই। আরেকটি উদ্বেগ হলো, স্থল অভিযান হলে জিম্মি উদ্ধার আলোচনা ব্যাহত হবে। তারা আরও উদ্বিগ্ন, স্থল অভিযান এ অঞ্চলে বিস্তৃত সংঘাত সৃষ্টি করবে।

প্রেসিডেন্ট নির্বাচন প্রার্থিতা প্রত্যাহার মাইক পেন্সের

(প্রথম পাতার পর)

স্থানীয় সময় শনিবার বিকেলে তিনি এ ঘোষণা দিয়ে বলেন, এটি আমার সময় নয়। আমরা সব সময়ই জানতাম, এ লড়াইয়ে চড়াই-উতরাই থাকবে। কিন্তু আমার কোনো দুঃখ নেই। খবর বিবিসির।

যুক্তরাষ্ট্রের পরবর্তী প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান দলের প্রার্থী তালিকায় বড় নামের একজন ছিলেন মাইক পেন্স। নির্বাচনী প্রচারের এখন পর্যন্ত যে অবস্থা, তাতে তালিকায় সবচেয়ে এগিয়ে রয়েছেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।





হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, **Autism, Autistic,** শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



- বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
- অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21

Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine — সীমিত সময়ের জন্য 15% Off — Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

সিয়েনা জরিপ: নিউইয়র্কে বাইডেন সমর্থন সর্বনিম্নে

(প্রথম পাতার পর)

৪৫-৫২% এ দাঁড়িয়েছে। ৫২ শতাংশ নিউইয়র্কার প্রেসিডেন্ট বাইডেনের প্রতি তাদের অসমর্থনের কথাই জানিয়েছেন। সমর্থন করছেন শতকরা ৪৬ জন। গেলো এক মাসেই পরিস্থিতি ঋণাত্মকভাবে পাল্টে গেছে। গত মানেও এই সমর্থনের রেটিং ছিলো ৫০-৪৫%। অর্থাৎ অসমর্থন ছিলো ৪৫ শতাংশের আর সমর্থন ছিলো ৫০ শতাংশ নিউইয়র্কারের। একই সঙ্গে জব অ্যাপ্রুভাল অর্থাৎ প্রেসিডেন্ট হিসেবে বাইডেনকে দেখতে চান এমন নিউ-ইয়র্কারের সংখ্যাও কমেছে। যা এখন ৪৬-৫১% এ দাঁড়িয়েছে। গত মাসেও এই সংখ্যা ছিলো ৪৭-৪৮ শতাংশ। এক্ষেত্রে ঋণাত্মক ট্রেন্ড গত মাসেই শুরু হয়েছিলো যা এ মাসে আরও বাড়লো।

২০২৪ সালের প্রেসিডেন্সিয়াল নির্বাচনকে সামনে রেখেই এই জরিপ চালানো হয়। ওই নির্বাচনে ডেমোক্রেটিক দলের সম্ভাব্য প্রার্থী হিসাবেই দেখা হচ্ছে প্রেসিডেন্ট জো বাইডেনকে। যদিও নিউইয়র্কার ডেমোক্র্যাটদের একটি ছোট্ট সংখ্যালঘু অংশ, ৫২-৪১% দলের একজন নতুন প্রার্থী দেখতে চান আগামী নির্বাচনে।

একই সঙ্গে নিউইয়র্কারদের মধ্যে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রতিও রয়েছে ঋণাত্মক সমর্থন রেটিং। সবশেষ জরিপ দেখাচ্ছে ৩৬-৫৯%। অর্থাৎ তার প্রতি সমর্থন রয়েছে ৩৬ শতাংশ নিউইয়র্কারের আর অসমর্থন ৫৯ শতাংশের। যদিও রিপাবলিকানদের মধ্যে ট্রাম্পের প্রতি সমর্থন ৭০ শতাংশ। আর দলের প্রার্থী হিসেবে এই সমর্থনের হার ৬১ শতাংশ। ৩২ শতাংশ রিপাবলিকান দলের প্রার্থী হিসেবে ট্রাম্পকে দেখতে চান না।

বাইডেন ও ট্রাম্পের মধ্যে প্রতিদ্বন্দ্বিতায় অবশ্য সমর্থন রেটিংয়ে এখনো বাইডেন এগিয়ে রয়েছেন। তবে তা ক্রমেই নিম্নগামী। গেলো মাসে বাইডেনের প্রতি সমর্থন ছিলো ৫২ শতাংশ নিউইয়র্কারের। যা এ মাসে ৪৬ শতাংশে নেমেছে। আর ট্রাম্পের ক্ষেত্রে এই পরিসংখ্যান এখন উর্ধ্বগামী। গেলো মাসে যা ছিলো ৩১ শতাংশ তা এ মাসের জরিপ দেখাচ্ছে ৩৭ শতাংশ। বর্তমানে বাইডেন ও ট্রাম্পের মধ্যে নিউইয়র্কারদের সমর্থনের ব্যবধান ৭ পয়েন্ট। যা ২০২০ সালর নির্বাচনের প্রাক্কালে ছিলো ২২ পয়েন্ট।

তবে নিউইয়র্ক এখনো সত্যিকারের একটি বু স্টেট। এখানে ৪৯ শতাংশ ভোটার ডেমোক্র্যাট হিসেবে তালিকাভুক্ত। যেখানে রিপাবলিকান হিসেবে তালিকাভুক্ত মাত্র ২৩ শতাংশ। এই স্টেটে সবশেষ কোনো রিপাবলিকান প্রার্থী প্রেসিডেন্ট হিসেবে জিতেছিলেন সেটি ১৯৮৪ সাল। আর সে প্রেসিডেন্টের নাম ছিলো রোনাল্ড রেগান।

চলমান মাইগ্রান্ট সঙ্কট, অপরাধমূলক ঘটনা বৃদ্ধি এসবই নিউইয়র্কারদের মধ্যে প্রেসিডেন্ট বাইডেনের প্রতি সমর্থন কমিয়েছে।

তবে ইউক্রেন যুদ্ধে সামরিক ও অর্থনৈতিক সহায়তা পাঠানোকে সমর্থন করেছেন ৫১ শতাংশ নিউইয়র্কার। অসমর্থন রয়েছে ৩৮ শতাংশের। আর অন্যদিকে ইসরায়েলের প্রতি যুক্তরাষ্ট্রের পক্ষাবলম্বনকে সমর্থন করেন ৫৭ শতাংশ নিউইয়র্কার। অসমর্থন রয়েছে ৩২ শতাংশের।

নিউইয়র্কের সাবওয়ে সহিংসতা বেড়েছে

(প্রথম পাতার পর)

করেন তিনি। মনটা আশঙ্কামুক্ত থাকে। কিয়ারার মতো নিউইয়র্ক সিটির অনেক বাসিন্দাই এখন সাবওয়েতে চড়তে রীতিমতো আতঙ্কে থাকেন। কারণ সাবওয়েতে সহিংস হামলার ঘটনা ক্রমেই বাড়ছে। আইন-শৃঙ্খলাবাহিনী এই সহিংসতা নিয়ন্ত্রণে ব্যর্থ হচ্ছে। গেলো সপ্তাহেও ৩০ বছরের এক নারীকে ধাক্কা মেরে ম্যানহ-াটানের একটি সাবওয়ে স্টেশনের ট্র্যাকের ওপর ফেলে দেওয়া হয়।

নিউইয়র্কে স্বল্পআয়ের মানুষের কাছে সাবওয়েই একমাত্র ভরসার স্থান। কিন্তু সাবওয়ের ভেতরে এখন ঢুকতেই ভয় ভয় লাগে। বিষয়টা ভীতিকর এবং দুঃখজনক, বলছিলেন কিয়ারা।

সাম্প্রতিক একটি পরিসংখ্যান প্রকাশ করেছে এনওয়াই-পিডি। তাতে দেখা গেছে গত এক বছরে সাবওয়েতে সহিংস ঘটনা ২২ শতাংশ বেড়েছে। ২০২৩ সালের সেপ্টেম্বরেই ২০২২ সালের মোট সহিংসতার পরিসংখ্যান ছাড়িয়ে গেছে।

এনওয়াইপিডির ট্রান্সপোর্টেশন বিভাগের প্রধান মাইকেল কেমপার বলেন, "আমাদের এই পরিস্থিতির অবশ্যই উন্নয়ন ঘটাতে হবে।

কেম্পার জানান, ২০২২ সালের সেপ্টেম্বরে সাবওয়ে সহিংসতার চেয়ে এবছরের সেপ্টেম্বরে ২১.৬ শতাংশ বেড়েছে। তবে একই সঙ্গে গ্রেফতারের সংখ্যাটিও বেড়েছে বলে দাবি করেন কেমপার। তিনি জানান, এই বছরে গ্রেফতারের সংখ্যা ৫৭.৪ শতাংশ বেড়েছে। আর সমন জারির সংখ্যা বেড়েছে ৫২ শতাংশ।

তবে মারাত্মক সহিংসতার হার কিছুটা কমেছে। গত বছরের তুলনায় এবছর তা ৫ শতাংশ কম। কেমপার বলেন, সাবওয়েতে ডাকাতি ও ছিনতাই কমে এসেছে। ধাক্কা দিয়ে ফেলে দেওয়ার সংখ্যা কমেছে ৩০ শতাংশ। কিন্তু যাত্রীরা সাবওয়েকে আরও নিরাপদ দেখতে চান। তারা যাতে নির্বিঘ্নে ট্রেনে চাপতে পারেন সে ব্যবস্থাই চান কর্তৃপক্ষের কাছে। এ জন্য সাবওয়েতে আরও পুলিশের সংখ্যা বাড়ানোর প্রত্যাশা অনেকের। আলেক্সান্ডার নামের একজন যাত্রী বলেন, আগে অনেক পুলিশের উপস্থিতি দেখা যেতো। এখন তা কম দেখি।

AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: popultaxservices@gmail.com
Personal Income Tax Preparation for all industries:
■ All types of W2 & 1099 Income Tax Filing
■ Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
■ Homeowners & Stock Market Trader Tax Filing
We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
tax refund
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
OPEN 7 DAYS
Road Lesson Local & Highway
5 Hours Class Certificate (Zoom Class)
Road Test Appointment
Car for Road Test
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
6 Hours DDC Class
Good For TLC
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)
❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া
যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
MIRZA M ZAMAN
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

COMPUTER IT TRAINING
& JOB PLACEMENT
MyTechUSA
"YOUR DREAM BECOME TRUE"
Why "MyTechUSA"
- We "MyTechUSA" Company is taking our community members IT career dream on our Shoulder to make it real!
- After Job Placement we provide continuous support to our students while they are on the Job!
- Our courses are very much affordable! We Pay $500 referral bonus.
- We don't leave our students alone OR leave them behind from the beginning till the end of the course!

DATABASE → ADMINISTRATION
→ ENGINEERING
Microsoft
SQL Server
ORACLE
Azure
mongoDB.
NoSQL
Please Contact:
Zia Uddin Ahamed
CEO & President
Phone: 347-597-0885
571-208-5450
813-767-4600
E-mail: ziaahamed@ymail.com

Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com

PEOPLE TECH
DevOps
Scrum Master
& Product Owner
(100% Scholarship for Training & Job Placement, Condition applied)
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing (QA) Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us

মেয়র সহ সিটি প্রশাসনের অফিসিয়ালগণ বিভিন্ন পূজা মন্ডপে

বিপুল উৎসাহে নিউইয়র্কে শারদীয় দুর্গোৎসব অনুষ্ঠিত



















নিউইয়র্ক (ইউএনএ): বিপুল উৎসাহ-উদ্দীপনায় নিউইয়র্কে সনাতন ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব শারদীয় দুর্গোৎসব অনুষ্ঠিত হয়েছে। গত ২০ অক্টোবর, শুক্রবার থেকে তিথি অনুযায়ী নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রে শুরু হয় শারদীয় দুর্গোৎসব। শুক্রবার ছিল মহাষষ্ঠী, শনিবার মহাসপ্তমী, রোববার মহাঅষ্টমী এরপর মহানবমী এবং বিজয়া দশমী। মূলত: প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে দুর্গোৎসবের সমাপ্তি ঘটে। দূর্গোৎসব উপলক্ষ্যে প্রতি বছরের মতো এবছরো নিউইয়র্ক সিটিতে একধিক পূজা মন্ডপ স্থাপিত হয়। প্রতিটি মন্ডপেই পূজা অর্চনার পাশাপাশি ছিলো আরতী, উলু ও শঙ্খধ্বনি প্রতিযোগিতা, সিঁদুর দান উৎসব, সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রসাদ বিতরণ প্রভৃতি। নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস ছাড়াও ষ্টেট অ্যাসেম্বলীওম্যান জেনিফার রাজকুমার, সিটি কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান ছাড়াও সিটি প্রশাসনের অফিসিয়ালগণ বিভিন্ন পূজা মন্ডপে গিয়ে সনাতন ধর্মাবম্বীদের শুভেচ্ছা জানান এবং কুশল বিনিময় করেন। এদিকে দূর্গোৎসব উপলক্ষ্যে সনাতন ধর্মাবলম্বীদের মাঝে উৎসবমুখ পরিবেশ বিরাজ করে। পরিবারের সদস্যদের নিয়ে অভিভাবকগণ পূজা মন্ডপে গিয়ে অনুষ্ঠানমালায় অংশ নেন। এছাড়াও আয়োজন হয় শাদ মেলা'র। খবর ইউএনএ'র।

বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ, বাংলাদেশ বেদান্ত সোসাইটি, সার্বজনীন পূজা উদযাপন পরিষদ, ইউএসএ, ওম শক্তি মন্দিও, আমেরিকান বাঙালী হিন্দু ফাউন্ডেশন প্রভৃতি সংগঠনগুলোর বাইরেও আরো বেশ কয়েকটি সংগঠন ও মন্দির দুর্গোৎসবের আয়োজন করছে। সংশ্লিস্টদের মতে নিউইয়র্কে বাংলাদেশী অধ্যুষিত এলাকাগুলোতে দুই ডজনাধিক পূজা মন্ডপে দূর্গোৎসবের আয়োজন করা হয়।

প্রতি বছরের মতো সনতান ধর্মালম্বীদের সাথে সৌহার্দ-সম্প্রতির লক্ষ্যে অন্যান্য ধর্মের নারী-পুরুষকেও বিভিন্ন পূজামন্ডপ পরিদর্শন এবং শুভেচ্ছা বিনিময় করতে দেখা যায়। এদিকে বাংলাদেশ পূজা সমিতি অব নিউইয়র্ক আগামী ৪ ও ৫ নভেম্বর সিটির ফ্রেশ মেডোর গুজরাটি সমাজ হলে দুর্গা পূজার আয়োজন করবে বলে জানা গেছে।

বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ: সিটির উডসাইডের গুলশান ট্যারেসে বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ শারদীয় দুর্গোৎসনের আয়োজন করে। গত ২০ অক্টোবর, শুক্রবার থেকে শুরু হয়ে ২৩ অক্টোবর সোমবার পর্যন্ত ছিলো পূজার অনুষ্ঠানমালা। এতে প্রধান অতিথি ছিলেন সিটি মেয়র এরিক অ্যাডামস। মেয়র অ্যাডাম গত ২২ অক্টোবর রোববার পূজা মন্ডপ পরিদর্শন করেন। মেয়র পূজা মন্ডপে পৌছলে তাকে ফুলের শুভেচ্ছা জানানো হয় এবং তার কপালে টিপ আর হাতে রাখি বেধে দেয়া হয়। এসময় মেয়রের সাথে ছিলেন ষ্টেট অ্যাসেম্বলীওম্যান জেনিফার রাজকুমার, মেয়রের উপদেষ্টা দিলীপ চৌহান, ফাহাদ সোলায়মান, ডেমোক্র্যাট দলীয় নেতা ড. দিলীপ নাথ প্রমুখ।

শ্রীকৃষ্ণ ভক্ত সংঘঃ নিউইয়র্ক সিটির জ্যামাইকার ৮৭-৩৫ ১৬২ ষ্ট্রিটের নিজস্ব মন্দির শ্রীকৃষ্ণ মন্দিরে

শ্রীকৃষ্ণ ভক্ত সংঘ'র আয়োজনে এবারের দুর্গোৎসব অনুষ্ঠিত হয়। এখানে গত ২০ অক্টোবর, শুক্রবার থেকে শুরু হয়ে ২৩ অক্টোবর সোমবার পর্যন্ত ছিলো পূজার অনুষ্ঠানমালা। সোমবার বিজয়া দশমীর মধ্যদিয়ে দুর্গোৎসব শেষ হয়।

বাংলাদেশ বেদান্ত সোসাইটিঃ জ্যামাইকার তাজমহল পার্টি হলে ২১ ও ২২ অক্টোবর যথাক্রমে শনি ও রোববার বেদান্ত সোসাইটি আয়োজনে দূর্গাপূজা অনুষ্ঠিত হয়। এতে নেতৃত্ব দেন সংগঠনের সভাপতি পূর্ণ চন্দ্র মুখার্জি ও সাধারণ সম্পাদক রীনা সাহা। এই দুর্গোৎসবের কর্মকান্ডের মধ্যে ছিলো প্রতিদিনই আরতী, সিঁদর খেলা, প্রসাদ বিতরণ প্রভৃতি। পূজায় পৌরহিত্য করেন টিটন আচার্য। এতে শিল্পী অলোক রায় চৌধরী, বিপ্লব মুখার্জি, চন্দ্রা রায়, রোকসানা মির্জা, মরিয়ম মারিয়া, শামিম সিদ্দিকী, রুনা রায়, দেবশ্রী প্রমুখ সঙ্গীত পরিবেশন করেন। বিভিন্ন পর্ব পরিচালনায় ছিলেন অসিম সাহা, মৌ মধুবন্তী ও শারমিন রেজা ইভা।

সার্বজনীন পূজা উদযাপন পরিষদ, ইউএসএঃ উডসাইডের দিব্যধাম সেবাশ্রম মন্দিরে শারদীয় দুর্গাপূজার আয়োজন করে সার্বজনীন পূজা উদযাপন পরিষদ, ইউএসএ। শুক্রবার থেকে শুরু হওয়া পূজা চলে মঙ্গলবার পর্যন্ত। বিজয়া দশমীর মধ্যদিয়ে শেষ হয় দুর্গোৎসব। দিব্যধাম সেবাশ্রম মন্দিরের দুতলায় প্রতিদিন সকাল দশটা থেকে রাত ১১টা পর্যন্ত ছিলো পূজার যাবতীয় আনুষ্ঠানিকতা। উল্লেখযোগ্য অনুষ্ঠানমালার মধ্যে ছিলো প্রসাদ বিতরণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠান।

আমেরিকান বাঙালী হিন্দু ফাউন্ডেশনঃ আমেরিকান বাঙালী হিন্দু ফাউন্ডেশনের আয়োজনে জ্যামাইকার মহামায়া মন্দিরে দুর্গোৎসব অনুষ্ঠিত হয়। ২০ অক্টোবর শুক্রবার থেকে শুরু করে ২৩ অক্টোবর সোমবার পর্যন্ত চলে পূজার কর্মকান্ড। বিজয়া দশমীর মধ্য দিয়ে শেষ হয় দুর্গোৎসব।

বেঙ্গলি ক্লাব ইউএসএঃ জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় দূর্গা পূজার আয়োজন করে বেঙ্গলি ক্লাব ইউএসএ। গত ২০ অক্টোবর থেকে শুরু হওয়া এই আয়োজন চলে ২৪ অক্টোবর মঙ্গলবার পর্যন্ত।

ওম শক্তি মন্দির: জ্যাকসন হাইটসের ওম শক্তি মন্দিরে আয়োজিত দূর্গোৎসবের অনুষ্ঠানমালার মধ্যে ছিলো পুষ্পাঞ্জলী, আরতী, প্রসাদ বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতি। এখানে পূজা পরিচালনা করেন প্রভাস চক্রবর্তী ও রনজিত ভাদুরী। সঙ্গীত পরিবেশন করেন বাংলাদেশ থেকে আগত বাউল কালা মিয়া, মেহরুন আহমেদ, বিন্দু কনা, অমিত পাল, ঐন্দ্রিলা দাস, কৃষ্ণা তিথি, ত্রিনিয়া হাসান, শাহ মাহবুব, বিপ্লব মুখার্জী, ঋতুকা ব্যানার্জী, শোভিত রায় চৌধুরী প্রমুখ। নৃত্য পরিবেশন করেন মৌমিতা সহ অনুপ দাস ড্যান্স একাডেমীর শিল্পীরা।

আমেরিকান বাঙালী হিন্দু ফাউন্ডেশন: জ্যামাইকার মহামায়া মন্দিরে দূর্গাপুজার আয়োজন করে আমেরিকান বাঙালী হিন্দু ফাউন্ডেশন। অনুষ্ঠানমাল মধ্যে ছিলো পুষ্পাঞ্জলী, আরতি, সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রাসাদ বিতরণ প্রভৃতি। প্রতিদিন সকাল থেকে রাত পর্যন্ত চলে অনুষ্ঠানমালা। সাংস্কৃতিক অনুষ্ঠানে শিল্পী কুন্ডু, জলি দাস, তমা চক্রবর্তী প্রমুখ সঙ্গীত পরিবেশন করেন।

জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে শেখ রাসেল দিবস উদযাপন

শিশু রাসেল বেঁচে থাকলে হয়ত দার্শনিক বার্ট্র্যান্ডরাসেল এর মতই জগৎবিখ্যাত হতেন : রাষ্ট্রদূত মুহিত



নিউইয়র্ক: জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে যথাযোগ্য মর্যাদায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, 'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেল এর জন্মদিন স্মরণে শেখ রাসেল দিবস-২০২৩ উদযাপন করা হয়। গত ১৮ অক্টোবর বুধবার স্থায়ী মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে মিশনের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারি অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানের শুরুতেই শহীদ শেখ রাসেলের প্রতিকৃতিতে পূষ্পস্তবক অর্পন করা হয়। অত:পর শেখ রাসেলের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী প্রদত্ত বাণী পাঠ করা হয় অনুষ্ঠানটিতে। এরপর শেখ রাসেল-এর জীবন বিষয়ক একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানটিতে মূল বক্তব্য প্রদান করেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী পতিনিধি ও রাষ্ট্রদূত মুহাম্মদ আবদুল মুহিত। ১৯৭৫ সালের ১৫ আগস্টের কালরাতে সপরিবারে 'জাতির পিতা'র বর্বরোচিত ও নির্মম হত্যাকান্ডের কথা তুলে ধরে রাষ্ট্রদূত মুহিত বলেন, "শেখ রাসেলের জন্মদিন উদ্যাপনের এই মুহূর্তে দুটি অনুভূতি আমাকে তাড়িত করছে। প্রথমত, সেদিন মাত্র ১০ বছর বয়সের শেখ রাসেল, জাতির পিতা, বঙ্গমাতা ও তাঁর পরিবারের অন্যান্য সদস্যদের যেভাবে নির্মমভাবে হত্যা করা হয়েছে, এমন নৃশংসতা সারা পৃথিবীতে বিরল। দ্বিতীয়ত, যে শিশুর বাবার নেতৃত্বে একটি স্বাধীন দেশ জন্মলাভ করেছে, সেখানে আজ সেই শিশুটি নেই, কিন্তু আমরা আছি। এটা আমার মাঝে এক গভীর দুঃখবোধ ও গানির জন্ম দিয়েছে"। স্থায়ী প্রতিনিধি আরও বলেন, ১৫ আগস্টের খুনিদের কেউ কেউ এখনও যুক্তরাষ্ট্র ও কানাডায় পালিয়ে আছে। বিদেশী পালিয়ে থাকা এ সকল নৃশংস খুনীদের দেশে ফিরিয়ে নিয়ে বিচারের আওতায় আনতে সকলকে স্ব স্ব অবস্থান থেকে একযোগে কাজ করতে হবে।

রাষ্ট্রদূত মুহিত বলেন, জাতির পিতা খ্যাতনামা দার্শনিক বার্ট্র্যান্ড রাসেল এর নামে কনিষ্ঠ সন্তানের নাম রেখেছিলেন। আজ রাসেল আমাদের মাঝে নেই। সেদিনের শিশু রাসেল বেঁচে থাকলে হয়ত দার্শনিক বার্ট্র্যান্ডরাসেল এর মতই জগৎবিখ্যাত হতেন। কিন্তু খুনিরা শিশু রাসেলকে বাঁচতে দেয়নি। তাকে হত্যার মাধ্যমে তার সকল ভবিষ্যত সম্ভাবনাকে অঙ্কুরে ধ্বংস করে দিয়েছে। তিনি আরো বলেন, সেদিন আমরা ব্যর্থ হয়েছি শিশু শেখ রাসেল, বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যদের রক্ষা করতে। শিশু শেখ রাসেলকে হারানোর শোককে শক্তিতে পরিণত করে বাংলাদেশসহ সারা বিশ্বের শিশুদের অধিকার রক্ষায় কাজ করার ওপর গুরুত্বারোপ করেন রাষ্ট্রদূত। এ প্রসঙ্গে তিনি ফিলিস্তিনে হাজার হাজার শিশুকে নির্মমভাবে হত্যার প্রতি তীব্র নিন্দা জ্ঞাপন করেন এবং সেখানে বসবাসরত শিশুদের অধিকার রক্ষায় আন্তর্জাতিক সম্প্রদায়কে একযোগে কাজ করার আহ্বান জানান।

রাষ্ট্রদূতের বক্তব্যের পূর্বে মুক্ত আলোচনা পর্বে মিশনের কর্মকর্তা ও কর্মচারিগণ অংশগ্রহণ করেন। তাঁরা আশা প্রকাশ করেন দেশ ও দেশের বাইরে শেখ রাসেল দিবস উদযাপনের মাধ্যমে দেশে ও প্রবাসে বেড়ে ওঠা শিশু-কিশোররা শেখ রাসেল সম্পর্কে আরও জানতে পারবে। এর মাধ্যমে শেখ রাসেল এর পবিত্র স্মৃতি আজীবন সকলের মাঝে বেঁচে থাকবে যা শিশু-কিশোরদের মানবতাবাদী ও অধিকারবোধ সম্পন্ন ভবিষ্যত নাগরিক হয়ে গড়ে উঠতে অনুপ্রেরণা যোগাবে।

কেক কাটার মাধ্যমে শহীদ শেখ রাসেল এর জন্মদিন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানটির সমাপ্তি হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

ফিলিস্তিনিদের সমর্থনে সমাবেশ করে যা বললেন এরদোগান

ঢাকা ডেস্ক,: গাজায় ফিলিস্তিনিদের ওপর ইসরাইলি সেনাবাহিনীর গণহত্যার পেছনে পশ্চিমা শক্তিগুলো 'মূল অপরাধী' বলে মন্তব্য করেছেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান।

ইস্তাম্বুলে ফিলিস্তিনিদের সমর্থনে আয়োজিত বিশাল এক বিক্ষোভ-সমাবেশে শনিবার এই কথা বলেছেন তিনি।

তুরস্কের রাষ্ট্রীয় বার্তা সংস্থা আনাদোলু জানিয়েছে, প্রেসিডেন্ট এরদোগান তুর্কি জাতির ফিলিস্তিনিদের প্রতি সমর্থন প্রদর্শনের জন্য শনিবার বিকালে ইস্তাম্বুলের আতাতুর্ক বিমানবন্দরে আয়োজিত সমাবেশের আয়োজন করেন।

'গ্রেট প্যালেস্টাইন মিটিং' শীর্ষক সমাবেশে দেওয়া ভাষণে এরদোগান তুরস্কের অবস্থানের পুনরাবৃত্তি করে বলেন, হামাস কোনো সন্ত্রাসী সংগঠন নয়, বরং স্বাধীনতাকামী। আর ইসরাইল অবৈধ দখলদার।

তিনি বলেন, আমি আবারও বলছি, হামাস কোনো সন্ত্রাসী সংগঠন নয়। এতে ইসরাইল খুবই ক্ষুণ্ণ হয়েছিল্ ইসরাইল একটি দখলদার।

সমাবেশে উপস্থিত মানুষেরা ফিলিস্তিনের পক্ষে স্লোগান দেন এবং তুরস্ক ও ফিলিস্তিনের পতাকা ওড়ান।

এরদোগান আরও বলেন, আমরা সারা বিশ্বকে বলব, ইসরাইল যুদ্ধাপরাধী। আমরা এর জন্য প্রস্তুতি নিচ্ছি। গাজায় গণহত্যার মূলহোতা পশ্চিম।পশ্চিমারা ইসরাইলের কাছে ঋণী, কিন্তু তুরস্ক ঋণী নয়।

ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস গত ৭ অক্টোবর ইসরাইলে 'অপারেশন আল-আকসা ফ্লাড' পরিচালনা করলে চলমান সংঘাত শুরু হয়। স্থল, সমুদ্র এবং আকাশপথে চালানো অভিযানে বেশ কয়েকশ ইসরাইলি নিহত হয়। এখন পর্যন্ত হামাসের হামলায় ১৪০০ ইসরাইলি নিহত হয়েছে। হামাস বলেছে, আল-আকসা মসজিদে হামলা এবং ফিলিস্তিনিদের বিরুদ্ধে ইসরাইলি বসতি স্থাপনকারীদের ক্রমবর্ধমান সহিংসতার প্রতিশোধ হিসেবে ওই হামলা চালানো হয়েছে। ওই দিন থেকেই ইসরাইলি সামরিক বাহিনী গাজা উপত্যকায় অবিরাম বোমাবর্ষণ শুরু করে। শুক্রবার রাতে অভিযান আরও জোরদার করা হয়। ইতোমধ্যে গাজায় চলছে সমন্বিত অবরোধ।

এর মধ্যেই শুক্রবার রাতে অবরুদ্ধ গাজায় মোবাইল ও ইন্টারনেট যোগাযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়েছে।

ফিলিস্তিনি কর্তৃপক্ষের দাবি, ইসরাইলি হামলায় অন্তত ৭ হাজার ৩২৬ ফিলিস্তিনি নিহত হয়েছে। সরকারি পরিসংখ্যান অনুসারে, নিহতদের মধ্যে প্রায় ৭০ শতাংশ ফিলিস্তিনি নারী ও শিশু।



আমাদের স্পষ্ট অবস্থান আমেরিকার বিদেশনীতির পক্ষে

বাংলাদেশের সাম্প্রতিক প্রেক্ষাপট ও ফিলিস্তিনী-ইসরায়েল যুদ্ধ পরিস্থিতি প্রসঙ্গে স্যার ড. আবু জাফর মাহমুদ

Our Definitive Stand for American Foriegn Policy - Sir Dr. Abu Zafar Mahmood

On the contemporary Bangladesh scenario and Palestine-Israel War situation Global Peace Ambassador





রোববার ব্রুকলিনে বাংলাদেশ মার্চেন্ট অ্যাসোসিয়েশন ইউএসএ ইনক্ আয়োজিত মৌসুমের শেষ পথমেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন গ্লোবাল পিস অ্যামব্যাসেডর স্যার ড. আবু জাফর মাহমুদ

Sir Dr. Abu Zafar Mahmood, Global Peace Ambassador, Inaugurates the season's last Street Fair at Brooklyn, organiozed by Bangladesh Marchent Association USA Inc. as Chief Guest



ALEGRA HOME CARE INC.

PEOPLE UNITED PROGRESS POLITICAL RIGHTS FOR ETHNIC COMMUNITIES

Abu Zafar Mahmood Foundation

জয় বাংলাদেশ JOY BANGLADESH MEDIA INC.

JBTV JOY BANGLADESH TELEVISION

CDPAP SERVICES

সাহিত্য সাময়িকী

হাহাকার করে ওঠে

মতিন বৈরাগী

কখনো কখনো নি:সঙ্গতা হাহাকার করে ওঠে
চৈত্রের আকাশ তলে মরে যাওয়া নদী স্রোতের আর্তনাদ
সময় স্নেহ বয়ে যায় অজানা অন্তের দিকে
দরজায় দাঁড়িয়ে অদ্ভুত কেউ শিস দেয়, টিকি নাড়ে
পাতালের হিম গায়ে লাগে
আর কতগুলো নামফলক মুছে যাওয়া অতীতের;
কতকারো মুখের উঁকিঝুঁকি
চোখতারায় নাচে মহামহিমের নাম ।

নি:সঙ্গতা সাথীহারা পাখির মতো বিষণ্ন, ফিরে আসে
ইবাদতখানার হেলে পড়া গম্বুজের ঐতিহ্যের রেণু
টুটে যায় ভাবনার মোহতাপ ।
জলমগ্ন চোখতারা, তারপর বন্ধ করে
অলোক ইশারা ।

ব্লাক মাস্টার, এখনই নেকড়ে সামলাও

আবু আফজাল সালেহ

ক্ষুধার কোনো রং নেই, শিশুর আনন্দে ধর্ম নেই
বোমাকেও মনে করে চকলেট, রণতরিকেও মনে করে
খেলনা ।
অস্ত্রের মানবতা নেই,
শিশুর উপর, নারীর উপর কিংবা হাসপাতালেও
ফেলতে হবে নির্দয়! করতে হবে হিসেব-নিকেশ?
এসব কী শুধুই নির্যাতন? নাকি শুধুই অনাচার?
বলছি, এখনই জেনোসাইট হটাও
ব্লাক মাস্টার, এখনই নেকড়ে সামলাও ।

সত্যের প্রতি ন্যায়বিচার, ফিলিস্তিন হোক মুক্ত ভূখন্ড
বলছি, হিসেবের বোর্ডে রক্ত-খেলার নেপথ্য থেকে সরে
এসো ।



রোধ ও আগুন

মাহমুদ কামাল

রোদ্দুরে মিশে যায় ছাইচাপা ক্রোধ
রোদ ও ক্রোধের রসায়ন থেকে
কীভাবে আলাদা হবে ক্রোধের আগুন
পাশেই জলের ধারা আগুনকে মিশিয়ে দিতে
প্রস্তুত রয়েছে ।

ছাইচাপা ক্রোধ ক্রমাগত ভূইচাপা হয়ে
আগুনের তাতাল শরীর
রোদকেই আলিঙ্গন করে ।

রেণুর শহর

নাসিমা হক মুক্তা

নিভৃতে দখল করে আছে পুষ্ট বীজ
সমস্ত অঞ্চল জুড়ে খেলে তার শিল্পিত টলমল!

এমন মোহিনী শুভ্র ব্যগ্রতা
রেণুর শহরে স্বয়ং লিওনার্দো দা ভিঞ্চি
নিদ্রাপানে ভোরের ফুল ফোঁটায়
সুখের চঞ্চুতে সলজ্জ উদ্দীপক
দূরতর দৃষ্টি ছড়িয়ে হাঁটে
নরোম গন্তব্যের পথে!

মুখোমুখি কফির চামচ চিবুক ধরে
নেমে পড়ে- চুরুট গোড়ায়;

শেষটানে ধূমায়িত প্রণয় ঠোঁট
দূর্লভ বাতাস শিহরণে জড়িয়ে পড়ে দেহলতায়
টুপুরটাপুর নিবাসে চূর্ণচূর্ণ অঙ্গার
ডুবে যায় একাকার চুমো- নোঙর পাল ছেড়ে ।

এ পৃথিবী ক্রমশ

দুলাল সরকার

তুমি লাঙল ও হাতুড়ির ইতিহাস জানো?
মৃত্যুর মিছিলে ভুলেছো তা জানি
মরে গেছে অনুভূতি- সান্ত্বনাহীন
এ পৃথিবী ক্রমশ এগোয় জলহীন
তপ্ত বালুর দিকে, হৃদয় বিহীন স্বার্থের
অনুচর, সুবিধা নিতেই এরা প্রস্তুত;

ঐক্যের শক্তিতে দাঁড়াবে না রুখে
বলবে না যুদ্ধবাজ শাসকেরা থামো,
মুষ্টিবদ্ধ হাতের দামামা বেজে
ওদের ভয়ের কারণ হবে না তবু,
অস্ত্র আর রক্তচক্ষু ওদের সম্বল-

হাত ওদের লাল মানুষের ভেজা রক্তে
সে হাতেই আপন শিশুর যত্ন,
আবার অন্য শিশুর মৃত্যুরও ওরা কারণ
তবু মানুষ দাঁড়াবে না মানুষের ঢাল হয়ে
দানবের বিরুদ্ধে আজ কিংবা কাল কেন?

নিষিদ্ধ শহর

এইচ এম হাসান মাহমুদ

যিশুর ক্রুশবিদ্ধ আর্তনাদ যে শহরে
সে শহরে কফিনে থাকে আকর্ষিত পারফিউম
সাথে থাকে দামী এলকোহল
ঘোষণা করা হোক এ শহরকে
নিষিদ্ধ শহর ।

আয়নার সামনে দাঁড়িয়ে
মরিয়ম খুঁজেছিল একটা পরিচয়
যে পরিচয় পেলে বিশ্ববাসী
লাল গালিচায় অভ্যর্থনা জানাতো
ঘুচে যেত কুমারী মায়ের
সকল অপবাদ, লাঞ্ছনা ।

নিষিদ্ধ শহরে শান্তির পায়রা
উড়ে বেড়াতো সংকোচ না রেখে
গোপনে আর খেতে হতো না
কুড়িয়ে কুড়িয়ে ফেলে দেওয়া খাবার ।

গর্ব করে পাওয়া হতো স্বাধীনতার সুখ
ঘুচে যেত সকল ব্যথা অবহেলিত অসুখ ।

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

তানিয়াকে কখনোই ডিভোর্স দিতে চাইনি-এস আই টুটুল



বিনোদন ডেস্ক: গত বছরের জুলাইয়ে শিল্পী এস আই টুটুল ও অভিনেত্রী তানিয়া আহমেদের দীর্ঘ ২৩ বছরের সংসার জীবনের অবসান হয়। টুটুল এখন যুক্তরাষ্ট্রে বসবাস করছেন। তানিয়ার সঙ্গে বিচ্ছেদ নিয়ে তিনি কখনো মুখ খুলেননি। তবে সম্প্রতি টুটুল এ নিয়ে একটি সংবাদমাধ্যমের সাথে কথা বলেছেন।

টুটুল বলেন, এটা সত্য যে, আমি তানিয়ার সঙ্গে কখনোই ডিভোর্স চাইনি। নিজ উদ্যোগেও ডিভোর্স দেইনি। বরং সেই চেয়েছিল বারবার। আর কেন চেয়েছিল, সেটাও সে নিজেই ভালো জানে। তানিয়া আমাকে বলেছিল, সে স্বাধীনভাবে জীপনযাপন করতে চায়। সে আর সংসারের কোনো বাধ্যবাধকতা চায় না। যখন যেখানে খুশি চলে যাবে, এমনটাও বলেছিল। কখন ফিরবে সেসব কখনো আমি জানতেও চাইতে পারব না। এক পর্যায়ে সে তার চাওয়া মতো চলাফেরাও শুরু করেছিল। আর আমার সঙ্গে তার আচার-ব্যবহারসহ আরও অনেক কিছুই, যা মেনে নিতে পারিনি আমি। এ কারণে, একসময় আমিও ডিভোর্স দিতে রাজি হয়েছিলাম। তিনি বলেন, তানিয়া তার ছোট ভাই এবং ভাবির মাধ্যমে ডিভোর্সের সব প্রক্রিয়া সম্পন্ন করেছিল। অথচ সবাই জানলো, আমিই নাকি তাকে ডিভোর্স দিয়ে চলে গেছি। ডিভোর্স প্রক্রিয়া আমার মাধ্যমে সম্পন্ন হয়নি। এ ক্ষেত্রে আমাকে সবাই ভুল বুঝেছে।

টুটুল বলেন, তানিয়ার সঙ্গে ডিভোর্সের যখন এক বছরেরও বেশি সময় পার হয়, তখন একজন সিঙ্গেল মানুষ হিসেবে জীবন কাটাচ্ছিলাম আমি। তখন একটি অনুষ্ঠানে নিউইয়র্কে যাওয়া হয়। সেখানে একজনের সঙ্গে দেখা হয়, সখ্য হয়, একপর্যায়ে সম্পর্ক হয়। আমাদের মধ্যে বিয়ের কথাও হয়েছিল। কিন্তু আল্লাহ হয়তো চাননি, তাই কোনোভাবে সেই বিয়েও হয়নি। এছাড়া তানিয়াকে সোশ্যাল মিডিয়ায় ব্লক করার ব্যাপারে টুটুল বলেন, আমাকে এই কষ্টের জীবনে ঠেলে দিয়েছে সে। এ অভিমান থেকেই তাকে ব্লক করেছিলাম। আমাকে সে তার জীবন থেকে ব্লক করে দিয়েছে। তার সঙ্গে আর যোগাযোগ থেকেই বা কি লাভ, এমনটা মনে হয়েছিল আমার কাছে।

এই উপহার ভালোবাসার : পূজা চেরি

বিনোদন ডেস্ক: পূজা চেরি অভিনীত শেষ মুক্তিপ্রাপ্ত সিনেমা 'জ্বীন', মুক্তির অপেক্ষায় আছে 'নাকফুল'। তার অভিনীত 'লিপস্টিক' ছবির ৮০ ভাগ শুটিং শেষ হয়েছে। এ সিনেমার পরিচালক কামরুজ্জামান রোমান। এ পরিচালকের 'দরদিয়া' নামের নতুন সিনেমায় চুক্তিবদ্ধ হয়েছেন পূজা চেরি। তার বিপরীতে আছেন আদর আজাদ। এই জুটির তৃতীয় সিনেমা এটি।



'দরদিয়া' সিনেমার গল্প নিয়ে পূজা চেরি বলেন, এই সিনেমাটি নাইনটিজের গল্প নিয়ে নির্মিত হবে। আমি সত্যি এমন ধরনের গল্পে আগে অভিনয় করিনি। বলার জন্য বলা না, আসলেই একেবারে ভিন্ন এক কাহিনি। তিনি বলেন, 'দরদিয়া' রোমান্টিক থ্রিলার ধরনের গল্প। প্রেম, বিরহ ও সম্পর্কের বৈচিত্র্যময় টানাপোড়েন রয়েছে কাহিনিতে। গল্পের প্রেমে পড়েই এ সিনেমায় চুক্তিবদ্ধ হয়েছি।

নায়ক আদর আজাদকে নিয়ে পূজা চেরি বলেন, আমরা একসঙ্গে ৩টি সিনেমায় জুটি হয়ে অভিনয় করেছি। আমাকে মুগ্ধ করেছে। দেশের সব জনপ্রিয় নায়কের বিপরীতে অভিনয় করেছি। সবারই আলাদা আলাদা বৈশিষ্ট্য আছে।

পূজা চেরি দুর্গাপূজার দশমী উদযাপন করেছেন বনানী পূজামন্ডপে। তিনি বলেন, এবার পূজা উপলক্ষে পরিবারের লোকদের কাছে উপহার পেয়েছি। বাবা, মা আমাকে উপহার দিয়েছেন। আমার কাছে এসব উপহার ভালোবাসার। বিশেষ উপহার দিয়েছেন একজন, সেটা বলা যাবে না। সব মিলিয়ে ভালোই কাটছে পূজার দিনগুলো।

শাকিবের প্রশংসায় যা বললেন বলিউড নায়িকা সোনাল চৌহান



বিনোদন ডেস্ক: ঢালিউডের শীর্ষ নায়ক শাকিব ও বালিউড নায়িকা সোনাল চৌহানকে নিয়ে প্যান-ইন্ডিয়ান সিনেমা নির্মাণ করছেন অনন্য মামুন। শিরোনাম 'দরদ'। সাম্প্রতিক সময়ে এ সিনেমা নিয়ে নানা গুঞ্জনই চাউর হয়েছিল। প্রথমবারের মতো সোনাল চৌহানকে নিয়ে সামনে এলেন সুপারস্টার শাকিব খান। বুধবার (২৫ অক্টোবর) সন্ধ্যায় মুম্বাইয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করে 'দরদ' টিম। এতে শাকিব-সোনালসহ উপস্থিত ছিলেন সিনেমাটির প্রযোজক-পরিচালকও।

সংবাদ সম্মেলনে দেখা যায়, শাকিবের প্রশংসায় পঞ্চমুখ বলিউডের সোনাল চৌহান। কেননা, গত মঙ্গলবার মুম্বাই পৌঁছার পর থেকেই হিন্দি শেখার চেষ্টা করছেন শাকিব। আর সেই সাক্ষী নায়িকাসহ অনেকেই।

বিষয়টি জানিয়ে শাকিব বলেন, 'হিন্দি শেখার চেষ্টা করছি। যে কারণে গতকাল (মঙ্গলবার) থেকে এই সংবাদ সম্মেলন পর্যন্ত সবার সঙ্গেই একটু একটু হিন্দি বলছি।' শাকিবের এই কথায় তাল মিলিয়ে সোনাল বলেন, 'নট বেড। ভেরি গুড।' (মন্দ না। খুবই ভালো।)

বাংলাদেশী সিনেমায় যুক্ত হওয়ার বিষয়ে সোনাল চৌহান বলেন, 'প্রথমবারের মতো আমি বাংলাদেশি সিনেমায় কাজ করছি। যতদূর জানি সিনেমাটিও প্রথম ইন্দো-বাংলা প্যান ইন্ডিয়ান সিনেমা। নিঃসন্দেহে আমি খুব রোমাঞ্চিত। আশা করছি, বাংলাদেশ-ইন্ডিয়ার যৌথ প্রযোজনার এই ছবিটি আমার জন্য ভালো একটা অভিজ্ঞতা হবে।' যোগ করে আরও বলেন, 'সিনেমার কোনো ভাষা নেই। একটি ভালো গল্প যে কোনো ভাষার সিনেমাই হতে পারে।'

গত ২৭ অক্টোবর থেকে ভারতের বারানসিতে শুরু হয়েছে সিনেমাটির শুটিং। এরইমধ্যে শুরু হয়েছে প্রস্তুতি।

প্রসঙ্গত, অনন্য মামুন পরিচালিত 'দরদ' সিনেমাটি যৌথভাবে প্রযোজনা করছে ভারতের এসকে মুভিজ, ওয়ান ওয়ার্ল্ড মুভিজ, বাংলাদেশের অ্যাকশন কাট এন্টারটেইনমেন্ট ও কিবরিয়া ফিল্মস। এতে শাকিব ছাড়াও শহীদুজ্জামান সেলিম, পায়েল সরকার, রাজেশ শর্মা, মিশা সওদাগর, এলিনা শাম্মী, জেসিয়া ইসলাম, ভারতের রাহুল দেবের অভিনয়ের কথা রয়েছে। আগামী ফেব্রুয়ারীতে বাংলাসহ হিন্দি, তামিল, তেলেগু, মালায়লাম, কর্নাটক– এই ছয় ভাষায় মুক্তি পাবে সিনেমাটি।

হঠাৎ বুবলীর রহস্যময় পোস্টের কারণ খুঁজছেন ভক্তরা

বিনোদন ডেস্ক: ঢাকাই সিনেমার চিত্রনায়িকা শবনম বুবলী সামাজিক যোগাযোগমাধ্যমে খুব একটা সক্রিয় নন। তবে গত ২৫ অক্টোবর বুধবার নিজের ফেসবুক অ্যাকাউন্টে একটি রহস্যময় স্ট্যাটাস দিয়েছেন এ অভিনেত্রী। যেখানে এ নায়িকা তুলে ধরেছেন কবি সত্যেন্দ্রনাথ দত্তের কবিতা 'উত্তম ও অধম' দুই লাইন– 'কুকুরের কাজ কুকুর করেছে, কামড় দিয়েছে পায়, তাই বলে কি কুকুর কামড়ানো মানুষের শোভা পায়?'



হঠাৎ বুবলীর এমন স্ট্যাটাসের কারণ খুঁজছেন ভক্তরা। কাকে উদ্দেশ্য করে এমনটি বললেন তিনি, সেই প্রশ্নও তুলেছেন অনুরাগীরা। যদিও বুবলী কারও নাম নেননি, তবে ভক্তদের বুঝতে বাকি নেই এই নায়িকার তীরের নিশানায় রয়েছেন ঢালিউড নায়িকা অপু বিশ্বাস। কিন্তু বুবলীর এই স্ট্যাটাসের সঙ্গে অপুর সম্পর্ক কী?

এই প্রশ্নের উত্তর খুঁজতে গেলে দেখতে হবে, বুবলীকে নিয়ে অপু বিশ্বাসের সাম্প্রতিক এক মন্তব্য। যেখানে সরাসরি এই নায়িকা জানিয়েছেন, বুবলীকে 'ঘৃণা' করেন তিনি। এখানেই থামেননি! অপু বলেছেন– বুবলীর নাম নিতেও নাকি তার ব্যক্তিত্বে বাধে।

অপু বিশ্বাসের এমন মন্তব্যের একদিন পার হতেই সামাজিক মাধ্যমে এই স্ট্যাটাস দিলেন বুবলী। যেখানে তিনি এই নায়িকার নাম না নিলেও পরোক্ষভাবে তাকে উদ্দেশ্য করেই বার্তাটি পৌঁছে দিলেন। এর আগে বুবলীকে নিয়ে এক সাক্ষাৎকারে অপু বলেছেন, 'আমাকে নিয়ে তার কী মন্তব্য গন্তব্য জানার সময় নেই। একবাক্যে তাকে আমি ঘৃণা করি। ইংলিশে 'হেট' বললে আরও স্মার্ট হয়।'

বুবলীকে নিয়ে অপু আরও বলেন, 'ওনার নাম নিতে আমার ব্যক্তিত্বে বাধে। জানি এই শব্দটা প্রচুর ভাইরাল হবে। এটা আমার জন্য ম্যাটার করে না। ওনাকে আমি ঘৃণা করি।'

বিদেশেও সংসার করতে চেয়েছিলেন শিল্পা

বিনোদন ডেস্ক: ২০২১ সাল থেকেই সময়টা খারাপ যাচ্ছিল বলিউড অভিনেত্রী শিল্পা শেঠির ব্যবসায়ী স্বামী রাজ কুন্দ্রার। দীর্ঘ ১৪ বছরের সংসার জীবন তাদের। সম্প্রতি এক সাক্ষাৎকারে রাজ জানিয়েছেন তাদের কঠিন সময়ের কথা। পর্নোকান্ডে নাম জড়ানোর পর তাকে নাকি দেশ ছেড়ে চলে যাওয়ার পরামর্শ দিয়েছিলেন শিল্পা শেঠি।



রাজ বলেন, আমার স্ত্রীই প্রথম আমাকে প্রশ্ন করেন– তুমি কি বিদেশে চলে যেতে চাও? তুমি তো লন্ডনে বেশ ভালোই ছিলে। আমার জন্য এ দেশে এসেছো তুমি। তুমি চাইলে আমি বিদেশে গিয়েও সংসার করতে পারি। চরম কঠিন সময়েও আমার স্ত্রীই প্রথম আমাকে এই প্রস্তাব দিয়েছিলেন।

তার পরও কেন বিদেশে যাওয়ার কথা ভাবেননি রাজ? তিনি বলেন, আমি এ দেশে থাকতে ভালোবাসি। আর তা ছাড়াও... লোকজন কোটি কোটি টাকার জালিয়াতি করে পালিয়ে যায়। আমি কেন তা করব!

পর্নোগ্রাফিকান্ডে ৬৩ দিন আর্থার রোড জেলে বন্দি ছিলেন রাজ। তার পর প্রায় দুই বছর মুখ লুকিয়ে ছিলেন। নিজের জেলবন্দি সময় নিয়ে ছবিও করছেন তিনি। মুখ্য চরিত্রে অভিনয় করছেন নিজেই। ছবির প্রথম ঝলকও ইতোমধ্যে প্রকাশ্যে এসেছে।

আর্থার রোড জেলে ৬৩ দিন কাটানোর অভিজ্ঞতা কেমন ছিল, সেটি জানাতে গিয়ে রাজ বলেন, 'যখন রাতে ঘুমোতাম, ডান পাশে যে শুয়ে থাকত তার বিরুদ্ধে ৮৮ জনকে খুনের অভিযোগ ছিল। আর বাঁদিকে যে শুতো তার বিরুদ্ধে শিশুকে ধর্ষণের অভিযোগ। এমন পরিবেশে ৬৩ রাত কাটাব, দুঃস্বপ্নেও ভাবতে পারিনি।' জেলের ভেতরে তার স্ত্রী-সন্তানদের নিয়ে নানা কথা উঠত। সেই প্রসঙ্গ উঠতেই কেঁদে ফেলেন রাজ। তার হাজতবাসের অভিজ্ঞতা নিয়ে যে ছবিটি হচ্ছে তার নাম 'ইউটি-৬৯'। আগামী ৩ নভেম্বর বলিউডে মুক্তি পাচ্ছে শিল্পা শেঠির স্বামী রাজ কুন্দ্রা অভিনীত 'ইউটি সিক্সটিনাইন'।





গুলি-গ্রেনেড দিয়ে হামলারপরিণাম ভালো হবে না : মির্জা ফখরুল

ঢাকা: গুলি-সাউন্ড গ্রেনেড দিয়ে হামলার পরিণাম ভালো হবে না বলে সরকারকে হুঁশিয়ার করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, সন্ত্রাসী আওয়ামী লীগ সরকার, পুলিশ বাহিনী বিএনপির শান্তিপূর্ণ সমাবেশ পন্ড করার লক্ষ্যে একের পর এক গুলি ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করেছে। এর তীব্র প্রতিবাদ জানিয়ে তিনি সন্ত্রাসীদের প্রতিরোধ করার জন্য জনগণকে আহবান জানান। রোববার (২৮ অক্টোবর) বিকালে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে মহাসমাবেশে বিএনপি মহাসচিব এসব কথা বলেন।

মহাসমাবেশে অংশ নিতে ভোর থেকে নয়াপল্টনে আসতে শুরু করে বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা। সকাল ১০টার আগেই একদিকে আরামবাগ, অন্যদিকে মৎস্যভবন, পল্টন মোড়, শান্তিনগর মোড় পর্যন্ত নেতাকর্মীদের পদচারণায় পূর্ণ হয়ে যায়। যাদের মধ্যে বেশিরভাগই ছিল ঢাকা মহানগরের বাইরে থেকে আসা নেতাকর্মী। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে নেতাকর্মীদের উপস্থিতি আরও বাড়তে থাকে। নয়াপল্টন ও এর আশপাশের এলাকায় নেতাকর্মীদের ঢল নামে।

কয়েকজনের সঙ্গে কথা বলে জানা যায়, তাদের কেউ কেউ তিন থেকে চার দিন আগেই ঢাকা পৌঁছান। কেউ এসেছেন পুলিশের তল্লাশি চৌকি ফাঁকি দিয়ে। বেলা পৌনে ১১টার দিকে নেতাকর্মীদের উজ্জীবিত করতে নয়াপল্টনে শুরু হয় গান-বাজনা। বাংলাদেশ জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থার (জাসাস) উদ্যোগে গান পরিবেশন করা হয়। দুপুর পৌনে ১টায় পবিত্র কুরআন তিলাওয়াতের মধ্য দিয়ে মহাসমাবেশ শুরু হয়। কিন্তু কেন্দ্রীয় এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের কয়েকজন নেতা বক্তব্য দেওয়ার পরই শুরু হয় সংঘর্ষ। এমন পরিস্থিতিতে পুলিশের ছোড়া টিয়ারশেলের ধোঁয়া ও সাউন্ড গ্রেনেডের বিকট শব্দের মধ্যে মহাসমাবেশের মঞ্চ থেকে চলে যেতে বাধ্য হন কেন্দ্রীয় নেতারা। কাঁদানে গ্যাসে সমাবেশস্থলে কারও পক্ষে টিকে থাকা সম্ভব ছিল না। এতে সমাবেশ পন্ড হয়ে যায়। ৩টার দিকে নয়াপল্টন কার্যালয়ের ভেতরে যান নেতারা।

এর আগে বেলা ২টার দিকে মহাসমাবেশস্থলের মঞ্চ থেকে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর নেতাকর্মীদের উদ্দেশে বলেন, 'কারও উসকানিতে পা দেবেন না, দয়া করে বসে যান। শান্তিপূর্ণ সমাবেশ নস্যাৎ করতে চায় সরকার। মির্জা ফখরুল যখন এ আহ্বান জানাচ্ছিলেন, তখন কাকরাইলের দিক থেকে কাঁদানে গ্যাসের ধোঁয়া আসছিল। তবে মহাসমাবেশের কার্যক্রম বন্ধ করা হয়নি। এ সময় মঞ্চ থেকে ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির আহ্বায়ক আবদুস সালাম নেতাকর্মীদের উদ্দেশে বলেন, 'দু-একটা পটকায় ভয় পাবেন না। গুলি হলে হবে।'

এরপর বিএনপি নেত্রী সেলিমা রহমান বক্তব্য দেন। তার বক্তব্যের পর বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী বক্তব্যের শুরুতে স্লোগান ধরেন-'শেখ হাসিনা ভোট চোর, ভোট চোর।' তিনি বলেন, 'এই চোরদের ধরতে হবে। যারা গুলি করে মানুষ খুন করে, মিথ্যা মামলা দেয়-সেই ভোট চোররা আর রেহাই পাবে না। শান্তিপূর্ণ সমাবেশে গোলাগুলি করে মানুষের সাংবিধানিক অধিকার, রাজনৈতিক অধিকার তারা কেড়ে নিতে চাচ্ছে। এরা কারা? এরা ভোট চোরদের অংশীদার। এই ভোট চোরদের কোনো ছাড় দেওয়া যাবে না। বাংলাদেশের মানুষ রাস্তায় নেমেছে। তারা পার পাবে না।'

তার বক্তব্যের শেষদিকে এসে মাইক বন্ধ হয়ে যায়। তখন বেলা আড়াইটা। আমির খসরুর বক্তব্যের সময়ও বিকট শব্দ শোনা যাচ্ছিল। কাকরাইলের দিক থেকে এই শব্দ যখন আসছিল, তখন মহাসমাবেশস্থলে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়। একপর্যায়ে টিয়ারশেলের ধোঁয়া বিএনপির মঞ্চের দিকে আসতে থাকে। সোয়া ২টায় বিদ্যুৎ চলে গেলে বন্ধ হয়ে যায় মাইক। বেলা পৌনে ৩টায় একটি ভ্যানে করে রক্তাক্ত এক ব্যক্তিকে বিএনপির মঞ্চের সামনে আনা হয়। তখন উত্তেজনা আরও বেড়ে যায়।

একপর্যায়ে বিএনপি নেত্রী নিপুণ রায়, আমিনুল হক, ইশরাক হোসেনসহ নেতাকর্মীরা লাঠিসোঁটা হাতে কাকরাইলের দিকে যেতে থাকেন। তখন সমাবেশস্থলে কাঁদানে গ্যাস ছড়িয়ে পড়ে। এমন পরিস্থিতিতে ধীরে ধীরে মঞ্চ ছাড়তে বাধ্য হন নেতাকর্মীরা। পরে মঞ্চে এসে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল হ্যান্ডমাইকে সকাল-সন্ধ্যা হরতালের কর্মসূচি ঘোষণা দেন।

সরকার পতনের একদফা দাবিতে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ বিএনপির মহাসমাবেশের আয়োজন করে। ঢাকা মহানগর উত্তর বিএনপির সদস্য সচিব আমিনুল হক ও দক্ষিণের ভারপ্রাপ্ত সদস্য সচিব লিটন মাহমুদের সঞ্চালনায় আরও উপস্থিত ছিলেন স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস, গয়েশ্বর চন্দ্র রায়সহ কেন্দ্রীয় ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতারা। তবে অধিকাংশই বক্তব্য দিতে পারেননি।

চারশ কিলোমিটার পাড়ি দিয়েও সমাবেশে নেতাকর্মীরা

কড়া নিরাপত্তার মধ্যেও মহাসমাবেশে অংশ নেন হাজারো নেতাকর্মী। এতে সাধারণ মানুষকে অংশ নিতে দেখা যায়। সকাল ১০টার দিকে ভাসানী ভবনের সামনে রফিকুল ইসলাম জানান, ঢাকা ও কুড়িগ্রামে তিনি রিকশা চালান। কিশোর বয়স থেকেই বিএনপিকে সমর্থন করেন। দলের প্রতি ভালোবাসা থেকেই সরকার পতনের আন্দোলনে প্রায় চারশ (৩৯৮) কিলোমিটার দূর থেকে এসে সমাবেশে যোগ দিয়েছেন।

তিনি আরও জানান, শুক্রবার রাতে নয়াপল্টনের সামনে রিকশা নিয়ে মিছিল করেছেন। তার পরিচিত কুড়িগ্রামের আরও অন্তত পাঁচজন রিকশাচালক আজকের সমাবেশে যোগ দিয়েছেন। খুলনা থেকে সমাবেশে যোগ দেওয়া লোকমান হোসেন বলেন, তিনি খুলনার রূপসায় মুদি দোকানের ব্যবসা করেন। পাশাপাশি যুবদলের রাজনীতির সঙ্গে জড়িত। দোকান বন্ধ করে সমাবেশে আসার কারণ জানতে চাইলে তিনি অনেকটা ক্ষোভ প্রকাশ করে জানান, বাড়িতে স্ত্রী, দুই কন্যা শিশু ও বৃদ্ধা মা রয়েছে। সরকার শুধু মুখে উন্নয়নের কথা বলে কিন্তু তাদের মতো খেটে খাওয়া মানুষের দিকে নজর নেই। এই সরকারের পতন না হওয়া পর্যন্ত দ্রব্যমূল্য কমবে না। এসব কারণেই এতদূর থেকে সমাবেশে এসেছেন।

এদিকে সন্ধ্যায় নয়াপল্টনে গিয়ে দেখা যায়, বিএনপির কেন্দ্রীয় কার্যালয় কার্যত ফাঁকা হয়ে গেছে। কার্যালয়ের সামনের এলাকাসহ আশপাশের সব মোড়ে রায়ট কার (দাঙ্গা দমনে ব্যবহৃত গাড়ি) নিয়ে অবস্থান করছে পুলিশসহ বিভিন্ন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা। সন্ধ্যায় সাড়ে ৬টার দিকে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, পুলিশের অনুমতি নিয়ে সমাবেশের আয়োজন করা হয়েছিল। সেই অনুমতির ভিত্তিতেই আইনসম্মতভাবে সমাবেশ করা হচ্ছিল। কিন্তু সমাবেশে পরিকল্পনা করে হামলা চালানো হয়েছে। বেআইনি সরকার, অবৈধ সরকার সব জায়গায় এমন বেআইনি কাজ করছে।



দায় নিন, সংকট উত্তরণে এগিয়ে আসুন

॥ হাসান মামুন ॥

বিএনপিসহ বিরোধী দলগুলোর পক্ষ থেকে কেন নির্বাচনকালীন দলনিরপেক্ষ সরকার প্রতিষ্ঠায় জোর দেওয়া অব্যাহত রয়েছে, তার কারণ অজানা নয়। সরকার এ বক্তব্য গ্রহণ না করলেও অতীতে এর চেয়েও কম জটিল পরিস্থিতিতে তারা একই ধরনের সরকার প্রতিষ্ঠায় তীব্র আন্দোলন গড়ে তুলেছিল। সে লক্ষ্য অর্জিত হলে সাংবিধানিকভাবে প্রতিষ্ঠিত তত্ত্বাবধায়ক সরকারের অধীনে পরিচালিত নির্বাচনে জয়ী হয়ে দীর্ঘ ২১ বছর পর তারা ফিরে আসে রাষ্ট্রক্ষমতায়। তেমন সরকারের অধীনে নির্বাচন না হলে তারা ক্ষমতায় যেতে পারত কি না, এ প্রশ্ন তোলা হলে কী উত্তর আসবে?

এটাও ঠিক, পরবর্তী তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন অনুষ্ঠানের জন্য শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের পর তাদের অভিজ্ঞতা ভালো হয়নি। বিচারপতি লতিফুর রহমানের নেতৃত্বাধীন ওই সরকার আওয়ামী লীগের রেখে যাওয়া প্রশাসনের খোলনলচে পালটে দিতে প্রথম প্রহর থেকেই ব্যবস্থা গ্রহণ শুরু করে। আওয়ামী লীগের একশ্রেণির নেতাকর্মীর বিরুদ্ধেও দেখানো হয় কঠোর মনোভাব। সরকারের তরফ থেকে বলা হয়েছিল, সুষ্ঠু নির্বাচনের জন্য লেভেল প্লেয়িং ফিল্ড প্রতিষ্ঠার স্বার্থেই এসব করতে হচ্ছে। আওয়ামী লীগ মনোনীত রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ তখনো রাষ্ট্রপতির দায়িত্বে। দলটির পক্ষ থেকে তত্ত্বাবধায়ক সরকারের 'পক্ষপাতদুষ্ট আচরণের' অভিযোগ তুলে তখন রাষ্ট্রপতির কাছেও যাওয়া হয়েছিল; কিন্তু প্রত্যাশিত প্রতিকার তারা পায়নি। ২০০১ সালের নির্বাচনে আওয়ামী লীগের 'ভোটব্যাংক' বলে পরিচিত ধর্মীয় সংখ্যালঘুদের ওপরও বিভিন্ন স্থানে হামলার ঘটনা ঘটে। নির্বাচনে বিএনপি জোটের বিপুল বিজয়ের পর এসব আরও বেড়ে যেতে দেখা যায়।

এখন প্রতিকূল পরিস্থিতিতে পড়ে বিএনপি যখন নির্বাচনকালীন দলনিরপেক্ষ সরকারের দাবিতে অনড়, তখন ক্ষমতাসীনরা ২০০১-এর অভিজ্ঞতার কথাও তুলে ধরছে। কেউ কেউ বলার চেষ্টায় আছেন, ওই অভিজ্ঞতা বলে তত্ত্বাবধায়ক সরকার দলনিরপেক্ষ নয়। তারা আসে আগের রাজনৈতিক সরকারের রেখে যাওয়া প্রশাসন ও দলের বিরুদ্ধে ব্যবস্থা নিতে। তাতে সদ্য ক্ষমতা ছেড়ে আসা দলটি হয়ে পড়ে আরও অজনপ্রিয়।

এদিকে ২০০১ সালে ক্ষমতায় এসে বিএনপি-জামায়াত সরকার পরবর্তী তত্ত্বাবধায়ক সরকারকে নিজেদের পক্ষে ব্যবহারের লক্ষ্যে নানা পদক্ষেপ নেয় বলেও জোরালো বক্তব্য রয়েছে। নির্বাচন কমিশনও তারা গঠন করেছিলেন পছন্দসই ব্যক্তিদের নিয়ে, যারা পক্ষপাতদুষ্ট আচরণ করে বিতর্কিত হন। বিএনপি মনোনীত রাষ্ট্রপতি ড. ইয়াজউদ্দিন আহমেদ একটা বিশেষ পরিস্থিতিতে বিধিবিধান লঙ্ঘন করে নিজেই হয়ে যান তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা। তার দলীয় আনুগত্যপূর্ণ কর্মকাণ্ডে বীতশ্রদ্ধ হয়ে কজন গুরুত্বপূর্ণ উপদেষ্টা পদত্যাগ করেন। তখন বিরোধী দলের আন্দোলনও ছিল জোরালো। তাতে সহিংসতা হয় রাজধানীর প্রাণকেন্দ্রে। সে অবস্থায় সেনা হস্তক্ষেপ ঘটে এবং জাতীয় জীবনে আসে নজিরবিহীন 'ওয়ান-ইলেভেন'।

নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার গঠন নিয়ে পরিস্থিতি এমন ঝুঁকিপূর্ণ দিকে চলে যেতে পারে, এটি কেউ ভাবতে পারেননি। তবে ওয়ান-ইলেভেনে আসা সরকারকে আওয়ামী লীগ তার 'আন্দোলনের ফসল' বলে অভিহিত করেছিল। নতুন উপদেষ্টা পরিষদের শপথ গ্রহণ অনুষ্ঠানে তারা যোগ দেন নিজেদের আংশিক বিজয় উদ্যাপন করতে। সে সরকার অবশ্য নির্ধারিত তিন মাসের বদলে দুই বছরের মতো সময় অতিবাহিত করে একটি নির্বাচন দিয়ে বিদায় নেয়। 'সংস্কারমুখী' বলে পরিচিত ওই সরকারের কর্মকাণ্ডে ক্ষমতা ছেড়ে আসা বিএনপিই হয় বেশি ক্ষতিগ্রস্ত। বিএনপিকে 'ক্যান্টনমেন্ট থেকে গঠিত' বলে অভিহিত করা হলেও ওয়ান-ইলেভেন পরবর্তী ঘটনাবলির চাপ প্রধানত যায় এ দলের ওপর দিয়ে। একটি ক্ষতিগ্রস্ত ও কোণঠাসা দল হিসাবে অভিযোগ করতে করতে তারা নির্বাচনে অংশ নিয়ে খারাপভাবে পরাজিত হয়। ৩০টি আসন পায় দলটি এবং প্রাপ্ত ভোটও কমে যায়। পরিস্থিতি যত প্রতিকূলই হোক, মাত্র ৩০ আসন লাভের মতো দল বিএনপি ছিল না, এ প্রশ্নে কম মানুষই বিতর্ক করবে। তা সত্ত্বেও দলটি ওই ফল মেনে নিয়ে সংসদে প্রধান বিরোধী দলের আসনে গিয়ে বসে।

নির্বাচনে তত্ত্বাবধায়ক সরকারসহ বিভিন্ন অংশীজনের ভূমিকা নিয়ে যত অভিযোগই উঠুক-আমরা লক্ষ করব, ২০০১ বা ২০০৮-এর নির্বাচন প্রধান কোনো দলই বর্জন করেনি। এর ফল পুরো প্রত্যাখ্যান করে সংসদে গিয়ে বসা থেকেও বিরত হয়নি পরাজিত পক্ষ। বিরোধী দলের অংশগ্রহণে সংসদ কতটা প্রাণবন্ত হয়ে উঠেছিল, সে প্রশ্ন অবশ্য রয়েছে। তাদের সে সুযোগ দেওয়া হয়েছিল কি না, এ প্রশ্নও উঠতে পারে।

তত্ত্বাবধায়ক সরকারের অধীনে এ পর্যন্ত চারটি নির্বাচন হলেও শেষের দুটির কথা এখানে আলাদাভাবে তোলা হলো এজন্য যে, ক্ষমতায় আসা-যাওয়া করা আওয়ামী লীগ ও বিএনপি প্রসঙ্গ এলে এ দুটি নির্বাচনের গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন তোলে। আগের দুটি নির্বাচন নিয়ে তাদের সমর্থকগোষ্ঠীর মধ্যেও প্রশ্ন কম। তত্ত্বাবধায়ক সরকারের অধীনে সবচেয়ে ভালো নির্বাচন সম্ভবত ছিল ১৯৯১ সালেরটি। সংবিধানের বাইরে গিয়ে রাজনৈতিক সমঝোতার ভিত্তিতে অনুষ্ঠিত হলেও তা গ্রহণযোগ্যতা পায়। এর ভেতর দিয়ে আমরা জনপ্রতিনিধিত্বশীল সরকারের মাধ্যমে শাসিত হওয়ার নতুন কালপর্বে প্রবেশ করি। সে কারণেও ওই নির্বাচনের গুরুত্ব বিরাট। এর ভেতর দিয়ে এটিও প্রমাণ হয়, রাজনৈতিক সদিচ্ছাপ্রসূত সমঝোতা অনেক সময় সংবিধানের নির্দেশনার চেয়েও গুরুত্ববহ হয়ে উঠতে পারে। তাতে দেশের সিংহভাগ মানুষের ইচ্ছা প্রকাশ পাচ্ছে কি না, সেটাই বড় বিষয়। বর্তমান সংকট উত্তরণেও ওই দৃষ্টান্ত অনুসৃত হতে পারে কি না, কেউ সে প্রশ্ন তুললে অবাক হওয়া যাবে না।

নির্বাচনকালীন দলনিরপেক্ষ সরকারের বিধান আর সংবিধানে নেই, সেটিও সবার জানা। বিধানটি যখন করা হয়-তখন কেউ বলেনি, এটি চিরস্থায়ী বন্দোবস্ত। বরং এমনটাই ধরে নেওয়া হয়েছিল, দলনিরপেক্ষ সরকারের অধীনে কয়েকটি নির্বাচনের মাধ্যমে ক্ষমতা হস্তান্তর হতে হতে আমরা নিশ্চয়ই গ্রহণযোগ্যভাবে নির্বাচন অনুষ্ঠানের স্বীকৃত ব্যবস্থাটি গড়ে তুলব। তখন আর অনির্বাচিত সরকারের প্রয়োজন হবে না। বাস্তবে দেখা গেল, তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থাটিরও অপব্যবহার করতে আমরা লেগে গেলাম। এটা ঘিরে সাংবিধানিক শূন্যতায় পড়ার মতো ঘটনাও ঘটল, যা ছিল বিপজ্জনক। নির্বাচনে তত্ত্বাবধায়ক সরকারের ভূমিকাও পক্ষপাতদুষ্ট হতে শুরু করেছে বলে অভিযোগ উঠতে লাগল। নির্বাচন কমিশনের ভূমিকা নিয়েও উঠতে থাকল প্রশ্ন।

এ অবস্থায় একটি বিকল্পই হাতে ছিল। তা হলো তত্ত্বাবধায়ক সরকারের সীমাবদ্ধতা ও ঝুঁকি দূর করা। সে উদ্যোগই কিন্তু নেওয়া হয় ২০০৯ সালে ক্ষমতায় আসা আওয়ামী লীগ শাসনামলে। সংসদীয় কমিটি দীর্ঘদিন আলোচনা করে তেমন প্রস্তাবই পেশ করে। পরে অকস্মাৎ ঘটনা চলে যায় অন্যদিকে। সংস্কারের বদলে তত্ত্বাবধায়ক ব্যবস্থা বাতিলেরই উদ্যোগ নেওয়া হয়। উচ্চ আদালত থেকেও এর পক্ষে রায় আসে। তবে সার্বিক পরিস্থিতি বিবেচনায় রায়ে এমন অভিমতও ব্যক্ত করা হয় যে, জাতীয় সংসদ চাইলে দুটি নির্বাচন তত্ত্বাবধায়ক সরকারের অধীনে হতে পারে। কিন্তু সংসদের চাওয়াটা তো নির্ভর করে সরকারি দলের চাওয়ার ওপর।

এরপর আমরা দেখি দলীয় সরকারের অধীনে একটি একতরফা এবং আরেকটি প্রশ্নবিদ্ধ নির্বাচন হয়ে সরকারের বদল না ঘটতে। এদেশে দলীয় সরকারের অধীনে অনুষ্ঠিত কোনো নির্বাচনে ক্ষমতাসীন দল পরাজিত হয়নি আর তত্ত্বাবধায়ক সরকারের অধীনে কোনো নির্বাচনে জয়ী হয়নি। এ চিত্রও অনেক কথা বলে। ক্ষমতাসীন দলকে পরাজিত হয়েই নির্বাচনকে গ্রহণযোগ্য করতে হবে কি না, এ প্রশ্ন অবশ্য কেউ কেউ তোলেন। গণতান্ত্রিক দেশগুলোয় দলীয় সরকারের অধীনেই নির্বাচন হয়ে থাকে এবং তাতে ক্ষমতাসীন দল কখনো পুনর্নির্বাচিত হয় না, তা নয়। সেটি নিয়ে বিতর্ক উঠতেও দেখা যায় না। বিতর্ক উঠলেও অচলাবস্থা সৃষ্টি হতে দেখা যায় কি? বাংলাদেশে এটি ঘটেছে এজন্য যে, এখানে দলীয় সরকারের অধীনে নির্বাচনের অভিজ্ঞতা খারাপ। বিগত দুটি নির্বাচনের ঘটনাবলি এত খারাপ যে, খোদ সরকারকে এখন বলতে হচ্ছে-আগামী নির্বাচনে এর পুনরাবৃত্তি হবে না। বাংলাদেশে মানসম্মত নির্বাচন ও গণতন্ত্র দেখতে আগ্রহী পশ্চিমা গণতান্ত্রিক মহলের কাছেও সরকার এ প্রতিশ্রুতি তুলে ধরছে।

২০১৮ সালের নির্বাচনে বিরোধী দল কিন্তু অংশ নিয়েছিল এমন প্রতিশ্রুতির ওপর ভরসা করেই। তাতে কী ফল হয়েছে, সেটি সবার জানা। ওটা কিন্তু ছিল একটি মোটামুটি গ্রহণযোগ্য সংসদ গঠন করে গণতন্ত্র চর্চার দিকে যাওয়ার সুযোগ। সেটি নেওয়া গেলে আজ হয়তো নির্বাচন আয়োজন নিয়ে এতটা অনাস্থার সৃষ্টি হতো না। নির্বাচনব্যবস্থার কিছু জরুরি সংস্কারও হয়তো এরই মধ্যে করে নেওয়া যেত। সেটি হয়নি বলে বর্তমান সংকট উত্তরণে নতুন পথ খোঁজা যাবে না, তাও নয়। নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকারের অভিজ্ঞতা সবকিছুর পরও ভালো বলেই কিন্তু এর দাবিটা সামনে এসেছে। সেটি ফিরিয়ে আনতেই হবে, তা নয়। তবে দলীয় সরকারের অধীনে নির্বাচন সব মহলে তথা জনগণের কাছে গ্রহণযোগ্য হবে বলে মনে হয় না। সংকট উত্তরণে ভূমিকা রাখার বদলে সেটি আরও জটিলতা সৃষ্টি করতে পারে। পশ্চিমা গণতান্ত্রিক বিশ্বের চোখেও আগামী নির্বাচনটি গ্রহণযোগ্য হতে হবে। দেশের মানুষের কাছে গ্রহণযোগ্য হলে তা বিদেশেও গ্রহণযোগ্যতা পাবে সহজেই। এটি হলো চ্যালেঞ্জ। এর দায় যাদের বেশি, তাদেরই সংকট উত্তরণে বেশি করে এগিয়ে আসতে হবে।

হাসান মামুন: সাংবাদিক, বিশ্লেষক







নিউইর্কে মুক্তি পেলো ‘১৯৭১ সেই সব দিন’

(শেষের পাতার পর)

ট্যারেসে মিট এন্ড গ্রিট অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে ছবিটির পরিচালক, অভিনেতা-অভিনেত্রী ও সঙ্গীত শিল্পী সহ সুধিজন উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সরকারের অনুদানে নির্মিত ‘১৯৭১ সেই সব দিন’ ছবিটি যুক্তরাষ্ট্রে পরিবেশনকারী প্রতিষ্ঠান বায়োস্কপ ফিল্ম আয়োজিত বুধবারের অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল মোহাম্মদ নাজমুল হুদা। ছবির উদ্বোধন ঘোষণা করেন একাত্তুরের শহীদ পরিবারের সন্তান ও বীর মুক্তিযোদ্ধ ডা. মাসুদুল হাসান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন লুবনা রশীদ। এরপর ছবির পরিচারক ও অভিনেত্রী হৃদি হক, অভিনেতা লিটু আনাম, অভিনেত্রী তারিন, সঙ্গীত শিল্পী কামরুজ্জামান রনি। সবশেষে ধন্যবাদ জানান বায়োস্কপ ফিল্ম কর্ণধান ডা. রাজ হামিদ।





অনুষ্ঠানে কনসাল জেনারেল মোহাম্মদ নূরুল হুদা বলেন, ৭১-এর মুক্তিযুদ্ধ আমাদের সকল বাংলাদেশীরা হৃদয়ে লালন করি। মুক্তিযুদ্ধের ছবি আমাদের প্রেরণা, উৎসাহ-উদ্দীপনা। দেশের গন্ডি পেরিয়ে বিদেশে বিশেষ করে যুক্তরাষ্ট্রে মুক্তিযুদ্ধের ছবি প্রদর্শণকে স্বাগত জানানোর পাশাপাশি তিনি আরো বেশী বেশী এমন ছবি নির্মাণে যার যার অবস্থান থেকে পৃষ্ঠপোষকতার আহ্বান জানান।

অনুষ্ঠানে ‘১৯৭১ সেই সব দিন’ ছবির মুক্তিকে স্বাগত জানিয়ে মহান মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ করে ডা. মাসুদুল হাসান বলেন, ৭১-এ আমার সামনেই আমার ডাক্তার বাবাকে হত্যা করা হয়েছে। ভাগ্যক্রমে আমি প্রাণে বেঁচে যাই। পরবর্তীতে ‘জাতির জনক’ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশে চিকিৎসার জন্য বিদেশে আসি এবং চিকিৎসা নেই।

অনুষ্ঠানে হৃদি হক, লিটু আনাম, তারিন ও কামরুজ্জামান রনি ছবি নিয়ে তাদের অভিমত ব্যাক্ত করেন। এছাড়াও ছবির শিল্পী কামরুজ্জামান রনি ও প্রবাসী শিল্পী নিলীমা শশী একটি ডুয়েট সঙ্গীত পরিবেশন করেন।

অনুষ্ঠানে বাংলাদেশের জনপ্রিয় চলচ্চিত্র অভিনেতা আহমেদ শরীফ ও জনপ্রিয় টিভি অভিনেত্রী লুৎফুন্নাহার লতা, অভিনেতা টনি ডায়েস, নৃত্যশিল্পী প্রিয়া ডায়েস ছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের সাংবাদিকদের সাথে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে হৃদি হক বলেন, ‘১৯৭১ সেই সব দিন’ ছবিটি একাত্তুরের গল্প নিয়ে তৈরী হলেও আমাদের মনে রাখতে হবে এটি কোন ডকুমেন্ট নয়, এটি সিনেমা। তাই একটি সিনেমা যেভাবে তৈরী হয়, এই সিনেমায় তাই করা হয়েছে। অপর এক প্রশ্নের উত্তরে ডা. রাজ হামিদ জানান, যুক্তরাষ্ট্রের বিভিন্ন রাজ্যের বাংলাদেশী অধ্যুষিত স্কুলগুলোতে ‘১৯৭১ সেই সব দিন’ ছবিটি বিনামূল্যে প্রদর্শনের উদ্যোগ নেয়া হয়েছে। আর বিভিন্ন রাজ্যের ছবিটি হরে প্রদর্শনের সময় দর্শনীর বিনিময়ে দেখতে হবে। তিনি ছবিটি দেখার জন্য প্রবাসীদের প্রতি আহআন জানান।

উল্লেখ্য, বাংলাদেশের জনপ্রিয় অভিনেতা ড. এনামুল হকের গল্প অবলম্বনে নির্মিত ‘১৯৭১ সেই সব দিন’ ছবি পরিচালনা করেন অভিনয় শিল্পী ড. এনামুল হক ও লাকি এনাম দম্পতির কন্যা হৃদি হক।

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

“EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER”
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases,
Medical Malpractice
& Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্বন্ধীয়
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিসিনারি ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC

SERVICES

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
  Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member : naea



প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ/নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

SECI

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

ছুটির দিনে যুক্তরাষ্ট্রে সোনালী এক্সচেঞ্জ হাউজ খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা দিচ্ছি সর্বোচ্চ এক্সচেঞ্জ রেট
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ রেটও সমান
- আমাদের বিকাশ সার্ভিসের রেটও সমান
- আমরা দিচ্ছি আড়াই শতাংশ সরকারী প্রণোদনা পাবার নিশ্চয়তা



blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F AND MD OCFR









যুক্তরাষ্ট্র আ. লীগের উদ্যোগে জাতিসংঘ ও জ্যাকসন

(শেষের পাতার পর)

নৈরাজ্যের তীব্র প্রতিবাদ ও নিন্দা জানান। বক্তারা বলেন, 'জাতির জনক' বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বেও সফল রাষ্ট্র নায়ক। তাঁর নেতৃত্বে উন্নয়ন, অগ্রযাত্রা অব্যাহত রাখতে এবং স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে সকলকে সবাইকে একসাথে কাজ করতে হবে। খবর ইউএনএ'র।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভা যৌথভাবে পরিচালা করেন সংগঠনের সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ ও প্রচার সম্পাদক দুলাল মিয়া।

প্রতিবাদ সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের অন্যতম উপদেষ্টা জয়নুল আবেদীন, প্রবাসী কল্যাণ বিষয়ক সম্পাদক সোলেমান আলী, উপ-দপ্তর সম্পাদক আব্দুল মালেক, কানেকটিকাট স্টেট আওয়ামী লীগের সভাপতি জিয়াদুল হক জিয়াদ, নিউ-ইয়র্ক স্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন আজমল, নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের উপদেষ্টা সিরাজুল ইসলাম ভূঁইয়া, নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের দপ্তর সম্পাদক মেহরাজ ফাহমী, যুবলীগ নেতা সেবুল মিয়া, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগের সাবেক সাধারণ সম্পাদক সুবল দেবনাথ, সাবেক প্রচার সম্পাদক সাইফুল আলম, আওয়ামী লীগ নেতা আক্তার হোসেন, নিজাম উদ্দিন, কৃষিবিদ মিজানুর রহমান প্রমুখ নেতৃবৃন্দ।

সভায় বক্তারা শেখ হাসিনার সরকারের পক্ষে নানা শ্লোগান তুলে ধরে বলেন- 'বার বার দরকার শেখ হাসি-নার সরকার, বার বার দরকার উন্নয়নের সরকার, বার বার দরকার বঙ্গবন্ধুর স্বপ্নপূরনের সরকার'।

সভায় ড. সিদ্দিকুর রহমান বিএনপি-জামায়াতের হামলায় পুলিশ হত্যার অভিযোগ করে বলেন, হত্যা-ভাঙচুর, অগ্নি সংযোগ, আন্দোলন করে আওয়ামী লীগ সরকারের পতন ঘটানো যাবে না। সরকারের পতন ঘটাতে হলে নির্বাচনের মাধ্যমেই জনগণের ম্যান্ডেট নিতে হবে। তিনি বলেন, তত্ত্বধায়ক সরকারের অধীনে আর কোন নির্বাচন নয়। শেখ হাসিনা সরকারের উন্নয়ন ধারা অব্যাহত রাখতে তিনি সকলের প্রতি আহ্বান জানান।

জাতিসংঘ ও জ্যাকসন হাইটসে প্রতিবাদ সমাবেশ অনু-ষ্ঠিত

অপরদিকে বাংলাদেশে বিএনপি'র নৈরাজ্যের প্রতিবাদে বিভক্ত যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের একাংশের উদ্যোগে শনিবার (২৮ অক্টোবর) জাতিসংঘ ভবনের সামনে দুপুরে ও রাতে জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও আওয়ামী লীগ পরিবারের ব্যানারে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের অন্যতম উপদেষ্টা, বাকসু'র সাবেক জিএস ড. প্রদীপ রঞ্জন করের নেতৃত্বে জাতিসংঘ ভবনের সামনে আয়োজিত সমাবেশে অন্যান্যর মধ্যে বক্তব্য রাখেন, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের অন্যতম উপদেষ্টা ডা. মাসুদুল হাসান, দপ্তর সম্পাদক মোহাম্মদ আলী সিদ্দিকী, আইন বিষয়ক সম্পাদক এডভোকেট শাহ বখতিয়ার, মানব বিষয়ক সম্পাদক কাজী কয়েস, নিউ-ইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন আজমল, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, শেখ হাসিনা মঞ্চ ইউএসএ'র সভাপতি জামাল উদ্দিন জলিল প্রমুখ।

এদিকে শনিবার (২৮ অক্টোবর) সন্ধ্যায় ড. প্রদীপ করের নেতৃত্বে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও আওয়ামী লীগ পরিবারের ব্যানারে জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় অপর একটি প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। তবে এই সমবেশে হাতেগোনা কয়েকজন নেতা-কর্মী উপস্থিত ছিলেন। এই সমাবেশে অন্যান্যের মধ্যে ড. প্রদীপ রঞ্জন কর, মোহাম্মদ আলী সিদ্দিকী, এডভোকেট শাহ বখতিয়ার, এম এ করীম জাহাঙ্গীর, আখতার হোসেন, জামাল উদ্দিন জলিল প্রমুখ।

প্রতিবাদ সমাবেশে বক্তারা আন্দোলনের নামে রাজধানী ঢাকায় নৈরাজ্য সৃষ্টি পুলিশ হত্যা, প্রধান বিচারপতির বাসভবন ও পুলিশ হাসপাতালে হামলা, অগ্নি সংযোগের অভিযোগ তুলে ধরে বলেন, বিএনপি দেশে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করতে চায়। বক্তারা এই ঘটনার তীব্র নিন্দা জানান এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার অধিনেই আগামী সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে বলে উল্লেখ করে আওয়ামী লীগ সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার আহ্বান জানান। প্রতিবাদ সভায় কোন কোন বক্তা ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাস-কে প্রত্যাহারের জন্য যুক্তরাষ্ট্র সরকারের প্রতি দাবী জানান।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Really Inc.

আমাদের সেবা সমূহ:
- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট

New Price বিশাল মূল্যহ্রাস



রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)



প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেডলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ
বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



লাইভ তেলাপিয়া	$3.49/lb
লাইভ বাফেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

শাইক কার্টকিস, স্যালমন, স্ট্রাইপ বাস, সীবাস, স্নেপার, হ্যালিবুট, ব্রিম্স, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

দেশী স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিন স্যালমনেলস ফ্রাইস	$ 9.99
ফ্রোজেন স্যালমন ফ্রাইস	$ 18.99
স্যাম্বুর স্যালমন ফ্রাইস	$ 13.99
সুলতানা স্যালমন ফ্রাইস	$ 12.99

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com



বিএনপি সন্ত্রাস নৈরাজ্য করছে : আ.লীগ

ঢাকা ডেস্ক: বিএনপির ডাকা হরতাল প্রতিহতের ঘোষণা দিয়েছে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ। হরতাল কর্মসূচির নামে বিএনপি নৈরাজ্য ও অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতে তৎপর। এর বিরুদ্ধে নেতাকর্মীদের রাজপথে সতর্ক পাহারায় থাকার আহ্বান জানান দলের নেতারা। তারা বলেন, আওয়ামী লীগের নেতাকর্মীরা প্রস্তুত। তাদের হরতালের ভয় দেখিয়ে কাবু করা যাবে না। বিএনপি হরতালের নামে অশান্তি সৃষ্টি করলে কোনো ছাড় দেওয়া হবে না। বরং তাদের প্রতিহত করা হবে বলেও হুঁশিয়ারি উচ্চারণ করেন তারা।

শনিবার (২৮ অক্টোবর) বিকালে রাজধানীর বায়তুল মোকাররম জাতীয় মসজিদের দক্ষিণ গেটে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ আওয়ামী লীগের শান্তি ও উন্নয়ন সমাবেশে নেতারা এসব কথা বলেন। এ সময় বিএনপি মহাসমাবেশের নামে ধ্বংসাত্মক কর্মসূচি পালন করেছে অভিযোগ করে নেতারা বলেন, আমরা শান্তি সমাবেশ করেছি। আর বিএনপি আগামী জাতীয় সংসদ নির্বাচন বানচাল করতে সন্ত্রাস ও নৈরাজ্য করছে। তাদের মোকাবিলা করা হবে।

সমাবেশে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

শান্তি ও উন্নয়ন সমাবেশে আওয়ামী লীগের সভাপতিমন্ডলীর সদস্য মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেন, বিএনপি নিজেরা নিজেরা মারামারি করে, পুলিশের ওপর হামলা করে; ১৫ মিনিটে নয়াপল্টন সাফ। এই ধরনের নেতাকর্মী নিয়ে আওয়ামী লীগকে মোকাবিলা করা সম্ভব নয়। ছাত্রলীগ ছেড়ে দিলেই তো তারা পালানোর পথ পাবে না। বেশি বাড়াবাড়ি করবেন না।

সভাপতিমন্ডলীর সদস্য ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন বলেন, বিএনপি নিজেরাই মারামারি করে অনুষ্ঠান থেকে পালিয়ে গেছে। তিনি আরও বলেন, তারা হরতালের ভয় দেখিয়ে আমাদের কাবু করার চেষ্টা করছে। এই হরতাল আমরা মানি না। এ সময় নেতাকর্মীদের হরতালের বিরুদ্ধে রাজপথে থাকার আহ্বান জানান তিনি।

সভাপতিমন্ডলীর সদস্য অ্যাডভোকেট কামরুল ইসলাম বলেন, আজকের হামলার মধ্য দিয়ে বিএনপি প্রমাণ করেছে, তারা আবার সন্ত্রাসী চরিত্রে ফিরে গেছে। আগামী নির্বাচন পর্যন্ত বিএনপি-জামায়াতকে মোকাবিলা করতে হবে। সেজন্য আমাদের প্রস্তুত থাকতে হবে।

সমাবেশে সভাপতিমন্ডলীর সদস্য এএইচএম খায়রুজ্জামান লিটন বলেন, যাদের পায়ের তলায় মাটি নেই, তারাই সকালে-বিকালে বলে 'ঈদের পরে, রোজার পরে, বৃষ্টির পরে, শীতের পরে সরকার পতনের আন্দোলন হবে।' আজ পর্যন্ত তারা শেখ হাসিনা সরকারের পতন ঘটাতে পারেনি এবং পারবেও না।

বিএনপি ঘোষিত হরতাল প্রত্যাখ্যান করে সভাপতিমন্ডলীর সদস্য অ্যাডভোকেট জাহাঙ্গীর কবির নানক বলেন, আওয়ামী লীগের নেতাকর্মীরা প্রস্তুত রয়েছে। সমাবেশ শেষে বাসায় যাওয়ার সময় কর্মীরা 'হরতাল মানি না, মানব না' স্লোগান দিতে থাকে।

আওয়ামী লীগের সভাপতিমন্ডলীর সদস্য আবদুর রহমান বলেন, বিএনপি পরবর্তী কর্মসূচি আনার জন্য আমেরিকার ক্লাবে ঢুকেছে, 'ডিম পাড়ে হাঁসে খায় বাগডাসে।' এ হাঁস শুধু ধান খায় না, শামুকও খায়। ওরা যাদের বন্ধু হয়, তাদের শত্রু প্রয়োজন নেই।

যুগ্ম সাধারণ সম্পাদক ও তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেন, আপনারা খবর পেয়েছেন- বিএনপি পালিয়ে গেছে। জামায়াত পালিয়ে গেছে। তারা প্রধান বিচারপতির বাড়ি ও পুলিশ হাসপাতালে হামলা চালিয়েছিল। পুলিশের ওপর হামলা করে একজনকে হত্যা করেছে। এরপর পুলিশ এদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বাধ্য হয়েছিল। এখন সেখানে শুধু কাক আছে কাক। আর আকাশে কিছু চিল উড়ছে, আর কিছু নেই।

যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ বলেন, বিএনপি আবারও প্রমাণ করেছে তারা সন্ত্রাসী দল। এরা কখনো শান্তি চায় না। আজকে পরিষ্কারভাবেই ঘোষণা করতে চাই- তারা দেশের শান্তি নষ্ট করে অশান্তি করতে চায়, তাদের রাজপথেই মোকাবিলা করা হবে।

নেতাকর্মীদের প্রস্তুতি নেওয়ার আহ্বান জানিয়ে যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম বলেন, বিএনপি হরতাল দিয়েছে। সেটি শান্তিপূর্ণ হলে আপত্তি নেই। কিন্তু অশান্তি সৃষ্টি করলে কোনো ছাড় দেওয়া হবে না। আমরা তাদের প্রতিহত করব। আগামী জাতীয় সংসদ নির্বাচন পর্যন্ত আমরা মাঠে থাকব। সেজন্য এখন থেকেই প্রস্তুতি নিতে হবে।


ঢাকা দক্ষিণ সিটি মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস বলেন, বিএনপি-জামায়াত আজ আমাদের আঘাত করেছে। বঙ্গবন্ধুর আদর্শের সৈনিকরা রাজপথে নেমেছে। আমরা রোববার পাড়া-মহল্লায় দুর্গ গড়ে তুলব। হরতাল প্রতিহত করা হবে।

আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মির্জা আজম বলেন, গত ১৫ বছরে আজকের মতো গুরুত্বপূর্ণ কর্মসূচি আমরা পালন করিনি। আজকে বিএনপি ধ্বংসাত্মক কর্মসূচি পালন করেছে। আমরা শান্তি সমাবেশ করছি।

সংঘাত করলে যুবলীগ ঘরে বসে থাকবে না মন্তব্য করে যুবলীগ চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ বলেন, বাংলাদেশের যুব সমাজ কোনো অনির্বাচিত সরকারকে ক্ষমতায় বসতে দেবে না। তরুণ সমাজ কোনো অনির্বাচিত সরকার চায় না। তাই বিএনপিকে আহ্বান করব নির্বাচনে আসুন।

ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আবু আহমেদ মন্নাফীর সভাপতিত্বে ও ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এসএম মান্নান কচির পরিচালনায় আরও বক্তব্য রাখেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, পানিসম্পদ উপমন্ত্রী এনামুল হক শামীম, আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আহমদ হোসেন, বিএম মোজাম্মেল হক, এসএম কামাল হোসেন, সুজিত রায় নন্দী, মুক্তিযুদ্ধ সম্পাদক মুনাল কান্তি দাস, সাংস্কৃতিক সম্পাদক অসীম কুমার উকিল, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক আবদুস সবুর, বন ও পরিবেশ সম্পাদক দেলোয়ার হোসেন, উপ প্রচার সম্পাদক সৈয়দ আবদুল আউয়াল শামীম, কেন্দ্রীয় সদস্য ইকবাল হোসেন অপু, আনিসুর রহমান, সাহাবুদ্দিন ফরাজী, গোলাম কবির রাব্বানী চিনু, তারানা হালিম, সানজিদা খানম, মোহাম্মদ এ আরাফাত, ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের সভাপতি শেখ বজলুর রহমান, দক্ষিণের সাধারণ সম্পাদক হুমায়ুন কবির, যুবলীগের সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিল, কৃষক লীগের সভাপতি সমীর চন্দ্র, মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শবনম পারভীন শিলা, যুব মহিলা লীগের সভাপতি ডেইজী সরোয়ার, সাধারণ সম্পাদক শারমিন সুলতানা লিলি, স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক আফজালুর রহমান বাবু, ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন, সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান, মহানগর আওয়ামী লীগ উত্তর ও দক্ষিণের নেতাদের মধ্যে নুরুল আমিন রুহুল এমপি, ডা. দিলীপ রায়, হেদায়েতুল ইসলাম স্বপন, আবদুস সাত্তার মাসুদ, মিরাজ হোসেন, আক্তার হোসেন, হাবিব হাসান এমপি, মিজানুর রহমান মিজান, খসরু চৌধুরী প্রমুখ।





ন্যায়পরায়ন শাসকের দায়িত্ব ও কর্তব্য

(শেষের পাতার পর)

সুবিচার করো। নিশ্চয় আল্লাহ সুবিচারকারীদেরকে ভালোবাসেন।"(হুজরাত:৯) "যে সকল মু'মিন তোমার অনুসরণ করে, তাদের প্রতি তুমি বিনম্র হও।" (শুআরা:২১৫)

কাল হাশরের কঠিন মুসিবতের সেই বিস্তুর্ণ মাঠ, যেখানটায় মাথার সন্নিকটে অবস্থানকারী সুর্যের তীব্র খরতাপ বিকরন ছড়াবে, মাঠের কোথাও মহান আল্লাহর আরশের ছায়া ছাড়া কোন ছায়া থাকবে না, সেই রহমতের ছায়ায় সাতপ্রকার ব্যক্তির মধ্যে ন্যায়পরায়ণ শাসকের স্থান হবে বলে আল্লাহর রাসুল স: বলেছেন। ন্যায়পরায়ন শাসক হলো, যারা জনগণের প্রতি বিনম্র হয়, জনগণের জান-মাল ও ইজ্জত আব্রুর হিফাজত করেন, দেশের আলেম-ওলামা ও সম্মানিত ব্যক্তিদের সম্মান প্রদর্শন করেন। দেশের স্বাধীনতা-সার্বভৌমত্বের সংরক্ষণ করেন। যিনি নামায কায়েম করেন, যাকাত আদায়ের ব্যবস্থা করেন, মানুষকে চরিত্রবান নাগরিক হিসাবে গড়ে তোলার নিমিত্তে ভালো ও কল্যাণকর কাজগুলো চালু করেন এবং অন্যায় ও অনিষ্টকর কাজসমূহ বন্ধ করেন।

হযরত আনাস রা: বলেন, 'একদিন আমিরুল মু'মিনিন হযরত ওমর ফারুক রা: লোকদের অবস্থা পর্যবেক্ষনের জন্য গভীর রাত্রিতে একাকি ঘুরা-ফেরা করছিলেন। পথিমধ্যে একটি মুসাফির কাফেলার নিকটবর্তি হলেন। তাঁর আশংখা হলো, রাত্রিতে তাদের মাল-সামান চুরি না হয়ে যায়। এমন সময় আব্দুর রহমান আউফ রা: সাথে সাক্ষাৎ হয়ে যায়। তিনি বললেন 'হে আমীরুল মুমিনীন! এত রাত্রিতে আপনি এখানে? তিনি বললেন, আমি এই কাফেলার পার্শ্ব দিয়ে পথ অতিক্রম কর-ছিলাম। আশংকা হলো, এরা রাত্রিতে ঘুমিয়ে যাবে, এ সুযোগে তাদের মাল-সম্পদ চুরি হওয়ার সম্ভবনা থাকে। তাই চলো, আমরা তাদের মাল-সামান পাহারা দেই। অত:পর কাফেলার নিকটবর্তি একটি স্থানে বসে উভয়ে তাদের মাল-সামান হিফাজতের জন্য সারারাত্রি পাহারা দিলেন। ফজরের সময় হযরত ওমর রা: আওয়াজ দিলেন, হে কাফেলার লোকজন! নামাযের সময় হয়ে গেছে, তোমরা উঠো। যখন তিনি দেখলেন তারা জাগ্রত হচ্ছে, তখন তিনি সেখান থেকে প্রস্থান করলেন।'

হযরত আলী রা: বলেন, একদিন আমি হযরত ওমর ফারুক রা: কে দেখি, উটে আরোহন করে সকাল সকাল ঘুরাফেরা করছেন। কারণ জিজ্ঞাস করা হলে তিনি বললেন, 'বাইতুল মালের একটি উট হারিয়ে গেছে, তা তালাশ করছি।' আমি বললাম, 'হে আমীরুল মু'মিনীন! আপনি এভাবে কষ্ট করে পরবর্তি খলীফাদের দায়িত্ব কঠিনতর করে দিয়ে যাচ্ছেন।' হযরত ওমর রা: বললেন, 'হে আবুল হাসান! (হযরত আলী রা:) মুহাম্মদকে স: নবুয়ত প্রদানকারী আল্লাহর কসম, সাধারণ একটি বকরীর বাচ্চাও যদি ফুরাত নদীর তীরে চলে যায়, আর আমি সেটার হেফাজত না করি, তাহলে কিয়ামতের দিন আমাকে এ জন্য জবাবদিহি করতে হবে।' অতএব প্রণিধানযোগ্য যে, মুসলমান প্রজাসাধারণের হিফাজত করে না যে শাসক, যারা প্রজাদের নিরাপত্তা বিধানে গাফেল, তাদের কোন মূল্য নেই, কিছুতেই তাদের স্বীকৃতি দেয়া যায় না।

একদা হযরত ওমর রা: একজন বিধর্মী প্রজাকে দেখলেন, সে দ্বারে দ্বারে ভিক্ষা করছে। লোকটি ছিল বৃদ্ধ। হযরত ওমর রা: লোকটিকে বললেন, আমি তোমার প্রতি ইনসাফে ও ন্যায় ব্যবহারে ত্রুটি করছি। যখন তুমি যুবক ছিলে তখন তোমার কাছ থেকে কর ওসল করেছি, আর এখন তোমার প্রতি লক্ষ্য নিচ্ছি না। এই কথা বলে, তার জন্য বাইতুল মাল থেকে ভাতা নির্ধারণ করে দিলেন।

উল্লেখিত ঘটনা তিনটি এমন কোন অতিমানবীয় কাজ নয় যে, বর্তমান যুগের কোন শাসক ইচ্ছা করলে পালন করতে পারবেন না। একজন শাসক আন্তরিক হলে এ ডিজিটাল যুগেও নিজেদেরকে সে আলোকে গড়ে তুলতে পারেন। বরং বিজ্ঞানের উৎকর্ষতার যুগেও এ ধরণের শাসন পরিচালনা করা একজন শাসকের পক্ষে আরো অধিকতর সহজ। প্রয়োজন শুধু একটু মানসিকতা, সদিচ্ছা ও মানুষের প্রতি ভালবাসা। মনে রাখতে হবে শাসক হলো, সার্বভৌম সীমানার মাঝে অবস্থিত সকল কিছুর আমানতদার। মানুষের জানমালসহ দেশ ও জাতির সকল প্রকার স্বার্থ যথাযথভাবে সংরক্ষণ করা একজন শাসকের জন্য ফরয। দেশে সাধানণত: দুই প্রকার মানুষ থাকে এক, নিজ দলের লোক, যারা তাকে কঠোর পরিশ্রম করে শাসক নির্বাচিত করেছে দুই, বিরোধী মতবাদের লোক, যারা তাকে নির্বাচনে রায় দেয়নি। নির্বাচিত হওয়ার পর শাসক নিজেকে এ উভয় শ্রেনী তথা সকল মানুষের দায়িত্বশীল মনে করতে হবে। সকলকে সমান দৃষ্টিতে মূল্যায়ন করা তার ওপর অবশ্য কর্তব্য। এমন কোন কাজ বা কথা বলা যাবে না যার মাধ্যমে মানুষের মাঝে বিভক্তির পাহাড় গড়ে উঠে। বরং শাসন কার্যে সকলের সাহায্য সহযোগীতার জন্য সকলের কাছেই আকুল আবেদন জানাতে হবে। সকলকে ভালবাসতে হবে। সকলের কল্যাণ সাধনের আপ্রান চেষ্টা চালাতে হবে।

আওফ ইবনে মালিক রা: থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসুলুল্লাহ স: কে বলতে শুনেছি: তোমাদের মধ্যে উত্তম শাসক ও ইমাম তারা যাদেরকে তোমরা ভালোবাস এবং তারাও তোমাদেরকে ভালোবাসে তারা তোমাদের জন্য দো'আ করে তোমরাও তাদের জন্য দো'আ করো। অপরদিকে তোমাদের মধ্যে মন্দ ও নিকৃষ্ট শাসক তারা যাদেরকে তোমরা ঘৃণা করো এবং তারাও তোমাদেরকে ঘৃণা করে, তোমরা তাদের প্রতি অভিসম্পাত কর এবং তারাও তোমাদের প্রতি অভিসম্পাত করে। বর্ণনাকারী বলেন, আমরা বললাম, হে আল্লাহর রাসুল! আমরা কি তাদের থেকে বিচ্ছিন্ন হয়ে থাকব না। তিনি বলেন: না যতক্ষণ পর্যন্ত তারা তোমাদের মধ্যে নামায কায়েম করবে। (মুসলিম)

কিন্তু আমরা আমাদের দেশসহ পৃথিবীর দেশে দেশে কি চিত্র দেখতে পাই? শাসক ক্ষমতার দন্ড হাতে পেয়ে তার যেন প্রথম ও প্রধান দায়িত্ব দাঁড়ায় বা বর্তায় বিরুদ্ধ মতালম্বীদের ওপর দমন-পীড়ন চালনা করা। মনে হয় যেন জনগণ তাকে এ ধরণের বিশেষ কর্মসূচী বাস্তবায়নের জন্যই নির্বাচিত করেছে। যারা শাসক হিসাবে নির্বাচিত হওয়ার পর জনগণের ওপর নির্যাতন করে তাদের সম্পর্কে আল্লাহর রাসুল স: কি বলেছেন তা নিম্নবর্ণিত হাদীসগুলোতে জানতে পারবেন।

আবু ইয়ালা ইবনে ইয়াসার রা: থেকে বর্ণিত তিনি বলেন, আমি রাসুলুল্লাহ স: কে বলতে শুনেছি: "আল্লাহ তাঁর কোন বান্দাহকে প্রজাসাধারণের তত্বাবধায়ক বানাবার পর সে যদি তাদের সাথে প্রতারণা করে থাকে, তবে সে যেদিনই মরুক, আল্লাহ তার জন্য জান্নাত হারাম করে দেবেন। (বুখারী-মুসলিম) অন্য বর্ণনায় আছে: সেই ব্যক্তি যদি তার প্রজাদের কলাণ সাধনে আত্মনিয়োগ না করে, তাহলে সে জান্নাতের সুবাসটুকুও পাবে না। সহীহ মুসলিমের এক বর্ণনায় আছে: যে শাসক মুসলিমদের যাবতীয় বিষয়ের তত্বাবধায়ক নিযুক্ত হয়; তারপর তাদের উপকারের জন্য কোনোরূপ চেষ্টা যত্ন করে না এবং তাদের কলাণ সাধনে এগিয়ে আসে না, সে মুসলিমদের সাথে কখনো জান্নাতে প্রবেশ করতে পারবে না।

আয়েশা রা: থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসুলুল্লাহ স: কে আমার ঘরেই বলতে শুনেছি:"হে আল্লাহ! যে ব্যক্তি আমার উম্মতের কোন কাজের তত্বাবধায়ক হয়, অত:পর সে তাদের প্রতি কঠোরতা করলে তুমিও তার প্রতি কঠোরতা কর। পক্ষান্তরে যে ব্যক্তি আমার উম্মতের কোন কাজের তত্বাধায়ক হয়, অত:পর সে তাদের প্রতি নরম ও কোমল আচরণ করে তুমিও তার প্রতি কোমল আচরণ কর।" (মুসলিম) আয়েজ ইবনে আমর রা: থেকে বর্ণিত। তিনি উবায়দুল্লাহ ইবনে যিয়াদের নিকট উপস্থিত হয়ে বলেন, হে বৎস! আমি রাসুলুল্লাহ স: কে বলতে শুনেছি:"নিকৃষ্ট শাসক সেই ব্যক্তি যে জনগনের প্রতি কঠোর ও অত্যাচারী। কাজেই সতর্ক থেকো তুমি যেন তাদের অন্তর্ভুক্ত না হও।" (বুখারী-মুসলিম)

উপরোল্লেখিত আল্লাহর নির্দেশ ও রাসুলের স: সুন্নাতের আলোকে আমাদের শাসকদের বলতে চাই, খুব দ্রুতই আল্লাহর কাছে চলে যেতে হবে। ক্ষমতার এ দন্ড চীরঞ্জীব নয়। দূর্দ- ক্ষমতার অধিকারী মহাপরাক্রমশালী আল্লাহর কাঠগড়ায় সকলকেই দাঁড়াতে হবে। প্রতিটি জুলুম ও নির্যাতনের হিসাব দিতে হবে। সেই কঠিণ মুসিবত থেকে নিজেকে রক্ষা করার ক্ষমতা পৃথিবীর বর্তমান কোন সুপার পাওয়ারের নেই। সুতরাং আল্লাহর নির্দেশ ও রাসুলের স: সুন্নাতের আলোকে জনগণের প্রতি সহায় হোন। মানুষকে ভালবাসুন। সকল প্রকার জুলুম-নির্যাতন থেকে নিজের হাতকে এখনি গুটিয়ে ফেলুন। আল্লাহ সহায় হবেন।









নিউইয়র্কে তিন বাংলা'র সাংগঠনিক সম্পাদক ফেরদৌস সালামকে সংবর্ধনা

নিউইয়র্ক (ইউএনএ): আন্তর্জাতিক সাহিত্য সংগঠন ইউএসএ তিন বাংলা'র পক্ষ থেকে নিউইয়র্কের জ্যামাইকায় সংগঠনের সাংগঠনিক সম্পাদক বাংলাদেশ থেকে আগত বিশিষ্ট কবি, সাংবাদিক, সম্পাদক ও সাবেক ব্যাংকার ফেরদৌস সালাম-কে সম্বর্ধনা দেয়া হয়। গত ৬ অক্টোবর শুক্রবার আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি ও তিনবাংলা ইউএসএ'র সভাপতি নার্গিস আহমেদ। তিন বাংলা'র গ্লোবাল সভাপতি কবি সালেম সুলেরী ঢাকা থেকে অনুষ্ঠানে জুমে অংশ নেন। খবর ইউএনএ'র।

অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা ও লেখক ড. মহসিন আলী, সাংবাদিক ও টিভি ব্যক্তিত্ব সাঈদ তারেক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের চেয়ারম্যান কবি শহীদ আজাদ, কবি ইমাম হোসেন, কবি ও ছড়াকার শরীফ মাহবুব আলম, আজিজুল হক মুন্না, ফজলুল রহমান, নুরুল হক, মিসেস মহসিন আলী, নুরুন্নাহার হক, নাসিমা আক্তার, সুলতানা ফেরদৌসী আজাদ, রোজী আজাদ, মাহবুব হোসেন, সবুজ, আব্দুল খালেক প্রমুখ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ড. মোহসিন আলী বলেন, আমরা প্রবাসে থাকলেও বাংলাদেশ ও বাংলা ভাষাকে হৃদয়ে লালন করি।

আশি দশকের বিশিষ্ট কবি ও সাংবাদিক ফেরদৌস সালাম বলেন, বাংলাদেশের বাঙালীরা শুধু নিজ দেশেই নয়, আমেরিকাসহ বিশ্বের দেশে দেশে সংস্কৃতি চর্চার মাধ্যমে দেশের ইতিহাস ঐতিহ্য কৃষ্টি ও সংস্কৃতিকে লালন করে চলেছেন। প্রবাসেও গড়ে তুলেছেন এক খন্ড বাংলাদেশ। বাংলা ভাষা আজ বিশ্ব ভাষার মর্যাদা পেয়েছে। তিনি প্রবাসী লেখকদের বাংলা কবিতা ও সাহিত্যকে অনুবাদ করে আন্তর্জাতিক সাহিত্য অঙ্গনে ছড়িয়ে দেয়ার অনুরোধ জানান।

সভাপতির বক্তব্যে নার্গিস আহমেদ বলেন, আমরা এখানে বাংলাদেশের অবিচ্ছেদ্য অংশ। আমাদের সংস্কৃতিই আমাদের স্বকীয়তা রক্ষার হাতিয়ার।

অনুষ্ঠানে কবি-সাংবাদিক ফেরদৌস সালামকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। এছাড়াও কেক কাটা হয়।

উল্লেখ্য, বাংলাদেশ, যুক্তরাষ্ট্র ও কলকাতার কবি-সাহিত্যিকদের সংগঠন তিন বাংলা।

যুক্তরাষ্ট্রে মেইন রাজ্যে বন্দুক হামলায় নিহত ২২

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের মেইন অঙ্গরাজ্যের লুইস্টন শহরে একাধিক বন্দুক হামলায় ২২ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন অর্ধ শতাধিকের বেশি মানুষ। বুধবার (২৫ অক্টোবর) রাতে এই বন্দুক হামলার ঘটনা ঘটে। স্থানীয় পুলিশের বরাত দিয়ে আমেরিকান সংবাদমাধ্যম এবিসি নিউজের প্রতিবেদনে বলা হয়, দু'জন হামলাকারীর বিষয়ে তদন্ত করা হচ্ছে।

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া একটি পোস্টে এন্ড্রোস্কোগিন কাউন্টি শেরিফ অফিসের পক্ষ থেকে বলা হয়, তদন্ত চলাকালীন আমরা সব দোকানপাট বন্ধ রাখার আহবান জানাচ্ছি। এখনো একজন হামলাকারী সক্রিয় আছেন জানিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে পোস্ট করেছে মেইন অঙ্গরাজ্য পুলিশ। ওই পোস্টে আরও বলা হয়, আমরা লোকজনকে নিরাপদ জায়গায় আশ্রয় নিতে বলছি। অনুগ্রহ করে দরজা বন্ধ করে আপনার বাড়ির ভেতরে থাকুন।

একজন আমেরিকান কর্মকর্তা জানিয়েছেন, হামলার বিষয়ে প্রেসিডেন্ট জো বাইডেনকে অবগত করা হয়েছে।

আমার কিছু প্রশ্ন

(শেষের পাতার পর)

করতে হত্যা করেছে। এর কোনো ছবি বা ফুটেজ আছে কি? অন্য পুলিশরা তখন কি করছিলেন? নিহত পুলিশ ভাইটি কি হেলমেট পরা ছিলেন না তখন?

খ) যুবদল নেতাকে কে হত্যা করেছে, কিভাবে তিনি মারা গেছেন?

গ) কারা সংঘর্ষ শুরু করেছে? কারো ইন্ধন ছিল কি?

ঘ) প্রধান বিচারপতির বাসার ফটক আক্রমণকালে পুলিশ কোথায় ছিল? এমনিতেই তো সেখানে অনেক পুলিশ থাকার কথা। প্রথমেই তারা কি আক্রমণকারীদের নিবৃত্ত করার চেষ্টা করেছেন? উনার বাসভবনের ভেতর কেউ আগেই অনুপ্রবেশ করে ছিল কি?

ঙ) হেফাজতের উপর আক্রমণের বহু বছর পর সম্ভবত আজই প্রথম বিএনপ্পির সমাবেশ ছত্রভঙ্গ করার জন্য বিকট শব্দের সাউন্ড গ্রেনেড ব্যবহার করেছে পুলিশ। এর কি কোনো প্রয়োজন ছিল? এটা কি সমানুপাতিক বল প্রয়োগের নীতির সঙ্গে সংগতিপূর্ণ?

চ) লাঠি আর বৈঠা বহনকারী যুবকদের গ্রেফতারের কোনো চেষ্টা করেছে কি পুলিশ? এগুলো বহনে নিষেধাজ্ঞা ছিল। সেটা কি বলবৎ করার চেষ্টা করা হয়েছিল?

ছ) বাসে আগুন কারা দিল? এক পক্ষ, নাকি দুপক্ষই? কারা সেই পক্ষ? ডেইলি স্টারের একটি প্রতিবেদনে পুলিশের ভেস্ট পরা লোকেরা বাসে আগুন দিয়েছে বলা হয়েছে। এরা কারা?

জ) শাপলা চত্বরের মতো ঘটনা ঘটানোর হুমকি দিয়েছিলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। শাপলা চত্বরের মতোই বিএনপ্পির সমাবেশস্থলে ইন্টারনেট সংযোগ বন্ধ করে দেয়া হয়েছিল, সাউন্ড গ্রেনেড ব্যবহার করা হয়েছিল এবং আকস্মিক পুলিশি হামলা করে সমাবেশস্থল খালি করে দেয়া হয়েছিল। পুলিশ কি এখানে রাষ্ট্রীয় বাহিনীর মতো কাজ করেছে, নাকি সরকার দলীয় ইচ্ছের বাস্তবায়ন করেছে?

আমি সব ধরনের সংঘাতের নিন্দা জানাই। জানতে চাই ঠিক কী ঘটেছিল। সাংবাদিক ভাইরা আপনাদের কাছে অনুরোধ নিরপেক্ষভাবে সত্যকে তুলে ধরুন। যারা মানুষের ভোটাধিকারে বিশ্বাস করেন এটা তাদের পবিত্র দায়িত্ব।

কবি জহিরুলকে ঘিরে ঢাকায় ভক্তদের আড্ডা

ঢাকা ডেস্ক: কবি ও ভাষাশিল্পী কাজী জহিরুল ইসলাম জাতিসংঘ সদর দফতরের কর্মসূত্রে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বসবাস করেন। তিনি ছুটিতে ঢাকায় এলে তাকে ঘিরে কবিতাপ্রেমীদের ছোটো-বড়ো নানান আড্ডা জমে ওঠে শহরের এখানে-সেখানে। গত ২৬ অক্টোবর বিকেলে কাটাবনের কবিতা ক্যাফেতে এক আনুষ্ঠানিক আড্ডার আয়োজন করে প্রকাশনা সংস্থা জলধি। এতে যোগ দেন কবি জাহিদুল হক, কবি আতাহার খান, কবি জাহিদ হায়দার, কবি রেজাউদ্দিন স্টালিন, গাজী লতিফ, কবি, অভিনেতা ও নির্মাতা তারেক মাহমুদ, সাংবাদিক দুলাল খান, সংবাদ পাঠক আবিদ আজম, কবি নাহিদা আশরাফী, মীর আব্দুর রাজ্জাক, শওকত আলী তারাসহ অডিটোরিয়াম উপচে পড়া কবির শুভানুধ্যায়ীরা।



আড্ডায় কবির কবিতা থেকে পাঠ করেন দেশের স্বনামধন্য আবৃত্তি শিল্পীরা, কবিকে ফুলেল শুভেচ্ছা জানান ও সম্মাননা ক্রেস্ট উপহার দেন বিভিন্ন সংগঠন। কাজী জহিরুল ইসলাম শুধু বড়ো মাপের একজন কবিই নন, একজন ভালো বক্তা এবং নৈতিক চর্চায় দৃঢ়প্রতিজ্ঞ মানুষ। তার সদা হাস্যোজ্জ্বল ও অমায়িক ব্যবহার তাকে সকলের কাছে ব্যপকভাবে গ্রহণযোগ্য করে তুলেছে, তিনি হয়ে উঠেছেন বাঙালীদের প্রিয় কবি। সম্প্রতি কাজী জহিরুল ইসলামের নতুন কবিতার বই 'ভোরের হাওয়া' প্রকাশ করেছে জলধি। এই বইটি নিয়েও গুরুত্বপূর্ণ আলোচনা করেন অনুষ্ঠানে আগত প্রতিষ্ঠিত কবি, লেখকেরা। কবির প্রকাশিত ৯০টি গ্রন্থের একটি স্বল্পকালীন বইমেলাও হয়ে যায়। ভক্ত, অনুরাগীরা কবির অটোগ্রাফসহ তার রচিত বিভিন্ন বই সংগ্রহ করেন। উল্লেখ্য, কবি কাজী জহিরুল ইসলামের কবিতা নিউইয়র্কের জন জে বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচীতে অন্তর্ভুক্ত হয়েছে ২০১৮ সালে। এ-বছর বিশ্বখ্যাত শ্রী চিন্ময় সেন্টার তাকে 'পিস রান টর্চ বিয়ারার' অ্যাওয়ার্ড প্রদান করে কবিতার মাধ্যমে আধ্যাত্মিক চর্চা ও বিশ্বশান্তি প্রতিষ্ঠায় ভূমিকা রাখার জন্য।

বক্তারা কাজী জহিরুল ইসলামের মধ্যে বাংলা ভাষার একজন প্রধান কবির আবির্ভাব দেখতে পাচ্ছেন বলে উল্লেখ করেন। তারা বলেন, বহুদিন এই জনপদ একজন বড়ো কবির প্রতীক্ষা করছিল, আমরা বোধ হয় সেই কবিকে পেয়ে গেছি।

কাজী জহিরুল ইসলাম উপমহাদেশের প্রখ্যাত লেখক খুশবন্ত সিংয়ের উদ্ধৃতি দিয়ে বলেন, আমিও লেখালেখির ক্ষেত্রে তার মতো ৩টি নীতি অনুসরণ করি: মানুষকে তথ্য দেয়া, আনন্দ দেয়া এবং ক্ষেপানো। তিনি নীরদ সি চৌধুরীর কথা উল্লেখ করে বলেন, ভারত সরকার যখন তার ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নিয়ে তাকে অনেক টাকার কাজ দিতে চাইলো, তিনি তা প্রত্যাখ্যান করে বলেন, ভারত সরকার আমার ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নিয়েছে, আমি তো ভারত সরকারের ওপর থেকে আমার নিষেধাজ্ঞা তুলে নেইনি। এটিই হচ্ছে একজন সৎ লেখকের চারিত্রিক দৃঢ়তা। এই সততাটা আমাদের এখানে বড়ো অভাব। তিনি নিজের জীবনের উল্লেখ করে বলেন, পরিবার হচ্ছে পাওয়ার হাউজ, প্রেমময় দাম্পত্য সম্পর্ক মানুষের শক্তিকে বহুগুণ বাড়িয়ে দেয়। অসংখ্য ভক্ত অনুরাগী বই সংগ্রহ করে কবির অটোগ্রাফ নেন, সেল্ফি তোলেন। কবি জহিরুলকে ঘিরে কানায় কানায় পূর্ণ কবিতা ক্যাফেতে তৈরি হয় এক আবেগঘণ পরিবেশ। -প্রেস বিজ্ঞপ্তি।

সৈয়দ আবুল হোসেনের ইন্তেকালে

যুক্তরাষ্ট্র আ. লীগের গভীর শোক প্রকাশ

নিউইয়র্ক (ইউএনএ): সাবেক যোগাযোগ মন্ত্রী, মাদারীপুর-৩ আসন থেকে একাধিকবার নির্বাচিত সাবেক এমপি, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব সৈয়দ আবুল হোসেন (৭২) ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। তিনি গত ২৫ অক্টোবর রাত ২টা ৫ মিনিটে ঢাকার ইউনাইটেড হাসপাতালে চিকিৎসারত অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তার ইন্তেকালে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছে। সংগঠনের সভাপতি ড. সিদ্দিকুর রহমান, সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ ও প্রচার সম্পাদক দুলাল মিয়া এনাম এক বিবৃতিতে আবুল হোসেনের ইন্তেকালে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে মরহুমে বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন।



উল্লেখ্য, সৈয়দ আবুল হোসেন ১৯৯১ সালে মাদারীপুর-৩ আসনের সংসদ সদস্য নির্বাচিত হন, এরপর তিনি আরও তিন মেয়াদে পুনরায় সংসদ সদস্য নির্বাচিত হন। তিনি ২০০৯ থেকে ২০১২ সাল পর্যন্ত আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকারে যোগাযোগমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০০৯ থেকে ২০১২ সাল পর্যন্ত যোগাযোগমন্ত্রী ছিলেন।

আবারও হারল ইংল্যান্ড, শীর্ষে ভারত

(শেষের পাতার পর)

শিরোপা জেতা দলটি। ব্যাটিং ব্যর্থতায় ১৫.১ ওভার বাকি থাকতেই গুটিয়ে গেছে মাত্র ১২৯ রানে। ভারতের জয় ১০০ রানে। এতে ছয় ম্যাচে পাঁচটিতেই হেরে সেমিফাইনালের স্বপ্ন কার্যত শেষ বর্তমান চ্যাম্পিয়নদের। আর সবগুলো ম্যাচ জিতে শীর্ষে ভারত। লখনউর উইকেটে এর আগেও লো স্কোরিং ম্যাচ হয়েছে।

স্বাগতিক ভারতই এখানে বেশি রান বোর্ডে জমা করতে পারেনি অনেক ম্যাচে। তাই ২২৯ রানও যে এই ইংলিশদের জন্য কঠিন কিছু হতে পারে, এমন শঙ্কাও ছিল অনেকের। শেষ পর্যন্ত সেই শঙ্কাই বাস্তবে রূপ পেয়েছে। জবাব দিতে নেমে ভারতের দুই পেসার জাসপ্রিত বুমরাহ ও মোহাম্মদ সামির বোলিং তোপে ৩৯ রানের মধ্যেই ৪ উইকেট হারায় ইংল্যান্ড।

বুমরাহ ম্যাচের পঞ্চম ওভারে পরপর দুই বলে তুলে নেন ডাভিড মালান ও জো রুটকে। এরপর সামি ফিরিয়ে দিয়েছেন বেন স্টোকসকে। রুটের পর স্টোকসও রানের খাতা খুলতে পারেননি। দশম ওভারে উইকেটে থিতু হওয়ার চেষ্টায় থাকা জনি বেয়ারস্টোকেও বোল্ড করে ফিরিয়েছেন সামি। অধিনায়ক বাটলারও টিকতে পারেননি বেশিক্ষণ।

মাত্র ১০ রান করে কুলদীপ যাদবের বলে বোল্ড হয়ে ফেরেন তিনি। লিয়াম লিভিংস্টোন ২৭ এবং ক্রিস ওকস ১০ রানে ফেরেন। ভারতের হয়ে সামি নেন ৪ উইকেট। ৩ উইকেট শিকার বুমরাহর ও কুলদীপের ২টি।

এর আগে প্রথমে ব্যাট করে ভারতের ইনিংস থামে ৯ উইকেট হারিয়ে ২২৯ রানে। অধিনায়ক রোহিত শর্মার ব্যাট থেকে আসে সর্বোচ্চ ৮৭ রান। এ ছাড়া লোকেশ রাহুলের ৩৯ ও সূর্যকুমার যাদবের ৪৯ রানের ইনিংসে লড়াকু পুঁজি পায় ভারত। ভারত মূলত পিছিয়ে পড়ে টপ অর্ডারের ব্যর্থতায়। ৪০ রানের মধ্যে ফিরেছেন শুভমান গিল (৯), বিরাট কোহলি (০) ও শ্রেয়াস আইয়ার (৪)। এরপর রাহুলকে নিয়ে রোহিতের ৯১ রানের জুটি। ইংল্যান্ডের সবচেয়ে সফল বোলার উইলি। ৪৫ রান দিয়ে ৩ উইকেট নিয়েছেন তিনি। ২টি করে উইকেট নিয়েছেন ওকস ও আদিল রশিদ। সূত্র: ক্রিকইনফো

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন



অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorized e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিপু ভাভাত
ফারহানা আমিরান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

জেয়ার সঙ্গে সালমান রহমানের বৈঠক

(শেষের পাতার পর)

সেক্রেটারি মিজ উজরা জেয়ার সঙ্গে শুক্রবার (২৭ অক্টোবর) ওয়াশিংটন ডিসিতে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরে এক বৈঠক করেন। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে বিদ্যমান চমৎকার অর্থনৈতিক অংশীদারিত্ব আরও জোরদারসহ বিভিন্ন দ্বিপাক্ষিক বিষয় নিয়ে তারা বৈঠকে আলোচনা করেন।

উপদেষ্টা রহমান এবং আন্ডার সেক্রেটারি জেয়া মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক সংঘাত, রোহিঙ্গা ইস্যু এবং বাংলাদেশের নির্বাচন নিয়েও আলোচনা করেন।

উজরা জেয়া ১২ লাখেরও বেশি রোহিঙ্গা জনগোষ্ঠিকে আশ্রয় দেওয়ার জন্য বাংলাদেশের উদারতার প্রশংসা করেন এবং তাদের জন্য মার্কিন সমর্থন অব্যাহত রাখার আশ্বাস দেন। নির্বাচন ইস্যুতে উভয়ই মনে করেন যে গণতান্ত্রিক ব্যবস্থায় সরকার পরিবর্তনের একমাত্র উপায় হচ্ছে নির্বাচন। উপদেষ্টা রহমান আসন্ন নির্বাচন যাতে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয় তার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।আন্ডার সেক্রেটারি জেয়া বলেন, যুক্তরাষ্ট্র কোনো বিশেষ রাজনৈতিক দলকে সমর্থন করে না, বরং তারা



বাংলাদেশে গণতন্ত্রের ধারাবাহিকতা দেখতে আগ্রহী। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান, যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক উপ-সহকারী পররাষ্ট্রমন্ত্রী মিজ আফরিন আক্তার এবং বাংলাদেশ দূতাবাস ও ইউএস পররাষ্ট্র দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি।

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)



ATTORNEY
M. MUSTAFA
(A full service Law Firm)
LLB Honors (1st Class)
LLM (1st Class). Bangladesh
Barrister-At-Law, London
Attorney-At-Law. NY
718-487-4873

PERSO AL INJURY & DEATH DAMAGES CLAIMS
- Lead Poisoning
- Construction Work
- Slip and Fall
- Medical & dental Malpractice
- Hospital Negligence
- Delayed Treatment
- Failure to Diagnose
- Cancer & other fatal diseases
- Anesthesia & Gynecologic Surgery Malpractice
- Defective Child Birth
- Nursing Home Neglect and abuse etc.
- Wrongful Death Claim
- Car and Bi-cycle Accident and injury
- Taxi, Bus- Subway, and Train accidents
- Elevator and Escalator Accident
- Explosion and Fire Accident
- Defective product and electrical shock

IMMIGRATION MATTERS
- Green Card through "EB1 TO EB5"
- Political Asylum
- Detention and Bond
- All immigration court issues and cases
- Cancellation of Removal
- Adjustment of Status
- Condition Removal
- Business Immigration HB, L1, E2
- Green Card Replacement /Renew
- Complex Citizenship
- Re-entry permit
- Collection of Immigration Record
- Waiver
- Deportation
- Family Petitions
- Green card through Adoption or Orphan
- Immigration Appeals and Motions
- Canadian Immigration
- Student Visa process for USA, Canada, UK

GENERAL PRACTICE AREAS
- Divorce and Family Matter
- Child Support and Modification
- Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure
- Bankruptcy
- All civil Matters
- Landlord-Tenant
- Incorporation
- Power of Attorney
- Wills, Trust, and Estate Planning
- Overtime and Wages Issue
- All Criminal Matters

148-45 Hillside Ave, Suite 203, Jamaica, NY 11435
Phone : 718-487-4873 Text : 917-285-6247 Email : abmostofa1@gmail.com

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার
MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine
Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:
718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com

জামায়াতের ঐতিহাসিক মহাসমাবেশে অধ্যাপক মুজিবুর রহমান

কেয়ারটেকার সরকার ছাড়া দেশে কোনো নির্বাচন হবে না ॥ আইন করে জামায়াতকে নিষিদ্ধ করা যাবে না



ঢাকা: বাংলাদেশ জামায়াতে ইসলামীর ভারপ্রাপ্ত আমীর, সাবেক এমপি অধ্যাপক মুজিবুর রহমান বলেছেন, ২০০৬ সালে ২৮ অক্টোবর লগি বৈঠা দিয়ে জামায়াতে ইসলামী ও ইসলামী ছাত্রশিবিরের নেতাকর্মীদের ওপর হায়েনার মতো ঝাঁপিয়ে পড়ে। তারা সাপের মতো পিটিয়ে মানুষ হত্যা করে। আমরা এর প্রতিশোধ নিবো। তবে হত্যার প্রতিশোধ হত্যা দিয়ে নয়। তারা যে কারণে শহীদ হয়েছেন, আল্লাহর জমিনে আল্লাহর আইন ও সৎ লোকের শাসন কায়েমের মাধ্যমে এর প্রতিশোধ নিবো ইনশাআল্লাহ। তাদের প্রতি ফোঁটা রক্ত বৃথা যেতে দিবো না। তিনি বলেন, কেয়ারটেকার সরকার ছাড়া বাংলাদেশে কোন নির্বাচন হতে পারবে না। মানুষের ভোটাধিকার প্রতিষ্ঠার জন্য আন্দোলন চালিয়ে যাবো।

শনিবার (২৮ অক্টোবর) দুপুর ২টায় রাজধানীর মতিঝিলের আরামবাগ মোড়ে বাংলাদেশ জামায়াতে ইসলামীর উদ্যোগে আয়োজিত মহাসমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর নুরুল ইসলাম বুলবুলের সভাপতিত্বে মহাসমাবেশে বিশেষ অতিথি বক্তব্য রাখেন জামায়াতে ইসলামীর নায়েবে আমীর, সাবেক এমপি ডা. সৈয়দ আব্দুল্লাহ মুহাম্মদ তাহের, নায়েবে আমীর, সাবেক এমপি মাওলানা শামসুল ইসলাম, ভারপ্রাপ্ত সেক্রেটারি জেনারেল মাওলানা এটিএম মা'ছুম। আরও বক্তব্য রাখেন সহকারী সেক্রেটারি জেনারেল, সাবেক এমপি এ এইচ এম হামিদুর রহমান আযাদ, সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা আবদুল হালিম, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের ভারপ্রাপ্ত আমীর আব্দুর রহমান মুসা, ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি রাজিবুর রহমান পলাশ।

মহাসমাবেশ যৌথভাবে পরিচালনা করেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ এবং কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের সেক্রেটারি ড. মুহাম্মদ রেজাউল করিম। মহাসমাবেশ বেলা ২টায় শুরু করার কথা থাকলেও সকাল ৮টা থেকেই লাখ লাখ মানুষ আরামবাগ এলাকায় আসতে শুরু করে। বেলা বাড়ার সাথে সাথে ফকিরাপুল থেকে ইত্তেফাক মোড়, দৈনিক বাংলা, কমলাপুর পর্যন্ত কানায় কানায় ভরে যায়। সকাল ১১টা থেকে স্থানীয় নেতৃবৃন্দের বক্তব্য, দেশাত্মবোধক গান, ইসলামী ও দলীয় সংগীত চলতে থাকে।

অধ্যাপক মুজিবুর রহমান তার বক্তব্যে আরো বলেন, সৃষ্টি যার আইন চলবে তার। সকল মতবাদ বাদ দিয়ে আল্লাহর আইন চালু করবো, ইনশাআল্লাহ। আমাদের উদ্দেশ্যে হচ্ছে ইসলামী রাষ্ট্র চালু করা। রাসূল (সা:) মদীনায় যেভাবে ইসলামী রাষ্ট্র কায়েম করেছিলেন, তার আদলে এই দেশে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করা হবে। কুরআনের নির্দেশনার আলোকে ইসলামী কল্যাণ রাষ্ট্র প্রতিষ্ঠা করা হবে। মানুষের মুখে হাসি ফোঁটাতে চাই।

জামায়াত আমীর বলেন, কেয়ারটেকার সরকার ছাড়া দেশে কোনো নির্বাচন হবে না। কেয়ারটেকার সরকার ব্যবস্থা ছাড়া দেশে নির্বাচন হতে দিব না। জীবন দিয়ে হলেও প্রতিহত করবো।

ফিলিস্তিনের গাজার মুসলমানদের ওপর অভিশপ্ত ইহুদীদের নির্যাতনের নিন্দা জানিয়ে জামায়াতের ভারপ্রাপ্ত আমীর বলেন, ইসরাইল ফিলিস্তিনের মুসলমানদের ওপরে নির্যাতন করছে। এমন একদিন আসবে ইহুদীরা পালানোর পথ পাবে না। ইহুদীরা পরাজিত হবে। তিনি বলেন, আমীরে জামায়াত ডা. শফিকুর রহমান, সেক্রেটারি জেনারেল ও সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার, সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য এডভোকেট মতিউর রহমান আকন্দ, ঢাকা মহানগরী উত্তরের আমীর সেলিম উদ্দিন, কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও সাবেক এমপি জনাব শাহজাহান চৌধুরীসহ অসংখ্য নেতা-কর্মী ও আলেম-উলামাকে অন্যায়ভাবে দীর্ঘদিন বন্দি করে রাখা হয়েছে। অবিলম্বে তাদের সকলকে মুক্তি দিতে হবে।

ডা. সৈয়দ আব্দুল্লাহ মুহাম্মদ তাহের বলেন, আমরা বাংলাদেশে একটি কল্যাণমূলক রাষ্ট্র প্রতিষ্ঠা করতে চাই। যেখানে মানবাধিকার নিশ্চিত করা হবে, আইনের শাসন থাকবে এবং দলমত নির্বিশেষে সব মানুষ তাদের ধর্ম পালন করতে পারবে। মত প্রকাশ করতে পারবে। আল্লাহর ভয় ছাড়া আর কোনো ভয় থাকবে না। জামায়াতে ইসলামী একটি গণতান্ত্রিক দল। আমরা মানুষের ভোটের অধিকার ও মৌলিক অধিকার প্রতিষ্ঠায় আন্দোলন সংগ্রাম করে যাচ্ছি। তিনি বলেন, আওয়ামীলীগ ও বিএনপির সাথে যুগপৎ আন্দোলন করেছি। কেয়ারটেকার সরকার প্রতিষ্ঠায় আওয়ামী লীগ ও জাতীয় পার্টির সাথে আন্দোলন করেছি। এদেশের প্রতিটি আন্দোলন সংগ্রামে জামায়াত ছিল, আছে এবং থাকবে। জামায়াতে ইসলামী আওয়ামী স্বৈরাচারের বিরুদ্ধে আন্দোলন করলে বলে স্বাধীনতা বিরোধী দল। জামায়াত একটি সৎ রাজনৈতিক দল। জামায়াত একটি নির্বাচনমুখী দল, অতীতে আমরা ২০১৪ ও ২০১৮ এর প্রহসনের নির্বাচন বর্জন করা বাদে সকল নির্বাচনে অংশ গ্রহণ করেছি। প্রহসনের ২টি সংসদ ছাড়া সব সংসদে আমাদের প্রতিনিধি ছিলো। তিনি বলেন, দলীয় সরকারের অধীনে কোন নির্বাচন হতে পারে না। কেয়ারটেকার সরকার ছাড়া জামায়াত নির্বাচনে যাবে না। আমাদের আন্দোলন কেয়ারটেকার সরকার প্রতিষ্ঠার জন্য। স্বৈরাচার, ফ্যাসিবাদের পতন না হওয়া পর্যন্ত আমাদের আন্দোলন চলবে।

মাওলানা শামসুল ইসলাম বলেন, আজ বাংলাদেশের জনগণ ঐক্যবদ্ধ হয়েছে, ভোটাধিকার না আদায় হওয়া পর্যন্ত এ ময়দান বাংলাদেশের জনগণ ছাড়বে না। তিনি সমবেত জনতার উদ্দেশে বলেন, কেয়ারটেকার সরকারের হাতে ক্ষমতা দিয়ে বিদায় না হওয়া পর্যন্ত ও নির্বাচনের ব্যবস্থা না হওয়া পর্যন্ত আন্দোলন আমরা অব্যাহত রাখবো।

মাওলানা এটিএম মাছুম বলেন, আজ সারাদেশে স্বৈরাচারী শাসন চলছে। ২০০৮ সালে ষড়যন্ত্রের মাধ্যমে এবং ২০১৪ সালে বিনা ভোটে ও ২০১৮ সালে রাতের ভোটের মাধ্যমে অবৈধভাবে এই সরকার ক্ষমতায় আছে। মানুষের ভোটের অধিকার প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত আমরা রাজপথ ছাড়বো না। কেয়ারটেকার সরকার প্রতিষ্ঠা ও নেতা-কর্মী মুক্ত না হওয়া পর্যন্ত আমরা অন্দোলন চালিয়ে যাব।

এ এইচ এম হামিদুর রহমান আজাদ বলেন, ২০০৬ সালে আওয়ামী লীগ লগি-বৈঠা দিয়ে জামায়াতকে শেষ করে দিতে চেয়েছিল কিন্তু পারে নাই। আমরা অনেক জুলুমের শিকার হয়েছি কিন্তু নতি স্বীকার করিনি। সরকার ও সরকারের বাহিনী যতই মিথ্যা প্রচার করুক না কেন। জামায়াত কোনো নিষিদ্ধ সংগঠন নয়। এদেশের মানুষ যে আমাদের সাথে আছে, আজকের মহাসমাবেশের মাধ্যমে তা প্রমাণিত হয়েছে। জামায়াতকে আইন করে নিষিদ্ধ করা যাবে না।

মাওলানা আব্দুল হালিম বলেন, এদেশে নির্বাচন হলে কেয়ারটেকার সরকারের অধীনেই হতে হবে। ২০০৬ সালে ২৮ অক্টোবর আওয়ামী সন্ত্রাসীরা লগি বৈঠা দিয়ে সারাদেশে আমাদের ১৭ জন নেতা কর্মীকে শহীদ করেছে। আর এই হত্যার মধ্যদিয়ে গণতন্ত্র হত্যার শুরু করেছে আওয়ামী লীগ। গত ১৫ বছরে স্বৈরাচার আওয়ামী লীগ আমাদের ১১ জন শীর্ষনেতাসহ ৩৭৫জন নেতা-কর্মীকে হত্যা করেছে। বর্তমান সরকারের সময়ে অসংখ্য আলেমকে হত্যা করা হয়। সাড়ে ১৩ শত আলেমকে গ্রেফতার করা হয়েছে। জামায়াতের লাখ লাখ নেতা-কর্মীর বিরুদ্ধে মিথ্যা মামলা দেওয়া হয়েছে। কয়েক হাজার নেতাকর্মী পঙ্গুত্ব বরণ করেছে। বর্তমান জালিম সরকারের পতন না হওয়া পর্যন্ত আমরা রাজপথে থাকবো।

সভাপতির বক্তব্যে নুরুল ইসলাম বুলবুল বলেন, মহাসমাবেশ সফল হওয়ার জন্য মহান আল্লাহর শুকরিয়া আদায় করছি। তিনি মহাসমাবেশ সফল করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, কেয়ারটেকার সরকারের দাবি আদায় না করে আমরা ঘরে ফিরে যাব না। জনগণের ভোটের ও ভাতের অধিকার আমরা প্রতিষ্ঠা করবোই ইনশাআল্লাহ।

মহাসমাবেশে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল এডভোকেট মোয়াজ্জেম হোসেন হেলাল, এডভোকেট এহসানুল মাহবুব জোবায়ের, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য অধ্যক্ষ শাহাবুদ্দিন, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য মোবারক হোসাইন, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য মাওলানা আবুল কালাম আজাদ, ড. সামিউল হক ফারুকী, ড. খলিলুর রহমান মাদানী, নারায়ণগঞ্জ মহানগরীর আমীর আবদুল জাব্বার, শ্রমিক কল্যাণ ফেডারেশনের সাধারণ সম্পাদক আতিকুর রহমান, শিবিরের সেক্রেটারি জেনারেল মঞ্জুরুল ইসলাম, খুলনা মহানগরী আমীর মাহফুজুর রহমান, ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর এডভোকেট হেলাল উদ্দিন, সহকারী সেক্রেটারি দেলাওয়ার হোসেন, ড. আবদুল মান্নান, উত্তরের সহকারী সেক্রেটারি মাহফুজুর রহমান, নাজিম উদ্দীন মোল্লা, ডা. ফখরুদ্দিন মানিক, রাজশাহী মহানগরী সেক্রেটারি ইমাজ উদ্দিন মন্ডল, চট্টগ্রাম মহানগরীর সহকারী সেক্রেটারি ফয়সাল মুহাম্মদ ইউনুস, মরহুম আল্লামা সাঈদীর সন্তান শামীম সাঈদী ও মাসুদ সাঈদী প্রমুখ।

উল্লেখ্য, সরকারের পদত্যাগ, নির্দলীয়-নিরপেক্ষ কেয়ারটেকার সরকারের অধীনে অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচনের ব্যবস্থা, আমীরে জামায়াত ডা. শফিকুর রহমানসহ বিরোধী রাজনৈতিক দলের গ্রেফতারকৃত নেতাকর্মী এবং ওলামা-মাশায়েখের মুক্তি, মিথ্যা মামলা প্রত্যাহার, দ্রব্যমূল্য মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে নিয়ে আসার দাবিতে বাংলাদেশ জামায়াতে ইসলামীর পক্ষ থেকে গত ২৩ অক্টোবর সোমবার এই কর্মসূচি ঘোষণা করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

Vital Accounting Inc.
File your Tax with experienced professional.
* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212
37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?

বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন

রাফি সাফওয়ান

ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে

সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :

267-992-3201

Park Realty
of Western New York

155 Summer St
Buffalo, NY 14222

Looking for intake or scribing Positions for Starling Diagnostics In the Bronx.

- Foreign Medical Graduate Preferred
- Typing speed 50+ preferred
- Experience 1 to 3 years Preferred
- Bangla and English Language

Please email your resume to
mohammod.ali@starlingdiagnostics.com
Daytime phone (267)342-1481.

starling diagnostics

কাজী অফিস

সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত

কাজী ইমাম মাওলানা আব্দুল মুকিত

পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা

148-16 87 Road
Jamaica, NY-11435

বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়। পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ

917-428-1519

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।

ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

ভ্রমণ

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:

বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

- সম্পূর্ণ হালাল খাবার
- ক্যাটারিং
- লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১	প্যাকেজ-২	প্যাকেজ-৩	প্যাকেজ-৪
ফ্রেইন পোলাও চিকেন রোস্ট মিক্সড ভেজিটেবল সালাড ডিজার্ট **$ 7.00**	ফ্রেইন পোলাও চিকেন রোস্ট সামি কাবাব মিক্সড ভেজিটেবল সালাড ডিজার্ট **$ 8.00**	ফ্রেইন পোলাও চিকেন রোস্ট গোট অথবা বিফ কারি মিক্সড ভেজিটেবল সালাড ডিজার্ট **$10.00**	মটর পোলাও চিকেন রোস্ট সামি কাবাব গোট অথবা বিফ কারি মিক্সড ভেজিটেবল সালাড ডিজার্ট **$11.00**

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

থেরাপিস্ট আবশ্যক

চিকিৎসক কর্তৃক প্রেসক্রাইবকৃত একজন রোগীর জন্য থেরাপিস্ট আবশ্যক ।

যোগাযোগঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৩৭১-৮৮৯৮

বেবি সিটার আবশ্যক

Columbia medical Hospital এর ডাক্তার আফসানা রহমানের ৯ মাসের মেয়েকে দেখাশুনার জন্য বৃহস্পতি ও শুক্রবারের একজন বেবি সিটার দরকার বাসার দুই বকের ভিতর Train আছে ।

Address:709 W 169th Street.1st floor.Manhattan, New York.

যোগাযোগ :-(347) 944-2284, 347 475 7554

ড্রাইভিং শিখতে চান?

সহজ পদ্ধতিতে এবং ফেক্সিবল সময়ের মধ্যে ড্রাইভিং শিখার জন্য যোগাযোগ করুন ।

যোগাযোগঃ উদ্দিন

929-519-5139



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education is Our Priority!



Mohammed M. Alam
M.Com (Management). LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস

167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয় ।

বাসা ভাড়া

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার ১১৫-১৮, ১৫৮ ষ্ট্রীট-এ দুই বেডেরুমের বেসমেন্ট বাসা ভাড়া হবে। কিচেন, ফুল বাথরুম আর ডাইনিং স্পেস ছাড়াও ২টি ক্লোজেট-এর সুবিধা রয়েছে। ভাড়া আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: ৫১৮-৪৯৫-২২৩৩ অথবা ৩৪৭-৯৫৪-৬৮৯৫
অ-১৬/২৩

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা ১৮৩ স্ট্রীট, হিলসাইড এবং জ্যামাইকা এভিনিউ-এর মধ্যে সাবওয়ের সন্নিকটে ২ বেডরুমের বেসমেন্ট বাসা ভাড়া হবে। নতুন রিনোভেটেড।

যোগাযোগঃ
৭১৮-৬০৭-৯৫৫১
৩৪৭-৮৭০-০৭৪০।

বাসা ভাড়া

ব্রঙ্কসের ক্যাসিল হিলের গ্লিভ এভিনিউতে ৪ বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: আহমেদ।
ফোন: ৯১৭-৪৪৪-৯৭০৭
অথবা ৩৪৭-২০৮-৪৭৪১

বেইসমেন্ট ভাড়া

জেএফকে বিমান বন্দর থেকে ১০ মিনিটের দুরত্বে। ছোট পরিবার নিয়ে বসবাসবাসের জন্য (New renovation) বেসমেন্ট ভাড়া দেওয়া হইবে। নিউইয়র্কের কুইন্সের রোজডেলে ১বেডরুম ১ ফুল বাথরুম, ১ লিভিং রুম সাথে কিচেন ভাড়া দেওয়া হইবে ঠিকানা: 242-03 133rd ave, Rosedale, New York 11422 যোগাযোগ করুন : **203-993-7788 Humayunchy@hotmail.com**

বাসা ভাড়া

বাঙালি অধ্যুষিত পার্কচেস্টার সাবওয়ের সন্নিকটে একটি মনোরম বাসা ভাড়া হবে। তিন বেডরুম, ১ বাথরুম (১ম তলা)। ঠিকানাঃ ১৪৫৯ লোল্যান্ড এভিনিউ।
ফোনঃ ৬৪৬-৬৮৪-০৯০৯।

অফিস অ্যাসিসটেন্ট আবশ্যক

কুইন্সের একটি রিয়েল এস্টেট অফিসের জন্য একজন অফিস অ্যাসিসটেন্ট আবশ্যক। যোগাযোগ: এম কামাল সিদ্দিক।
ফোন: ৯১৭-৫২৩-৪৪৫১.
e-mail: MKSKARN@gmail.com
অ-২৩/৩০

বাসা ভাড়া

উডহ্যাভেন এলাকায় ৩ বেড, ১ লিভিং, কিচেন এবং বাথরুম (১ম তলা) ভাড়া হবে। জে ট্রেন এবং কিউ-৫৬, কিউ-২৪, কিউ-৫৩, কিউ-৫২, কিউ-১১ এবং বি-১ বাসের সন্নিকটে। ভাড়া ২৪০০ ডলার। সববিল একত্রে।
যোগাযোগঃ
জিনাত ৬৪৬ ২৮৯ ০৫৩৯.

বিজ্ঞাপন ম্যানেজার আবশ্যক

নিউইয়র্কের একটি মিডিয়া হাউজের জন্য ফুল টাইম একজন বিজ্ঞাপন ম্যানেজার আবশ্যক। শুধুমাত্র সিরিয়াস আগ্রহীরাই যোগাযোগ করুন।
যোগাযোগ:
৭১৮-৭৫৩-০০৮৬

পাত্র-পাত্রী চাই

(১)আমেরিকার বিশ্ববিদ্যালয় থেকে আইনে ডিগ্রীপ্রাপ্ত। মুসলিম। সাতাশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্রী চাই। (২) ডাটা সাইন্সে আমেরিকার বিশ্ববিদ্যালয়ে অধ্যয়রত। মুসলিম। তেইশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্র চাই। এসএমএস করুন। গোপনীয়তা রক্ষা করা হবে। **৩৪৭-৩৪৫-৮২০৭.**

পূর্বাচলে রাজউকের নির্ভেজাল ৫ কাঠার প্লট বিক্রয়

ঢাকার মাস্টার প্ল্যান শহর পূর্বাচলের আকর্ষণীয় লোকেশনে সরাসরি রাজউকের বরাদ্দতো ৫ কাটার নির্ভেজার একটি প্লট বিক্রয় হবে। আমেরিকান সিটিজেন ইঞ্জিনিয়ার নিজের কেনা প্লটটি সরাসরি নিজে বিক্রি করবেন।
যোগাযোগের ফোন: ১-৪০৮-৫৬৪-৩৯১০
Email: gomaruf@gmail.com

টাঙ্গাইল শহরের প্রান কেন্দ্রে বাড়ি বিক্রয়

টাঙ্গাইল শহরের বিশ্বাস বেতকা এলাকায় সৃষ্টি কোচিং সংলগ্ন ১০ শতাংশ জমির উপর ৫তলা ফাউন্ডেশনের (৩৩টা পিলারের) বাড়ি, নীচতলায় ৩ বেড, ৩ বাথ, ২টা ইউনিট এবং দোতলায় দুই বেড এবং একটি বাথরুমের ৪টা ইউনিট। প্রতিমাসে আয় সর্বমোট ৪৫ হাজার টাকা। জমির মালিক নিউইয়র্ক প্রবাসী বিধায় দলিল হস্তান্তর এবং বাড়ির মূল্য নির্ধারন/পরিশোধ ডলারে করতে হবে।

কেবল মাত্র কিনতে আগ্রহীরা যোগাযোগ করুন-
দরালাপনী ঃ ৯১৭-৩০০-৫০০৪

লং আইল্যান্ডে ড্রাইভাভিং স্কুলে ইনস্ট্রাকটর আবশ্যক

লং আইল্যান্ড সাফক কাউন্টি তে ফুলটাইম/ পার্টটাইম ড্রাইভিং স্কুলের জন্য অভিজ্ঞতাসম্পন্ন ইনস্ট্রাকটর আবশ্যক। বেতন ২০ ডলার-২৫ ডলার /প্রতি লেসন্
যোগাযোগঃ **৬৩১-২৭৫-৪০০৭**



আবশ্যক

অ্যাপোলো ইমিগ্র্যান্ট ম্যানেজমেন্ট (এলমহার্স্ট, এনওয়াই ১১৩৭৩)-এর জন্য এলজন ফুল টাইম ইঞ্জিনিয়ার আবশ্যক। বেতন ঘন্টায় ৪১ ডলার ২ সেন্ট। আগ্রহীকে এমপ্লয়ীদের সুপারভাইজিং সহ মেশিন অপারেট, হার্ডওয়ার এবং নেটওয়াকিং প্রভৃতি দায়িত্ব পালন ছাড়াও ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় দেখাশোনা ও পর্যবেক্ষণ করতে হবে। যোগ্যতা ব্যাচেলর ডিগ্রিসহ ইংরেজী, বাংলা ও হিন্দি ভাষায় অনর্গল কথা বলা জানতে হবে।
যোগাযোগ: ৭১৮-৪২৬-৬৬০০

JAMAICA GARAGE FOR RENT

INDOOR GARAGE WITH REMOTE KEY FOR RENT. 175 STREET & HILLSIDE AVENUE. LEAVE MESSAGE: 917-533-3928

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।
Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

মেডিকেয়ার ইন্স্যুরেন্স

মেডিকেয়ার ইন্স্যুরেন্স এর যাবতীয় তথ্যের জন্য যোগাযোগ করুন: **মোহাম্মদ তুহিন**
৭১৮-৩১০-০৪১৩

TDS INSURANCE এর প্রতিবাদ


কতিপয় ব্রোকারেজ প্রতিষ্ঠানের অপপ্রচারের পরিপ্রেক্ষিতে TDS INSURANCE BROKERAGE CORP. -এর পক্ষ থেকে আমরা সোচ্চার প্রতিবাদ জানাচ্ছি। আমাদের কোন শাখা অফিস, সাব এজেন্ট নিউইয়র্কের কোথাও নেই। আমাদের কার্যক্রম আমরা আমরা শুধুমাত্র ব্রুকলীন অফিস থেকেই পরিচালনা করছি। ধন্যবাদ-
TDS INSURANCE BROKERAGE CORP.
f-06/14

পাত্রী চাই

ইউএস সিটিজেন, বয়স ৫৫, উচ্চতা ৫ফুট ৬ইঞ্চি। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ার, সরকারি চাকুরীজীবী, সুপ্রতিষ্ঠিত মুসলিম ধার্মিক পাত্রের জন্য বিধবা, ডিভোর্স (বৈধ কাগজপত্র না থাকলেও চলবে) পাত্রী চাই।
যোগাযোগ: ৬৪৬-৭০৭-৯৬১৪ সে-০৫/০৬

One Bedroom CONDOMINIUM FOR SALE

1510 Union Port Road,Bronx ,NY-10462.Asking Price $199,000.00
Common Charge $ 804.69 . Living area Sqft 613.more Info please contact



বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444









জাতিসংঘের সামনে যুক্তরাষ্ট্র বিএনপি'র বিক্ষোভ

(শেষের পাতার পর)

সংখ্যক নেতা-কর্মী অংশ নেন। খবর ইউএনএ'র।

বিক্ষোভ সমাবেশে উল্লেখযোগ্য নেতৃবৃন্দের মধ্যে কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য যথাক্রমে আব্দুল লতিফ সম্রাট, গিয়াস আহমেদ ও জিল্লুর রহমান, কেন্দ্রীয় বিএনপি নেত্রী লিটা রহমান, সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক কণ্ঠশিল্পী বেবী নাজনীন, যুক্তরাষ্ট্র বিএনপি'র কোষাধ্যক্ষ জসিম ভূইয়া, বিএনপি নেতা আব্দুস সবুর, মোশাররফ হোসেন সবুজ, এবাদ চৌধুরী, যুক্তরাষ্ট্র যুবদলের সভাপতি জাকির এইচ চৌধুরী, কেন্দ্রীয় জাসাস নেতা গোলাম ফারুক শাহীন, কেন্দ্রীয় যুবদলের সাবেক সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক এম এ বাতেন, নিউইয়র্ক স্টেট বিএনপির আহবায়ক ওলিউল্লাহ আতিকুর রহমান ও সদস্য সচিব সাইদুর রহমান সাইদ, নিউইয়র্ক মহানগর (দক্ষিণ)-এর সভাপতি হাবিবুর রহমান সেলিম রেজা ও সদস্য সচিব মোহাম্মদ বদিউল আলম, জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ও যুক্তরাষ্ট্র শাখার সাধারণ সম্পাদক মাকসুদুল হক চৌধুরী, জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির সহ আন্তর্জাতিক সম্পাদক সাইফুর খান হারুন, যুক্তরাষ্ট্র জাসাস-এর আহবায়ক মোহাম্মদ রহমান সায়েম ও সদস্য সচিব জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, মহিলাদল নেত্রী সৈয়দা মাহমুদা শিরিন প্রমুখ উপস্থিত ছিলেন।

সমাবেশে বিএনপির নেতা-কর্মীরা শেখ হাসিনার সরকার বিরোধী নানা শ্লোগান দেয় এবং পদত্যাগ তাবী করে ঢাকায় বিএনপি'র মহাসমাবেশে সরকার দলীয় নেতা-কর্মী ও পুলিশী হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। বক্তারা শেখ হাসিনার সরকারকে একটি স্বৈরাচারী সরকার হিসেবে অ্যাখায়িত করে বলেন, সরকারের পায়ের মাটি সরে গেছে, আওয়ামী লীগের সরকারের জুলুল, নির্যাতন, অত্যাচার, গুম-খুনে দেশের মানুষ অতিষ্ঠ হয়ে আন্দোলনে নেমেছে। শেখ হাসিনার পদত্যাগ আর তত্ত্বাবধায়ক সরকারে অধীনে নির্বাচন ছাড়া বিএনপি'র নেতা-কর্মীরা আর ঘরে ফিরে যাবে না। বক্তারা গ্রেফতারকৃত দলীয় নেতা-কর্মীদের অবিলম্বে মুক্তি দাবী করেন।



এয়ারপোর্ট থেকে তুলে হেফাজতে নিলো ডিবি

(শেষের পাতার পর)

পরপরই শনিবার (২৮ অক্টোবর) সন্ধ্যায় ওই ব্যক্তিকে সাথে নিয়ে পল্টন কার্যালয়ে আসেন তিনি। এসময় সংঘর্ষে আহত বিএনপি নেতাকর্মীদের সাথে কথা বলেন ওই ব্যক্তি।

সংঘর্ষে আহত কিছু নেতাকর্মী বিএনপি কার্যালয়ে অবস্থানে নেয়ায় তাদের খোঁজ খবর নিতে সেসময় বিএনপির আন্তর্জাতিক বিষয়ক কমিটির সদস্য ইঞ্জিনিয়ার ইশরাক হোসেনও আগে থেকেই সেখানে উপস্থিত ছিলেন। হাসান সারোওয়ার্দী ঐ ব্যক্তিকে নিয়ে বিএনপি কার্যালয়ে প্রবেশ করে তাকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের উপদেষ্টা বলে পরিচয় দেন। পরে সেখানে থাকা সাংবাদিকদের সাথেও কথা বলেন ঐ রহস্যজনক ব্যক্তি। সাংবাদিকদের সাথে কথা বলার সময় বিএনপি নেতা ইশরাক হোসেনেও সেখানে উপস্থিত ছিলেন। তবে, তিনি তার পরিচয় বা তিনি আদৌ জো-বাইডেনের উপদেষ্টা কিনা সেটি নিশ্চিত করতে পারেননি।

বিষয়টি নিয়ে ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন বলেন, সংঘর্ষের পর অনেক নেতাকর্মী আহত হয়। হাসপাতালে আমি তাদের চিকিৎসার ব্যবস্থা করি এবং অন্যদেরও খোঁজ খবর নিই। পরে আরো কিছু নেতাকর্মী আহতাবস্থায় বিএনপি কার্যালয়ে অবস্থান নিয়েছে শুনে তাদের খোঁজ-খবর নিতে সেখানে যাই। তার পরপরই সাবেক সেনা কর্মকর্তা অবসরপ্রাপ্ত লে. জেনারেল হাসান সারোওয়ার্দী দুইজন ব্যাক্তিকে নিয়ে আসেন। এসময়, তার (হাসান সারোওয়ার্দীর) সাথে আসা একজন নিজেকে প্রেসিডেন্টে জো বাইডেনের উপদেষ্টা বলে পরিচয় দেন। আহতদের সাথে কথাও বলতে চান। আহতরা সেসময় কার্যালয়ের নিয়মিত ব্রিফিং কক্ষেই অবস্থান করছিলেন। তাই তাদের সাথে কথা বলার পর সেখানে থাকা সাংবাদিকদের সাথেও কথা বলেন তিনি। এসময়, তাদের সাথে আমাকেও বসতে বললে সে পরিস্থিতিতে তাদের সাথে আমিও অংশ নিই। এর বাইরে ঐব্যাক্তি সম্পর্কে আমি আর তেমন কিছু জানিনা।

বাইডেনের তথাকথিত 'উপদেষ্টাকে' এয়ারপোর্ট থেকে তুলে



হেফাজতে নিলো ডিবি

এদিকে অপর খবরে প্রকাশ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের কথিত উপদেষ্টা মিয়া জাহিদুল ইসলাম আরেফীকে আটক করে মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। ডিবি'র গুলশান বিভাগ বিষয়টি নিশ্চিত করে। রোববার (২৯ অক্টোবর) দুপুরে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তাকে আটক করে ইমিগ্রেশন পুলিশ। পরে ইমিগ্রেশন পুলিশ তাকে ঢাকা মহানগর পুলিশের (ডিবি) কাছে হস্তান্তর করে। এ বিষয়ে নাম প্রকাশ না করার শর্তে ডিবির এক কর্মকর্তা বলেন, তাকে বিমানবন্দর থেকে মিন্টু রোডে ডিবি কার্যালয়ে আনা হয়েছে। তাকে বিভিন্ন বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

গোয়েন্দা সূত্রে জানা গেছে, আরেফীর পুরো নাম জাহিদুল ইসলাম আরেফী। তার ডাক নাম বেল্লাল। থাকেন যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ডে। তিনি একজন বাংলাদেশী আমেরিকান। তার পৈতৃক নিবাস ও জন্ম সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়ায়। তিনি মাঝে মাঝেই বাংলাদেশে আসেন।

শিশুর বুদ্ধি বাড়াতে

(শেষের পাতার পর)

প্রোটিন থেকে বঞ্চিত হয়। এই পুরো সময়কালে ভালো পুষ্টির অধিকারী শিশুরা শারীরিক ও মানসিকভাবে ভালোভাবে বেড়ে ওঠে। তারা চিন্তাভাবনা, মনে রাখা ও ফোকাস করার ক্ষেত্রে আরো ভালো হয়। তাদের মস্তিষ্ক নতুন জিনিস শোষণ এবং শেখার ক্ষেত্রে ভালো কাজ করে। প্রয়োজনীয় পুষ্টিতে সমৃদ্ধ সুষম খাদ্য মস্তিষ্কের বিকাশে সহায়তা করে।

ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড: ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড উন্নত স্মৃতিশক্তি, মনোযোগ এবং সমস্যা সমাধানের দক্ষতাসহ আরো অনেক উপকারিতার সাথে যুক্ত। ফ্যাটি মাছ (যেমন স্যামন, ম্যাকেরেল ও টুনা), ফ্ল্যাক্সসিড, সূর্যমুখী বীজ, কুমড়ার বীজ ও আখরোট শিশুর ডায়েটে অন্তর্ভুক্ত করার পরামর্শ দেয়া হয়। নিয়মিত এ ধরনের খাবার খেলে আপনার শিশু বুদ্ধিমান হিসেবে গড়ে উঠবে।

আয়রন: আয়রন শিশুর বুদ্ধির বিকাশের জন্য অত্যাবশ্যক, কারণ এটি শিশুদের সক্রিয় এবং মনোযোগী হতে সাহায্য করে। আয়রন সমৃদ্ধ খাবার যেমন চর্বিহীন মাংস, সিরিয়াল, সবুজ শাকসবজি এবং কিডনি বিনস (রাজমা), ব্ল্যাক আইড মটর (লোবিয়া), সবুজ মটর এবং ছোলার মতো মটরশুটি তাদের খাদ্যতালিকায় অন্তর্ভুক্ত করুন।

অ্যান্টিঅক্সিডেন্ট: অ্যান্টিঅক্সিডেন্ট পাওয়া যায় রঙিন ফল ও সবজিতে। যেমন বিটরুট, গাজর, টমেটো, বরই, বেরি ও পালংশাক। অ্যান্টিঅক্সিডেন্ট সামগ্রিক মস্তিষ্কের স্বাস্থ্য উন্নত করতে কাজ করে। তাই শিশুকে প্রতিদিন অ্যান্টিঅক্সিডেন্ট সমৃদ্ধ খাবার খেতে দিতে হবে। এতে শিশুর বৃদ্ধি ও মেধা বিকাশ সহজ হবে।

স্বাস্থ্যকর সকালের নাশতা: শিশুকে সকালে খালি পেটে রাখবেন না বা অস্বাস্থ্যকর খাবার খেতে দেবেন না। সকালের নাশতায় রুটি, সবজি, ডিম, দুধ ইত্যাদি রাখতে পারেন।

হাইড্রেশন: শিশুর মেধা ও বুদ্ধির বিকাশের জন্য তাকে হাইড্রেটেড রাখা জরুরি। আপনার শিশু যেন সারাদিন অল্প অল্প করে পানি পান করে, সে দিকে খেয়াল রাখুন। খাবারের মাঝখানে খুব বেশি পানি পান করতে দেবেন না। পর্যাপ্ত পানি পানের পাশাপাশি তাকে পানি রয়েছে এমন সব ফল, সবজি ইত্যাদি খেতে দিন। এতেও সে সহজে হাইড্রেটেড থাকবে। হালকা ডিহাইড্রেশনও বুদ্ধিবৃত্তিক কর্মক্ষমতা নষ্ট করতে পারে। তাই এ দিকে খেয়াল রাখুন। সূত্র: ইন্টারনেট

চলচ্চিত্র ছেড়ে যুক্তরাষ্ট্রে বিপাশা কবির

(শেষের পাতার পর)

করেন। তবে এক সময় নায়িকাও হয়েছিলেন। তাতে সাফল্য পাননি। ফলে চলচ্চিত্র ছেড়ে এখন তিনি যুক্তরাষ্ট্রে স্থায়ীভাবে বসবাস করছেন। এখানেই থিতু হয়েছেন। লাক্স প্রতিযোগিতা থেকে আসা বিপাশা জানান, আইটেম গানে পারফর্ম করে একঘেয়েমি চলে আসছিল। অন্যদিকে, যেসব সিনেমার অফার আসছিল সেগুলো ভালো লাগছিল না। যখনই নায়িকা হওয়ার প্রস্তাব এসেছে দেখেছি, প্রযোজক নিজেই হিরো হতে চান। এটা মেনে নিতে পারিনি। তখন মনে হচ্ছিল, এসব করা আর না করা একই ব্যাপার। সত্যি বলতে আমার ভালো লাগছি না। এজন্য হতাশ না হয়ে মুভ অন করছি। চলচ্চিত্র ছেড়ে যুক্তরাষ্ট্রে চলে এসেছি। যুক্তরাষ্ট্রেই নতুন জীবন শুরু করেছি।

উল্লেখ্য, ২০০৯ সালে লাক্স চ্যানেল আই সুন্দরী প্রতিযোগিতায় ১৪তম অবস্থানে ছিলেন বিপাশা। পরে কিছু নাটকে অভিনয় করেন। ২০১২ সালে জাজ মাল্টিমিডিয়ার 'ভালোবাসার রঙ' সিনেমায় শখের বসে আইটেম গানে পারফর্ম করার পর তিনি আলোচিত হন। ২০১৬ পর্যন্ত ৫০টির বেশি সিনেমায় আইটেম গান করেন তিনি। এরপর কয়েকটি সিনেমায় নায়িকা হিসেবে অভিনয় করেন।

পেনসিলভেনিয়ায় দুর্বৃত্তের

(শেষের পাতার পর)

করে হত্যা করা হয়েছে। কর্মস্থল থেকে কাজ শেষ করে এশার নামাজ পড়ার জন্য মসজিদের পার্কিং লটে গাড়ী পার্কিং করার সময় এই ঘটনাটি ঘটে বলে ধারা করা হচ্ছে। স্থানীয়রা পুলিশের বরাত দিয়ে জানায়, রোববার সন্ধ্যা ৭টা ৪৫ মিনিটে তারা ঘটনাস্থলে উপস্থিত হন। পেনসিলভেনিয়া রাজ্যের আপার ডার্বির ৬৯তম স্ট্রিটে মসজিদ আল মদিনা (আপার ডারবি ইসলামিক সেন্টার) এর কাছে মাহবুবুর রহমানকে গুলি করা হয়। তার গাড়ি ফিলাডেলফিয়া থেকে উদ্ধার করেছে এবং আপার ডার্বিতে ফিরিয়ে আনা হচ্ছে। ঘটনার তদন্ত চলছে।

বদলে দেই পৃথিবী
ধাঁপে ধাঁপে
শুভকাজে

RENAISSANCE
HOME HEALTH CARE



নিউইয়র্ক সিটির সর্বশ্রেষ্ঠ হোমকেয়ার প্রতিষ্ঠান রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ার

সর্বোচ্চ সম্মানীতে রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ারে যোগ দিন

আপনার মর্যাদা, সম্মান ও সহানুভূতির সাথে সর্বোচ্চ গুণগত পরিসেবা প্রদানই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য

- আমাদের রয়েছে আকর্ষণীয় ক্ষতিপূরণ প্যাকেজ
- ছুটির দিনে দ্বিগুণ বেতন
- বিনামূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা
- গুগল-এ ৪.৫ স্টার রেটিং



রেনেসাঁয় কাজ করতে চান? আজই যোগাযোগ করুন

(718) 649-3670

1959 WESTCHESTER AVE.
BRONX, NY 10462

www.renaissancehomehc.com

বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday / October 30 // 2023

গাজা ইস্যুতে ইসরাইলকে যে সতর্কবার্তা দিল রাশিয়া

ঢাকা ডেস্ক, ৩০ অক্টোবর : গাজায় ইসরাইলের বোমাবর্ষণ আন্তর্জাতিক আইনের পরিপন্থী । এতে বিপর্যয় সৃষ্টির ঝুঁকি রয়েছে, যা কয়েক দশক ধরে স্থায়ী হতে পারে । একই সঙ্গে গাজা উপত্যকায় ইসরাইলের অব্যাহত বোমা হামলার তীব্র সমালোচনা করেছেন রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভ । শনিবার বেলারুশের রাষ্ট্রায়ত্ত বার্তা সংস্থা বেলটাকে দেওয়া এক সাক্ষাৎকারে এমন মন্তব্য করেছেন লাভরভ । ইসরাইলের বিরুদ্ধে রাশিয়ার এখন পর্যন্ত সবচেয়ে কঠোর সমালোচনা হিসেবে দেখা হচ্ছে লাভরভের মন্তব্যকে । তিনি বলেন, আমরা সন্ত্রাসবাদের নিন্দা জানাই । আন্তর্জাতিক মানবাধিকার আইন লঙ্ঘন করে সন্ত্রাসবাদের প্রতিক্রিয়া জানানোর সঙ্গে আমরা দ্বিমত পোষণ করি । বেসামরিক নাগরিক, জিম্মি লোকজন রয়েছে জানার পরও নির্বিচার বলপ্রয়োগ আন্তর্জাতিক মানবাধিকার আইনের পরিষ্কার লঙ্ঘন । রাশিয়ার এই পররাষ্ট্রমন্ত্রী বলেন, ইসরাইল যেভাবে হামাসকে ধ্বংস করতে চায়, সেভাবে ধ্বংস করা অসম্ভব । সতর্ক করে দিয়ে লাভরভ বলেন, 'যদি গাজাকে ধ্বংস এবং এর ২০ লাখ বাসিন্দাকে বহিষ্কার করা হয়, যেভাবে ইসরাইল ও বিদেশি কিছু রাজনীতিবিদ প্রস্তাব দিয়েছেন, তা শতাব্দীকালের জন্য না হলেও বহু দশকের জন্য বিপর্যয় সৃষ্টি করবে ।''অবরোধের মধ্যে থাকা জনগণকে বাঁচানোর জন্য অবিলম্বে যুদ্ধ বন্ধ এবং সেখানে মানবিক কর্মসূচি ঘোষণা করা দরকার ।'

ফিরোজ-আলমগীর প্যানেল জয়ী

(শেষের পাতার পর)

ভোট গ্রহণ চলে । উল্লেখ্য, ৪ বছর পর পর সন্দীপ সোসাইটি ইউএসএ'র নির্বাচন অনুষ্ঠিত হয় । এবার ভোটার ছিলো ৫ হাজার ২৪ জন । বৃষ্টি-বাদলা উপেক্ষা করে বিপুল সংখ্যক ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেন । বাংলাদেশী বংশোদ্ভুত নিউইয়র্ক সিটি কাউন্সিলের নির্বাচিত সদস্য শাহানা হানিফ নির্বাচনে ভোটগ্রহণ পর্যবেক্ষণ করেন এবং ভোট কেন্দ্র ঘুরে দেখেন ।

নির্বাচনে 'ফিরোজ-আলমগীর প্যানেল'-এর একমাত্র প্রতিদ্বন্দ্বী ছিলেন 'ফয়সাল-আমজাদ প্যানেল । এই দুই প্যানেল থেকে সোসাইটির কার্যকরী পরিষদের ১৯টি পদে মোট ৩৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন । ভোট শেষে রাতেই নির্বাচন কমিশন ভোট কেন্দ্রে ফলাফল ঘোষণা করেন । নির্বাচন কমিশন ঘোষিত ফলাফলে দেখা যায় 'ফিরোজ-আলমগীর প্যানেল' এক চেটিয়া ভোট পেয়ে বিপুল ভোটের ব্যবধানে জয়লাভ করে ।

'ফিরোজ-আলমগীর প্যানেল'-এর বিজয়ীরা হলেন: সভাপতি- ফিরোজ আহমেদ, সাধারণ সম্পাদক- মোহাম্মদ হোসেন আলমগীর, সিনিয়র সহ সভাপতি- মনজুর কাদের সোহাগ, সহ সভাপতি- আব্দুল মান্নান, আলমগীর হোসাইন ও আব্দুস সালাম লাবু, যুগ্ম সাধারণ সম্পাদক- ইঞ্জিনিয়ার নাসির উদ্দিন, সাংগঠনিক সম্পাদক- মোহাম্মদ জসিম উদ্দিন, সহ সাংগঠনিক সম্পাদক- আলাউদ্দিন ফারুক, কোষাধ্যক্ষ- মোহাম্মদ আনোয়ারুল ইসলাম, সহ কোষাধ্যক্ষ- মুহাম্মদ সোহেল, সমাজকল্যাণ ও বিনোদন সম্পাদক- নাজিম উদ্দিন সুজন, শিক্ষা ও সাহিত্য সম্পাদক- ফরহাদ হোসেন, ক্রীড়া ও স্বাস্থ্য সম্পাদক- নাজিম উদ্দিন, প্রশিক্ষণ ও কর্মসংস্থান সম্পাদক- মুহাম্মদ আরিফ, প্রচার সম্পাদক- ইমরুল হাসান আরফান, দপ্তর সম্পাদক- আজমীর হোসাইন, মূলধারা ও আইন বিষয়ক সম্পাদক- মোহাম্মদ আরিফুজ্জামান এবং তথ্য ও প্রযুক্তি সম্পাদক রেহান উদ্দিন সোহেল ।

নির্বাচনী ফলাফল শেষে নবনির্বাচিত সভাপতি ফিরোজ আহমেদ তার সংক্ষিপ্ত বক্তব্যে তাকে এবং তার প্যানেলকে বিজয়ী করার জন্য সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, এ বিজয় আমাদের নয়, এই বিজয় সন্দীপবাসীদের ।

নবনির্বাচিত মোহাম্মদ হোসেন আলমগীর সংশিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, সবাইকে নিয়েই সন্দীপ সোসাইটিকে এগিয়ে নিয়ে যাওয়া হবে ।



ব্রাসিলিয়াস্থ বাংলাদেশ দূতাবাসে পালিত হলো শেখ রাসেল দিবস



ব্রাজিল: 'শেখ রাসেল দীপ্তিময়, নির্ভীক নির্মল দুর্জয়' প্রতিপাদ্যকে উপজীব্য করে যথাযোগ্য মর্যাদায় দক্ষিণ আমেরিকাতে বাংলাদেশের একমাত্র দূতাবাসে বাংলাদেশী ও ব্রাজিলীয় শিশু-কিশোরদের অংশগ্রহণে 'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেলের ৬০তম জন্মদিবস উপলক্ষ্যে 'শেখ রাসেল দিবস' পালিত হয়েছে ।

দূতাবাস প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানের শুরুতেই ব্রাজিলে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসা শহীদ শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন । এসময় শহীদ শেখ রাসেলের স্মৃতির প্রতি সম্মান জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয় । দিবসটির তাৎপর্য তুলে ধরে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করেন রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসা ।

দূতাবাস কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে শহীদ শেখ রাসেলের জীবনভিত্তিক বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয় । ব্রাজিলে বসবাসরত বাংলাদেশী শিশুরা দূতাবাসের আয়োজনে চিত্রাংকন পর্বে অংশগ্রহণ করে । এছাড়াও শিশুতোষ সাংস্কৃতিক পর্বে ব্রাসিলিয়া প্রবাসী বাংলাদেশী শিশু ও দূতাবাস পরিবারের শিশু-কিশোররা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে । শহীদ শেখ রাসেলের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয় ।

'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি সম্মান জানিয়ে স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় প্রধানমন্ত্রী কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপের সাফল্য উল্লেখ করে রাষ্ট্রদূত সাদিয়া ফয়জুননেসা বাংলাদেশ নামটিকে সমুন্নত রাখার জন্য ব্রাজিলে বসবাসকারী প্রবাসী ভাই-বোনদের অনুরোধ জানান । ১৯৭৫ সালের ১৫ আগস্টের নির্মম হত্যাকান্ডকে ইতিহাসের বর্বরতম হত্যাকান্ড হিসেবে উল্লেখ করে রাষ্ট্রদূত বলেন, বিলম্বে হলেও মাননীয় প্রধানমন্ত্রীর সুদৃঢ় নেতৃত্বে ঘৃণিত হত্যাকারীদের বিচার প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হয়েছে ।

রাষ্ট্রদূত ফয়জুননেসা তাঁর বক্তব্যে এবারের শেখ রাসেল দিবসের উপজীব্য 'শেখ রাসেল দীপ্তিময়, নির্ভীক নির্মল দুর্জয়'- কে সামনে রেখে প্রবাসে বসবাসরত সকল বাংলাদেশী অভিভাবকদের তাদের সন্তানদের আত্মপ্রত্যয়ী হিসেবে গড়ে তোলার আহ্বান জানান । রাষ্ট্রদূত ফয়জুননেসা বলেন, বিশ্বায়নের এই যুগে আজকের বর্তমান প্রজন্মের সন্তানরা শুধু নিজ দেশের নয়, বরং সমগ্র বিশ্বের ভবিষ্যত কর্ণধার, তাই তাদেরকে অসাম্প্রদায়িকতা, সৌহার্দ্য ও সহমর্মিতার শিক্ষায় শিক্ষিত করে তোলার দায়িত্ব সকলের । পৃথিবীর সকল শিশু নিরাপদ ও আনন্দময় পরিবেশে ভালোবাসার মাঝে বেড়ে উঠুক- এ প্রত্যাশা করে রাষ্ট্রদূত বাংলাদেশের গৌরবময় স্বাধীনতার ইতিহাস, ১৫ আগষ্ট-এর ঘৃণিত হত্যাকান্ড সম্বন্ধে ভবিষ্যৎপ্রজন্মকে সঠিক ইতিহাস জানানোর জন্য অভিভাবকদের অনুরোধ জানান ।

অনুষ্ঠানের শেষে রাষ্ট্রদূত সাংস্কৃতিক পর্বে অংশ নেয়া সকল শিশু-কিশোরদের সাথে নিয়ে কেক কাটেন এবং তাদের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ করেন । -প্রেস বিজ্ঞপ্তি ।







ঢাবি এলামনাই এসোসিয়েশনের নির্বাচন কমিশন গঠন

বাংলা পত্রিকা ডেস্ক: ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়শন ইউএসএ'র সভাপতি সাইদা আক্তার লিলির সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক গাজী সামসউদ্দিন এর পরিচালনায় গত ১০ অক্টোবর জ্যামাইকার ষ্টার কাবাব রেষ্টুরেন্টে কার্যকরি কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় কার্যকরী কমিটি ২০২৪-২০২৫ নির্বাচনের জন্য সর্বসম্মতিক্রমে তিন সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়। কমিটির চেয়ারম্যান আব্দুল আউয়াল সিদ্দিকী, ডেপুটি চেয়ারম্যান খোরশেদ চৌধুরী এবং ডেপুটি চেয়ারম্যান ড. মোঃ আরিফ।

এসোসিয়েশনের প্রচার সম্পাদক মো: লিয়াকত আলী প্রেরীত প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, নির্বাচনের তফসিল অচিরেই ঘোষনা করা হবে। কার্যকরি পরিষদ আগামী ১৯ নভেম্বর রোববার রাত ৮ ঘটিকার মধ্যে সংগঠনের নির্দিষ্ট ফরম পূরন করে সদসপদ গ্রহন/নবায়ন করে ভোটার হবার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছে।

ছড়াড্ডা : ছড়াটে'র অগ্রযাত্রা অব্যাহত

আশরাফুল হাবিব মিহির: নতুন উদ ্যমে আরো সংগঠিত হয়ে ছড়াটে সম্পন্ন করলো জমজমাট ছড়াড্ডা। সশরীরে ও অলাইনে বিশ্বের বিভিন্ন প্রাপ্ত থেকে যুক্ত হন ছড়াকার ও শিশুশিল্পীগন। গত ২০ অক্টোবর শুক্রবার জ ্যামাইকার হিলসাইডে অনুষ্ঠিত হয় ছড়াটে'র নিয়মিত মাসিক ছড়াড্ডা। এটি ছিলো নবম ছড়াড্ডা।

আড্ডার শুরুতেই জন্মদিনের শুভেচ্ছা জানানো হয় শিশুশিল্পী মৌনামী, ছড়াকার খালেদ হোসাইন সহ এইদিনে জন্মগ্রহণকারী সকল গুণীজন ও শিশুদের। নিউইয়র্কে শিল্প-সংস্কৃতির সংগঠন বিপা'র শিক্ষার্থী শিশুশিল্পী যুনাইরা ইসলামের আবৃত্তির মধ ্য দিয়ে আড্ডা শুরু এবারের ছড়াড্ডা। যুনাইরা আবৃত্তি করে কবি রবীন্দ্রনাথ ঠাকুর ও ছড়াকার লুৎফর রহমান রিটনের ছড়া। মেরিল ্যান্ড থেকে যুক্ত হওয়া ছড়াকার ফকির সেলিম পরপর কয়েকটি ছড়া পড়ে শোনান। তিনি যেকোনো একটি ছড়াড্ডা মেরিল ্যান্ডে করার প্রস্তাব করেন। ছড়াকার মৃদুল আহমেদ বরাবরের মতো তাৎক্ষণিক ছড়া তৈরি করে সবাইকে চমৎকৃত করেন। প্রথমবারের মতো ছড়াড্ডায় যুক্ত হন ছড়াকার খালেদ সরফুদ্দীন, ছড়াকার মনজুর কাদের ও ছড়াকার শাহ ফিরোজ। তারা তাদের ছড়াপাঠের মাধ্যমে সকলকে আমোদিত করেন। এছাড়াও ছড়াপাঠ করেন ছড়াকার শাহীন ইবনে দিলওয়ার ও ছড়াকার শাম্ স চৌধুরী রুশো।

প্রখ্যাত লেখক, কলামিস্ট, ছড়াকার ও কবি অজয় দাশগুপ্ত, সুদূর অষ্ট্রেলিয়ায় থেকে অনলাইনে যুক্ত হয়ে তাঁর ছড়া পড়ে শোনান এবং ছড়াটে'র গঠনমূলক বিভিন্ন আয়োজনের ভূয়সী প্রশংসা করেন। কবি অজয় দাশগুপ্ত শিল্প-সাহিত্যে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন ্য সম্প্রতি অস্ট্রেলিয়ার সাফাল, সার্কের সাত দেশও আফগানিস্তান মোট আট দেশের এই বিশাল সংগঠনটির প্রথমবারের মতো প্রবর্তিত শিল্প, সাহিত্যের পদক ও সম্মাননা পেয়েছেন। লেখালেখির জন্য সাউথ এশিয়ান সার্ক আন্তর্জাতিক পদকে ভুষিত হওয়ায়, সঞ্চালক শামস চৌধুরী রুশো ছড়াটে'র পক্ষ থেকে তাঁকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। শুভেচ্ছা বক্তব্য রাখেন ছড়াড্ডার স্পনসর ফরএক্স একাডেমির দুই কর্ণধার কবি মিশুক সেলিম ও ইঞ্জিনিয়ার সমীরণ বড়ুয়া।

উল্লেখ্য, প্রথমবারের মতো ছড়াড্ডা উন্মুক্তভাবে অনুষ্ঠিত হলো। এর আগের আড্ডাগুলো ঘরোয়াভাবে অনুষ্ঠিত হতো। এখন থেকে ছড়াড্ডা প্রতি মাসের তৃতীয় শুক্রবার হিলসাইডের ফরএক্স একাডেমিতে অনুষ্ঠিত হবে বলে সিদ্ধান্ত হয়।







TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MBA CPA

পেনসিলভেনিয়ায় দুর্বৃত্তের গুলিতে বাংলাদেশী নিহত



নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া অঙ্গরাজ্যের আপারডাবী টাওনশীফ শহরের মোহাম্মদ মাহবুবুর রহমান নামে এক বাংলাদেশী গুলিতে নিহত হয়েছেন। ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাহি রাজিউন। টাওনশীফ শহরের ৬৯তম স্টীটের মসজিদ আল মদিনার পার্কিং লটের রোববার সন্ধ্যায় এ ঘটনা ঘটে। তার বয়স ৬৫ বছর, দেশের বাড়ি নড়াইল জেলায়। খবর ইউএনএ'র। জানা গেছে, পেনসিলভেনিয়ার বৃহত্তম সংগঠন বাংলাদেশ ট্যাক্সি সোসাইটি অব ফিলাডেলফিয়ার অন্যতম সদস্য এবং বিটিএসপি'র প্রাক্তন নির্বাচন কমিশনার মোহাম্মদ মাহবুবুর রহমান স্থানীয় কারেকশন অফিসের নিরাপত্তা কর্মী ছিলেন। বিটিএসপিতে তার রেজিঃ নাম্বার ৪২। পুলিশের ধারনা ডেলাওয়ার কাউন্টি মসজিদের কাছে কার জ্যাকিংয়ের চেষ্টার পর তাকে গুলি (বাকি অংশ ৪৪ পাতায়)



ড. আসিফ নজরুলের কলাম

আমার কিছু প্রশ্ন

২৮ অক্টোবরের ঘটনাবলী নিয়ে আমার কিছু প্রশ্ন আছে। (ক) কারা একজন পুলিশকে হত্যা করলো? স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন জনৈক ছাত্রদল নেতা তাকে মাথায় চাপাতি দিয়ে আঘাত করতে(বাকি অংশ ৩৭ পাতায়)



আন্ডার সেক্রেটারি উজরা

জেয়ার সঙ্গে সালমান রহমানের বৈঠক

ওয়াশিংটন ডিসি: প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা জনাব সালমান এফ. রহমান, এমপি, যুক্তরাষ্ট্রের বেসামরিক নিরাপত্তা, গণতন্ত্র ও মানবাধিকার বিষয়ক আন্ডার (বাকি অংশ ৩৯ পাতায়)

বাড়ী ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে (বাকি অংশ ৩৯ পাতায়)

জাতিসংঘের সামনে যুক্তরাষ্ট্র বিএনপি'র বিক্ষোভ

ঢাকায় মহাসমাবেশে হামলার প্রতিবাদ এবং তত্ত্বাবধায়ক সরকারের দাবী

বাংল পত্রিকা রিপোর্টঃ ঢাকায় বিএনপি'র মহাসমাবেশে ক্ষমতাসীন আওয়ামী লীগের নেতা-কর্মী ও পুলিশী হামলার প্রতিবাদে এবং তত্ত্বাবধায়ক সরকারের দাবীতে নিউইয়র্কে জাতিসংঘের সামনে ও জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় যুক্তরাষ্ট্র বিএনপি ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ করেছে। শনিবার (২৮ অক্টোবর) পৃথক পৃথকভাবে এই সমাবেশ অনুষ্ঠিত হয় সমাবেশ দুটিতে দলের বিপুল (বাকি অংশ ৪৪ পাতায়)

ঢাকায় বিএনপি-জামায়াতের অগ্নিসংযোগ ও নৈরাজ্যের প্রতিবাদে

যুক্তরাষ্ট্র আ. লীগের উদ্যোগে জাতিসংঘ ও জ্যাকসন হাইটসে সভা অনুষ্ঠিত

বাংলা পত্রিকা রিপোর্টঃ নিউইয়র্ক সিটির জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় সমাবেশের নামে ঢাকায় বিএনপি-জামায়াতের অগ্নিসংযোগ ও নৈরাজ্য সৃষ্টির প্রতিবাদে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নিউইয়র্কে সমাবেশ করেছে। শনিবার (২৮ অক্টোবর) সন্ধ্যায় মহা সমাবেশের নামে ঢাকায় বিএনপি-জামায়াত পুলিশ হত্যা, ষড়যন্ত্র, অগ্নিসন্ত্রাস- (বাকি অংশ ৩৩ পাতায়)

সন্দ্বীপ সোসাইটি ইউএসএ'র নির্বাচনে

ফিরোজ-আলমগীর প্যানেল জয়ী



বিশেষ প্রতিনিধি: চট্টগ্রামের সন্দ্বীপ উপজেলা প্রবাসীদের সামাজিক সংগঠন সন্দ্বীপ সোসাইটি ইউএসএ'র নির্বাচনে 'ফিরোজ-আলমগীর প্যানেল' জয়ী হয়েছে। নির্বাচনে ফিরোজ আহমেদ সভাপতি এবং মোহাম্মদ হোসেন আলমগীর সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। রোববার (২৯ অক্টোবর) ব্রুকলীনের কেনসিংটনে পিএস ওয়ান সেভেনটি নাইনে কেন্দ্রে সকাল ৯টা থেকে টানা ১১ ঘন্টা (বাকি অংশ ৪৬ পাতায়)

নিউইয়র্ক পুলিশে ১২টি ভাষায় সেবা ডেস্ক চালু

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্ক সিটিতে অপরাধ দমন ও আইনগত সেবা প্রদানকে আরো সহজ করতে ১২টি ভাষায় তথ্যসেবা চালু করেছে নিউইয়র্ক পুলিশ ডিপার্টম্যান্ট। এখন থেকে যে কেউ নির্ধারিত ডেস্কে ফোন করে তার নিজের ভাষায় পুলিশ কর্মকর্তাদের সাথে তথ্যের আদান-প্রদান করতে পারবেন। বিশেষ করে মূলধারার পাশাপাশি কমিউনিটি সাংবাদিকদের জন্য তথ্য পাওয়ার সুযোগকে আরো সহজ করার জন্য বিশেষ উদ্যোগ (বাকি অংশ ১৫ পাতায়)

নিউইর্কে মুক্তি পেলো '১৯৭১ সেই সব দিন'

বাংলা পত্রিকা ডেস্ক বাংলাদেশে সফলতার পর এবার নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রে মুক্তি পেলো মহান মুক্তিযুদ্ধের ছবি '১৯৭১ সেই সব দিন'। শুক্রবার (২৭ অক্টোবর) থেকে নিউইয়র্ক সিটির জ্যামাইকা মাল্টিপ্লেক্সে এই ছবি মুক্তি পায়। এ উপলক্ষ্যে বুধবার (২৫ অক্টোবর) সন্ধ্যায় উড়সাইডের গুলশান (বাকি অংশ ৩১ পাতায়)



ন্যায়পরায়ন শাসকের দায়িত্ব ও কর্তব্য

জাফর আহমাদ

একজন ন্যায়পরায়ন শাসকের প্রতি মহান আল্লাহ তা'আলার নির্দেশ হচ্ছে "আল্লাহ ন্যায়পরায়নতা ও সদাচরনের নির্দেশ দিচ্ছেন।" (সুরা আন নাহল:৯০) "তোমরা (বাকি অংশ ৩৬ পাতায়)

খেলার খবর

আবারও হারল ইংল্যান্ড, শীর্ষে ভারত

স্পোর্টস ডেস্ক: লক্ষ্যটা খুব বড় ছিল না। ভারতকে ২২৯ রানে বেঁধে ফেলে জয়ের আশাই করেছিল ইংল্যান্ড। কিন্তু হায় হায়! এই লক্ষ্যও তাড়া করতে পারেনি গত আসরেই (বাকি অংশ ৩৭ পাতায়)

হেলথ টিপস

শিশুর বুদ্ধি বাড়াতে

বাংলা পত্রিকা ডেস্ক: শিশুদের মস্তিষ্ক ৬ থেকে ১২ বছর বয়স পর্যন্ত বাড়তে থাকে। অপুষ্টিতে ভুগছে এমন শিশুরা পর্যাপ্ত ক্যালোরি ও (বাকি অংশ ৪৪পাতায়)

বিনোদন

চলচ্চিত্র ছেড়ে যুক্তরাষ্ট্রে বিপাশা কবির

বিনোদন ডেস্ক: চলচ্চিত্রে আইটেম গানে বেশ চাহিদা সম্পন্ন ছিলেন বিপাশা কবির। আইটেম গান মানেই বিপাশা কবিরের নাম প্রথমে চলে আসত। অসংখ্য আইটেম গানে তিনি পারফর্ম (বাকি অংশ ৪৪ পাতায়)


GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইন্টিগ্রেশন এবং রিলিয়েবিলিটির উপর জোর দেই
www.zakircpa.com info@zakircpa.com

প্রেসিডেন্ট বাইডেনের কথিত উপদেষ্টা হঠাৎ বিএনপি কার্যালয়ে!

এয়ারপোর্ট থেকে তুলে হেফাজতে নিলো ডিবি

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট জো বাইডেনের উপদেষ্টা পরিচয়ে মিয়ান আরাফি নামের এক ব্যক্তিকে সাথে নিয়ে হঠাৎ বিএনপির পল্টন কার্যালয়ে যান অবসরপ্রাপ্ত লেফটেনেন্ট জেনারেল হাসান সোহরাওয়ার্দী। পুলিশ-বিএনপির সংঘর্ষের (বাকি অংশ ৪৪ পাতায়)



জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত ৩১ পাতায়

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
হজ্বব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com